শ্রীমন্মহাকবি-শ্রীল-কবিকর্ণপুর-গোস্বামি-

প্রভুপাদ-বিরচিতা

শ্রীশ্রীমদানন্দবৃন্দাবনচম্পূঃ

[শ্রীশ্রীসুখবর্ত্তিনী-সমেতা]

Shri KESHABJI GOUDIYA MATH
Mathura (U.P.)

বঙ্গানুবাদ

[প্রথম খণ্ড]

Shri Keshabji Goudiya Math
Kans Tilla, Agra Road
Mathura-281001 U.P.

শ্রীচৈতন্যচন্দ্রোদয় নাটক-শ্রীচৈতন্যচন্দ্রামৃত-শ্রীচৈতন্যশিক্ষাষ্টক

প্রভৃতি বহুগ্রন্থের সম্পাদক-প্রণেতা

শ্রীমণীন্দ্র নাথ গুহ

প্রাক্তন অতিরিক্ত চীফ ইঞ্জিনীয়ার (পি. ডব্লু. ডি. পঃ বঃ)

কর্তৃক

বঙ্গভাষায় অনুবাদিত ও সম্পাদিত

প্রকাশিকা ঃ
শ্রীসাবিত্রী গুহ
(পুরাণ-বৈষ্ণবদর্শন তীর্থ)
শ্রীরাধারমণ মন্দির
বৃন্দাবন

গ্রন্থকার কর্তৃক সর্বস্বত্ব সংরক্ষিত

প্রাপ্তিস্থান

(১) শ্রীসাবিত্রী গুহ
১২৮ শ্রীরাধারমণ মন্দির (বৃন্দাবন)

(২) মহেশ লাইব্রেরী
২/১শ্যামাচরণ দে ষ্ট্রীট
কলেজ স্কোয়ার
কলিকাতা—১২

(৩) সংস্কৃত পুস্তক ভাণ্ডার
৩৮ বিধান সরণী
কলিকাতা—৬

মুদ্রাকর
শ্রীশ্রীহরিদাস শাস্ত্রী
শ্রীগদাধর গৌরহরি প্রেস
কালিয়দহ বৃন্দাবন

আনুকূল্য – আটত্রিশ টাকা

* শ্রীশ্রীগৌরহরি *

উৎসর্গ পত্র

পঞ্চশততম শ্রীশ্রীগৌরাবির্ভাব
মহামহোৎসবের উপচারস্বরূপে

নিবেদিত হল এ-গ্রন্থ রত্ন

মদীয় শ্রীগুরুদেব

(ওঁ বিষ্ণুপাদ)

নিত্যলীলা

প্রবিষ্ট

সিদ্ধান্তখনি

নামবিজ্ঞানাচার্য

বহু গ্রন্থ প্রণেতা

বাগ্মীপ্রবর শ্রীগৌরগতপ্রাণ

শ্রীমৎ কানুপ্রিয় গোস্বামিপ্রভুপাদের

শ্রীকরকমলে

ভক্তিভরে।

* শ্রীশ্রীগৌরহরির্জয়তি *

আশীর্বাণী

শ্রীশ্রীগৌরহরি পদারবিন্দ মকরন্দ পানোন্মত্ত মধুব্রত শ্রীল শ্রীযুক্ত কবিকর্ণপুর গোস্বামিপাদ বিরচিত শ্রীশ্রীআনন্দবৃন্দাবনচম্পূর শ্রীল বিশ্বনাথ চক্রবর্ত্তিপাদ কৃত সুখবর্তনী নামক টীকার আনুগত্যে গদ্য-পদ্যাদির মূলানুগত বঙ্গানুবাদ আজ পর্য্যন্ত কোন মহানুভব প্রকাশে সাহসী হন নাই। শ্রীগুরুকৃপা বিভাবিতান্তঃকরণ শ্রীযুক্ত মনীন্দ্র নাথ গুহ ভক্তপ্রবর কর্ত্তৃক উক্ত গ্রন্থখানির সাবীলল বঙ্গানুবাদ সুচারুরূপে সকলের বোধগম্য বঙ্গ ভাষায় অভিব্যক্ত হইয়াছেন।

ইহা গুরুকৃপা ব্যতীত কখনই সম্ভব হইতে পারে না। শ্রীচৈতন্যাব্দ প্রায় পাঁচশত বৎসরের মধ্যে এইরূপ মূল, টীকা, ও প্রাঞ্জল গৌরভাষা সম্বলিত সর্বাঙ্গ সুন্দর অতি বিলক্ষণ সুসজ্জিত সংস্করণ আদৌ প্রকাশ হয় নাই; সুতরাং স্বপ্রকাশক স্বমহিমায়-মহীয়ান্ শ্রীগ্রন্থখানি স্বাত্ম-প্রকাশে বৈষ্ণব সমাজের সুদীর্ঘ কালের অভাব মোচন করত গৌড়ীয় গ্রন্থ ভাণ্ডারে চতুর্দ্দশ শতাব্দীর এক অভিনব অবদান ঘোষণা করিয়াছেন। ইহাতে যে বৈষ্ণবগণের প্রভূত কল্যাণ সাধিত হইয়াছে তাহাতে সন্দেহের কোন অবকাশ নাই। শ্রীশ্রীমন্মহাপ্রভু ও শ্রীশ্রীরাধাগোবিন্দের শ্রীচরণকমলে সকাকু প্রার্থনা জানাইতেছি, তিনি এই প্রকার গোস্বামিগ্রন্থসমূহের কলেবর সংস্কার পূর্ব্বক রসিক ভক্তবৃন্দের আনন্দ বর্ধন করুন। আশাকরি শ্রীশ্রীগোস্বামিগণ প্রণীত এইরূপ প্রাচীন গ্রন্থ সমূহের সানুবাদ মূল, টীকা, বৈষ্ণব-জগতে বহুল প্রচার তৎকর্ত্তৃক সাধিত হউক, ইনি শ্রীশ্রীচৈতন্যচন্দ্রামৃত ও শ্রীশ্রীচন্দ্রোদয় নাটক গ্রন্থদ্বয়েরও সুললিত বঙ্গভাষায় অনুবাদ ও প্রকাশ করিয়াছেন। অলমিতি বিস্তরেণ—

শ্রীশ্রীগুরু বৈষ্ণব দাসানুদাস—

শ্রীপ্রিয়াচরণ দাস

ভাগবতভূষণ

গোবর্ধন, মথুরা

* শ্রীশ্রীগৌর বিধুর্জয়তি *

পূর্বাভাষ

শ্রীনীলাচল ধাম। রথযাত্রা উপলক্ষ্যে গৌড়ের বৈষ্ণবগণ শ্রীকৃষ্ণচৈতন্য মহাপ্রভুর সহিত মিলন সুখের মধু-স্মৃতি বুকে বহন ক'রে পরমোৎকণ্ঠাভরে তথায় সমাগত হয়েছেন। প্রভুর সহিত ভক্তবৃন্দের মিলনকালে পার্ষদ-প্রধান শ্রীল শিবানন্দসেন তাঁর তিন পুত্রকে শ্রীমন্মহাপ্রভুর শ্রীচরণ বন্দন করাচ্ছেন। তাঁর কনিষ্ঠ পুত্রটির প্রতি প্রভুর স্নেহসিক্ত করুণ-দৃষ্টি নিবদ্ধ। সহাস্য-বদনে প্রভু শিবানন্দের বদনপানে চেয়ে তার নাম জিজ্ঞাসা করলেন। শিবানন্দ বল্লেন—'প্রভু! এর নাম 'পরমানন্দদাস।' 'ও—এই সেই পুরীদাস'? বলে প্রভু হাস্‌তে হাস্‌তে স্বীয় পদাঙ্গুষ্ঠ বালকের মুখে স্পর্শ করালেন। ভাগ্যবান্ বালক পুরীদাস বাল্য-স্বভাবে প্রভুর পদাঙ্গুষ্ঠ দু'হাতে ধরে মাতৃস্তন্যের মতো চোষণ করলেন। মাধুর্য-মূরতি শ্রীমন্মহাপ্রভুর মাধুর্যামৃত তড়িৎ প্রবাহের মতো বালকের মধ্যে সঞ্চারিত হ'ল। শ্রীচৈতন্যচরিতামৃতে বিষয়টি এইভাবে বর্ণিত হয়েছে—

"পূর্বে যবে শিবানন্দ প্রভুস্থানে আইলা।
তবে মহাপ্রভু তারে কহিতে লাগিলা।।
এবার তোমার যেই হইবে কুমার।
'পুরীদাস' বলি নাম ধরিহ তাহার।।
তবে মায়ের গর্ভে হয় সেইত কুমার।।
শিবানন্দ ঘরে গেলে জন্ম হৈল তার।।
প্রভু আজ্ঞায় নাম ধরিল 'পরমানন্দদাস'।
'পুরীদাস' বলি প্রভু করে পরিহাস।।
শিবানন্দ যবে সেই বালকে মিলাইল।
মহাপ্রভু পদাঙ্গুষ্ঠ তার মুখে দিল।।"

(অন্ত্যলীলা—১২শ পরিচ্ছেদ)।

শ্রীমন্মহাপ্রভুর পদাঙ্গুষ্ঠ চোষণের ফলে প্রভুর অপার করুণারসাভিষিক্ত এই পুরীদাস সপ্তম বৎসর বয়সে বিনা অধ্যয়নে প্রভুর আদেশে শ্রীকৃষ্ণের মধুর রসময় বর্ণনাশ্লোক প্রকাশ করলেন—

"শ্রবসোঃ কুবলয়মক্ষ্ণো রঞ্জনমুরসো মহেন্দ্রমণিদাম
বৃন্দাবনরমণীনাং মণ্ডনমখিলং হরির্জয়তি!"

'যিনি ব্রজসুন্দরীগণের শ্রবণযুগলের নীলকমল, নয়নের অঞ্জন এবং বক্ষঃস্থলের ইন্দ্রনীলমণির হার প্রভৃতি নিখিল ভূষণস্বরূপ, সেই শ্রীহরির জয় হোক্।'

"সাত বৎসরের বালক নাহি অধ্যয়ন।
ঐছে শ্লোক করে লোকের চমৎকার মন।।
চৈতন্যপ্রভুর এই কৃপার মহিমা।
ব্রহ্মা-আদি দেব যার নাহি পায় সীমা।।"

(চৈঃ চঃ অন্ত্য—১৬শ পরিচ্ছেদ)।

উত্তরকালে এই বালকই কবিকর্ণপূর নামে অসাধারণ পাণ্ডিত্য-প্রতিভা অর্জন করে শ্রীশ্রীগৌর-গোবিন্দের লীলাতত্ত্বসমৃদ্ধ বহু গ্রন্থ প্রণয়ন করলেন। শ্রীল কবিকর্ণপূর একাধারে শ্রেষ্ঠ আলঙ্কারিক ও মহাকবি। তাঁর অলৌকিক ও অসাধারণ কবিত্বশক্তি শ্রীআনন্দবৃন্দাবনচম্পূ, শ্রীচৈতন্যচরিত-মহাকাব্য এবং শ্রীচৈতন্য-চন্দ্রোদয় নাটকাদি থেকে জ্ঞাত হওয়া যায়। শ্রীমন্মহাপ্রভুর করুণাতেই যে তাঁর মধ্যে এই মহীয়সী কবিত্ব-শক্তির আবির্ভাব হয়েছিল, এ কথা তিনি স্বয়ংই শ্রীচৈতন্যচন্দ্রোদয় নাটকের শেষে উল্লেখ করেছেন—"যস্যোচ্ছিষ্ট প্রসাদাদয়মজনি মম প্রৌঢ়িমা-কাব্যরূপী" অর্থাৎ 'শ্রীমন্মহাপ্রভুর উচ্ছিষ্ট প্রসাদে (পদাঙ্গুষ্ঠ চোষণে) আমার মধ্যে এই অপূর্ব কাব্য রচনার শক্তি জন্মেছে।' বিশেষত তাঁর শ্রীচৈতন্য-করুণোদিত বাগ্‌বিভূতি মধুরাদপি-মধুর ব্রজলীলা বর্ণনময় এই 'আনন্দবৃন্দাবনচম্পূ' গ্রন্থখানা একদিকে যেমন অসাধারণ অনুপ্রাস ও প্রসাদাদি কাব্যগুণ-গুম্ফিত হয়ে সংস্কৃতজ্ঞ কাব্যরসামোদী পণ্ডিতগণের চমৎকারিত্ব জন্মায়, অপরদিকে তেমনি শ্রীপাদের স্বতঃপ্রণোদিতভাবের প্রেরণায় উৎসারিত ভক্তিমন্দাকিনীর ধারা বর্ণনা-পারিপাট্যে উচ্ছলিত হয়ে গ্রন্থাস্বাদন-কারী সুধী ভক্তবৃন্দের চিত্তভূমিকে ভক্তিরসে সুরসিত করে।

শ্রীপাদ তাঁর অলঙ্কারকৌস্তুভ গ্রন্থে উত্তম কবির লক্ষণ নির্ণয়ে লিখেছেন—

"সবীজোহি কবির্জ্ঞেয়ঃ স সর্ব্বাগম কোবিদঃ।
সরস প্রতিভাশালী যদিস্যাদুত্তমস্তদা।।"

'যিনি সবীজ বা কাব্যোৎপাদক প্রাক্তন সংস্কার বিশিষ্ট অলঙ্কারাদি বহুশাস্ত্রজ্ঞ এবং সরস প্রতিভা-শালী—তিনিই উত্তমকবি।' অপ্রাকৃত ভাগবতরস পরিবেষণ-নিপুণ শ্রীপাদের সর্বাগমকোবিদত্ব, সরস প্রতিভা ও সর্বোপরি শ্রীচৈতন্যকরুণোদিত ভক্তিরসের সুদিব্য সংস্কার একত্র সম্মিলিত হ'য়ে যেন বিশ্বপাবন ত্রিবেণী ধারার মতো এই 'আনন্দবৃন্দাবনচম্পূ' রূপে বিশ্বে প্রকাশিত হয়েছেন। সুরসিক ভক্তবৃন্দ এই পাবনী ধারায় নিত্য সুখ-সন্তরণে পরানির্বৃতি লাভ করে থাকেন। ভক্তিলোভাতুর বিশ্বমানবও এই মহাতীর্থে অবগাহন করলে (শ্রীগ্রন্থের শ্রবণ কীর্ত্তন করলে) অচিরায় অন্তরের বাসনা-মালিন্য পরিহার করে ভক্তিরসের আস্বাদনে পরানন্দ লাভে যে ধন্য হবেন - এ বিষয়ে অণুমাত্রও সন্দেহ নেই।

আনন্দ বা সুখ দার্শনিক বস্তু। বিশ্বমানব নিয়ত আনন্দের অনুসন্ধানে ছুটে চলেছে। কিন্তু তারা অধিক-সংখ্যকই প্রকৃত আনন্দের লক্ষ্যহারা। এই মায়াময় বিশ্বপ্রপঞ্চে তারা শান্তিবারির আশায় বিষয় মরীচিকার পানে ধাবিত হ'য়ে সুখের বিনিময়ে প্রতিনিয়ত দুঃখ বেদনার ঘাত-প্রতিঘাতে জর্জরিত হচ্ছে। অভ্রান্ত-দৃষ্টি শাস্ত্র ও মহাজনগণ তাদের প্রকৃত আনন্দের সন্ধান দিতে গিয়ে বিষয়মুখী চিত্তবৃত্তিকে ভগবদুন্মুখ করার জন্যই উপদেশ দিয়েছেন। স্বরূপভ্রান্ত নিত্যকৃষ্ণদাস জীব সাধন ভজন দ্বারা ক্রমশ দেহ-দৈহিকাদির বন্ধন শিথিল ক'রে স্বরূপাভিমানে ভগবৎসেবা লাভ করে ধন্য হয়,—ইহাই নিখিল সাধু-শাস্ত্রের উপদেশের সারমর্ম। মাধুর্যঘন-বিগ্রহ শ্রীশ্রীরাধামাধবের পরম মাধুর্যময় লীলাধাম শ্রীবৃন্দাবন ভগবৎসেবারসাস্বাদনের শ্রেষ্ঠতম স্থান। এই বিশ্ব মায়ার কারাগার হলেও চরম সান্ত্বনার বিষয় এই যে এখানে চিন্ময় প্রেমধাম শ্রীবৃন্দাবন প্রকটিত রয়েছেন। প্রকৃতির পরপারে শ্রীবৈকুণ্ঠের শিরোপরি-স্থিত চিন্ময়ধাম আনন্দবৃন্দাবন প্রপঞ্চতীরে অবতীর্ণ হ'য়ে বিশ্বজীবের প্রতি অশেষ করুণারাশি প্রকাশ করেছেন। চিন্ময়ধাম মৃন্ময় বিশ্বে এসে এর সংস্পর্শে কিছুমাত্রও মায়ামলিন না হ'য়ে বরং মায়াতীত লোক অপেক্ষাও অধিকতর সুশোভিতই হয়েছেন, শ্রীল বিশ্বনাথ চক্রবর্ত্তিপাদ শ্রীমদ্ভাগবতের 'প্রপঞ্চং নিষ্প্রপঞ্চোঽপি' ইত্যাদি ব্রহ্মস্তুতির ব্যাখ্যায় লিখেছেন—প্রদীপ যেমন প্রকাশ্য দিবালোক অপেক্ষা অন্ধকার রাত্রেই অধিকতর সুশোভিত হয়, হীরকরত্ন যেমন শ্বেত-পাত্র অপেক্ষা নীল পীতাদি রংএর কাচের পাত্রে অধিকতর শোভা পায়, তেমনি শ্রীবৈকুণ্ঠের শিরোপরিস্থিত শ্রীধাম এই মায়াময় বিশ্বপ্রপঞ্চে অবতীর্ণ হ'য়ে সমধিক চমৎকৃতিপ্রদই হয়েছেন। শ্রীবৃন্দাবনবাসিগণ শ্রীকৃষ্ণ-সেবা সুখের প্রয়াসী, তাঁরা সতত সেবারসানন্দে মগ্ন। সংসার-বিষজ্বালায় দগ্ধ মানব-চিত্তও ব্রজাভিমুখী হলে ক্রমশ ব্রজরসের অমৃতসিঞ্চনে পরম সুশীতল হয়ে শ্রীগোবিন্দের প্রেমসেবানন্দলাভে চিরকৃতার্থ হয়ে থাকে—এই পরমতত্ত্বের ইঙ্গিত দিতে গিয়েই বোধ হয় শ্রীপাদ তাঁর এই ব্রজরসবর্ণনময় শ্রীগ্রন্থের নাম রেখেছেন—'আনন্দবৃন্দাবনচম্পূ'। সুতরাং ইহা শ্রীগ্রন্থের অন্বর্থ বা সার্থকসংজ্ঞা। শ্রীল বিশ্বনাথ চক্রবর্তিপাদও লিখেছেন, এই চম্পূ অর্থাৎ গদ্য-পদ্যময়ী চিত্রকাব্য আনন্দসমূহকে পালন করেন বা ইহাতে আনন্দস্বরূপ শ্রীবৃন্দাবন সম্বন্ধীয় চরিত্র বর্ণিত হয়েছে বলেই গ্রন্থের নাম রাখা হয়েছে—'আনন্দবৃন্দাবনচম্পূ'।(১।১৫—সুখবর্ত্তনী ব্যাখ্যা)।

শ্রুতি শ্রীভগবৎ-স্বরূপের পরিচয় দিতে গিয়ে বলেছেন—'রসো বৈ সঃ' "আনন্দং ব্রহ্ম", অর্থাৎ পরমতত্ত্বস্বরূপ শ্রীভগবান্ রসস্বরূপ বা আনন্দস্বরূপ। আবার রসপিপাসু জীবগণকে এই রসাস্বাদনে প্রোৎ-সাহিত করতে গিয়ে বলেছেন—"রসং হ্যেবায়ং লব্ধানন্দী ভবতি," অর্থাৎ এই রসস্বরূপ শ্রীভগবানকে আস্বাদন করেই আনন্দকামী জীব প্রকৃত আনন্দাস্বাদনে সমর্থ হয়। কিন্তু সেই চিদ্ঘনমূর্তি শ্রীভগবানকে আস্বাদন করার প্রণালী কি, মায়াবদ্ধ জীবের নিকট সেই তুরীয় পরব্রহ্মের রসরূপতার অভিব্যক্তিই বা কিরূপ হইতে পারে—এইরূপ প্রশ্ন স্বতঃই জেগে উঠে। এই ধরণের প্রশ্নের উত্তরে শাস্ত্র মহাজন বলেছেন—পরব্রহ্ম শ্রীভগবান্ তুরীয় তত্ত্ব হলেও তাঁর নাম, রূপ, গুণ ও লীলারূপেই তাঁর রসরূপতার অভিব্যক্তি হয়ে থাকে। বিশেষত লীলাবিজৃম্ভিত

নামরসের অনুভব ব্যতীত ভগবৎস্বরূপের কোন ধারনাই সম্ভবপর হয় না। কেননা, তিনি লীলাময় বলেই তিনি রসময়। যেহেতু লীলাই রসের প্রাণ। লীলা স্বভাবতঃই মধুময়ী—অশেষ আস্বাদন চমৎকারিতায় পূর্ণ।

এই লীলা বিজৃম্ভিত নামরসের মুখ্যরূপে বর্ণনার অভাবেই ভগবান্ বেদব্যাস বেদবিভাগ, ব্রহ্মসূত্রাদি প্রণয়ন করেও চিত্তে শান্তিলাভ করতে পারেন নি। পরে শ্রীনারদের উপদেশে সমাহিত চিত্তে শ্রীগোবিন্দের রসরূপতার সম্যক্ অনুভব প্রাপ্ত হয়ে শ্রীকৃষ্ণনামলীলাবর্ণন-প্রধান অখিল বেদান্তসার শ্রীমদ্ভাগবত প্রণয়ন করেই চিত্তে পরা-শান্তি লাভ করেছিলেন—এ কথা শ্রীমদ্ভাগবতেই বর্ণিত রয়েছে। শ্রীমদ্ভাগবত শ্রীভগবানের বাঙ্ময় মূর্ত্তি। অনন্ত-মধুর শ্রীকৃষ্ণলীলাবর্ণনময় দশমস্কন্ধটি তাঁর ফুল্ল-মুখারবিন্দ। শ্রীকৃষ্ণ স্বয়ং ভগবান্ এবং অখিলরসামৃত-মূর্ত্তি বলে শ্রীকৃষ্ণলীলার মধুরতা সর্বাধিক। বিশেষতঃ তাঁর পরম মাধুর্যময়ী ব্রজলীলার তুলনা নেই। শ্রীভগবানের ঐশ্বর্যভাবের লীলায় লীলার মাধুর্যটি ভালভাবে ফুটে উঠে না, সম্ভ্রম সঙ্কোচ উদিত হয়ে আস্বাদনে বাধা ঘটায়। শ্রীকৃষ্ণের পরম মাধুর্যময়ী ব্রজলীলার নিষেবনে চিত্ত সম্ভ্রম সঙ্কোচমুক্ত হয়ে লীলারসের অকুণ্ঠ আস্বাদন লাভে ধন্য হয়। শ্রীকৃষ্ণ শ্রীবৃন্দাবনেই সর্বাদ্ভুত-চমৎকার-লীলা-কল্লোলবারিধি। সুতরাং নিগম কল্পতরু-গলিত-রসময় ফল শ্রীমদ্ভাগবতের বৃন্দাবনলীলাটিই পরম সুরসাল। এই অংশই শ্রীপাদের আনন্দ-বৃন্দাবনচম্পূ গ্রন্থের বর্ণনার বিষয় বস্তু।

একেত পরম মাধুর্যময় ও প্রেমরসময় ব্রজলীলা,তদুপরি মাধুর্যলীলা বর্ণনায় সিদ্ধহস্ত শ্রীপাদের বর্ণনা-ভঙ্গীতে মাধুর্যের প্লাবন জেগেছে—গ্রন্থখানা যেন ভাদরের নদীর মতো সুরসাল লীলারসে কানায় কানায় ভরা। উচ্ছলিত তটিনী যেমন তরঙ্গের পর তরঙ্গ তুল্‌তে তুল্‌তে খরতরনাদে সিন্ধুর দিকে ছুটে যায়, শ্রীপাদের কাব্য তটিনীতে তেমনি বিচিত্র অনুপ্রাসের তরঙ্গাবলি ধ্বনি হ'তে ধ্বন্যন্তর সৃষ্টি করে বিচিত্র রসের প্রকাশ করতে করতে অসীমের দিকে প্রবাহিত !

রসাবেশ, সৌন্দর্য, মাধুর্য এবং প্রসাদাদি গুণ কাব্যরচনার শক্তিবিশেষ। মহাকবিগণের বাণী দিব্য আনন্দরস স্বয়ংই নিঃস্যন্দিত করে অলৌকিক স্ফূর্তিশীল প্রতিভা বিশেষ প্রকাশ করে থাকে। অলঙ্কার-শাস্ত্রে প্রতিভার সংজ্ঞা এইরূপ দেওয়া হয়েছে—

"প্রজ্ঞা নবনবোন্মেষশালিনী প্রতিভা মতা।
তদনুপ্রাণনাৎ জীবেৎ বর্ণনা নিপুণঃ কবিঃ ॥"

কাব্যরচনায় যে নব নব প্রজ্ঞা বা বুদ্ধি, তাকেই প্রতিভা বলা হয়। উহা দ্বারা অনুপ্রাণিত হয়েই বর্ণনা-নিপুণ কবি জীবিত থাকেন, অর্থাৎ ঐ প্রতিভা ভিন্ন শ্রেষ্ঠ কাব্যরচনা সর্ব্বথা অসম্ভব। সাধারণ আলঙ্কা-রিকগণের মতে শ্রেষ্ঠ কবিগণের কাব্যপ্রতিভা একটি অলৌকিক বস্তু, এর থেকেই কাব্যাদিতে রসের সঞ্চার হয়ে থাকে। অপ্রাকৃত ভক্তিরসশাস্ত্রকারগণ কিন্তু প্রাকৃত কাব্যের লক্ষিতব্য রসকে প্রাকৃত মনোবৃত্তি বিশেষ,

মায়িক বা গুণময় বলেই মনে করেন। সুতরাং আলঙ্কারিকগণের মতে কাব্যরস 'ব্রহ্মাস্বাদ-সহোদর' বলে কথিত হ'লেও ভক্তগণের মতে উহা ভগবদ্‌ভক্তি থেকে উত্থিত আনন্দসিন্ধুর এককণার আভাস মাত্রই। এ বিষয়ে ধ্বন্যালোকে শ্রীপাদ আনন্দবর্ধনাচার্যের একটি অতি সুন্দর উক্তি দৃষ্ট হয়—

"যা ব্যাপারবতী রসান্ রসয়িতুং কাচিৎ কবীনাং নবা
দৃষ্টির্যা পরিনিষ্ঠিতার্থ বিষয়োন্মেষা চ বৈপশ্চিতী।
তে দ্বে অপ্যবলম্ব্য বিশ্বমনিশং নির্ব্বর্ণয়ন্তো বয়ম্
শ্রান্তা, নৈব চ লব্ধমব্ধিশয়ন ত্বদ্ভক্তিতুল্যং সুখম্ ।।"

'কবিগণের যে প্রতিভা-দৃষ্টি বিভাবাদি দ্বারা স্থায়ীভাব সমূহকে ক্ষণে ক্ষণে নব নব বৈচিত্রীযুক্ত করে রসতা প্রাপ্ত করাতে সক্ষম, আর পণ্ডিতগণের যে পাণ্ডিত্যদৃষ্টি তত্ত্বনিশ্চয়ে প্রবল, আমরা এই দু'প্রকার দৃষ্টি দ্বারা বিশ্বকে নিঃশেষে বর্ণন করে পরিশ্রান্ত হয়েছি, কিন্তু হে সাগর-শায়িন্! তোমার ভক্তিসুখের তুল্য সুখ কুত্রাপি প্রাপ্ত হই নি।' 'সাগর শায়িন্' সম্বোধনের তাৎপর্য এই যে, যিনি পরিশ্রান্ত, শয়নসুখাস্বাদন-কারীর প্রতি তাঁর বহু মানদান যুক্তিযুক্ত। 'হে ভগবন্! তোমার একবিন্দু ভক্তিরসের আস্বাদন দান করে ভক্তিহীন বৃথা আনন্দাস্বাদন-প্রয়াসশ্রান্তি দূর কর'—ইহাই ব্যঞ্জিতার্থ। ভাগবতরস-বর্ণন-নিপুণ মহাকবিগণের মতে কেবল কাব্য-প্রতিভাই রসাস্বাদনের হেতু নয়, কিন্তু অশেষ চমৎকারিত্বপূর্ণ ভাগবতী রতিই রসাস্বাদনের মুখ্য হেতু। এ বিষয়ে শ্রীমৎ রূপ গোস্বামিপাদ লিখেছেন—

"এতেষাস্তু তথাভাবে ভগবৎকাব্যনাট্যয়োঃ।
সেবামাহুঃ পরং হেতুং কেচিত্তৎপক্ষরাগিণঃ।।
কিন্তু তত্র সুদুস্তর্কমাধুর্যাদ্ভুতসম্পদঃ।
রতেরস্যাঃ প্রভাবোঽয়ং ভবেৎ কারণমুত্তমম্।।"

(ভঃ রঃ সিঃ—২।৫।৯০-৯১)।

অর্থাৎ 'কাব্যনাট্য পক্ষপাতী পণ্ডিতগণ ভাবের বিভাবনাদি বিষয়ে ভগবৎ কাব্যনাট্যের সেবাকেই হেতু বলে নির্দ্দেশ করেন, কিন্তু সুদুস্তর্ক-মাধুর্যরূপ-অদ্ভুত সম্পত্তিশালিনী ভাগবতী রতির প্রভাবই এবিষয়ে উত্তম কারণ।' শ্রীপাদ কর্ণপূরের অন্তর্নিহিত ভক্তিরসমাধুরী তাঁর অপ্রাকৃত কাব্য-প্রতিভায় সুব্যক্ত হয়ে তাঁর এই অলৌকিক মাধুর্যময় ব্রজরসের বর্ণনা যে সুরসিক ভক্তগণের হৃদয়ক্ষেত্রকে ভক্তিরসে আপ্লাবিত করবে—এতে আর কিছুমাত্র সন্দেহ নেই। শ্রীমদ্ভাগবতে বর্ণিত ব্রজলীলার রসমাধুরী শ্রীপাদের স্বচ্ছন্দ-ভাব ও সাবলীল ভাষায় বর্ণিত হয়ে সৎ-সামাজিকের কি অপূর্ব আস্বাদ্য হয়েছে,—ইহা স্বানুভববেদ্য; প্রকাশের ভাষা নেই। শ্রীমদ্‌ভাগবতে বর্ণিত রাসরসের বৈচিত্রীরূপে শ্রীপাদ সুদিব্য নায়ক-নায়িকা শ্রীশ্রীরাধামাধবের বসন্তোৎসব, হোরীলীলা, হিন্দোলালীলাদি অপূর্ব পরিপাটীর সহিত বর্ণনা করেছেন। শ্রীগ্রন্থের মহত্ব এতই

বিশাল এবং বিপুল যে, এর মহিমা প্রকাশ করতে যাওয়া স্বপ্রকাশ সূর্যকে প্রদীপ দিয়ে প্রকাশ করার মতোই হাস্যাস্পদ চেষ্টা ব্যতীত কিছুই নয়। ভক্তসামাজিক শ্রীগ্রন্থের আস্বাদনে একথার সত্যতা উপলব্ধি করবেন।

এই সুবিশাল সংস্কৃত কাব্যগ্রন্থের বঙ্গানুবাদ সামান্য কিছু এখানে ওখানে প্রকাশিত দেখা যায় কিন্তু সম্পূর্ণ বঙ্গানুবাদ এ পর্যন্ত প্রকাশিত হয়নি। এই অভাব সমগ্র বাঙ্গালী জাতির, বিশেষ করে সংস্কৃতানভিজ্ঞ ভক্তগণের পক্ষে যে প্রভূত-গুরুত্বপূর্ণ, একথা গ্রন্থের রসাস্বাদনকারী ব্যক্তিমাত্রেই একবাক্যে স্বীকার করবেন। শ্রীশ্রীগৌরগোবিন্দের অপার করুণায় ব্রজবাসনিষ্ঠ, পরমভাগবত ও বহু ভক্তিগ্রন্থের সুলেখক শ্রীযুক্ত মণীন্দ্রনাথ গুহ মহাশয় এবিষয়ে প্রেরণা প্রাপ্ত হয়ে এই দুরূহকার্যে হস্তক্ষেপ করে সুমহৎ সেবাব্রতে আত্মনিয়োগ করেছেন। তাঁর এই মহৎচেষ্টা শুধু প্রশংসনীয়ই নয়, বিস্ময়াবহও বটে; কারণ বিপুল ধৈর্য্য ও অটুট অধ্যবসায় ব্যতীত এত সুবৃহৎ রহস্যময় সংস্কৃত কাব্যের অনুবাদ করা সম্ভবপর নয়। তাঁর অন্যতম বৈশিষ্ট্য এইযে, তিনি পরম নামনিষ্ঠ ভাগবত। শ্রীনামের অনুকম্পায় তিনি এই সেবাব্রতে আশাতীতভাবে জয়লাভ করেছেন। তাঁর অনুবাদের ভাষা প্রাঞ্জল এবং সুললিত,তাঁর অনুবাদ ভাবমাধুর্যে সর্বোপরি তাঁর ভক্তিভাবিত হৃদয়ের আবেগোচ্ছ্বাসে ভরপুর। শ্রীপাদ বিশ্বনাথ চক্রবর্ত্তী মহাশয়ের 'সুখবর্ত্তিনী' টীকার যথাস্থানে সন্নিবেশ করে তিনি পণ্ডিতগণেরও গ্রন্থাস্বাদনে পরমোপকার সাধন করেছেন। শ্রীশ্রীকুণ্ডেশ্বরীর শ্রীচরণে প্রার্থনা করি—অনুবাদক দীর্ঘজীবন ও অটুট স্বাস্থ্য লাভ করে এইভাবে শ্রীশ্রীগোস্বামিপাদগণের বাণীর মাধুর্য্য সাধারণের নিকট সুলভ করে দিয়ে তাঁর অজস্র করুণালাভে ধন্য হোন্। সুধীজন অনুবাদের রসমাধুরী আস্বাদন করলেই তাঁর এই সুবিপুল পরিশ্রম সার্থক হবে।—ইত্যলম্।

রাধাকুণ্ড (বৃন্দাবন)
২১শে পৌষ
১৩৮৮

শ্রীশ্রীরাধাকুণ্ডাশ্রয়ী
দীন—অনন্তদাস

* শ্রীগৌরহরি *

সম্পাদকীয়

নিবেদন

সূচনা ঃ একদিন শ্রীবৃন্দাবনে যমুনার কূলে ১০৮ শ্রী বাবা কিশোরী-কিশোরানন্দ মহারাজের ইষ্টগোষ্ঠী সভাতে বাবার কৃপাসঞ্চারে উদ্বুদ্ধ এই সম্পাদকের মুখে শ্রীআনন্দবৃন্দাবনচম্পূ পাঠ হচ্ছে—

সা পুনরুচে,—তাড়নে যদি তবাতিশয়া ভী-,স্ত্যং কিমদ্য দধিভাণ্ডমভাঙ্ক্ষীঃ।
গোপাল—মাতরেবমপরং ন করিষ্যে, পাতয় স্বকরতো বত যষ্টিম্ ॥ ৬।৫

অর্থাৎ—যশোমা বলছেন—আরে দুষ্টু ছেলে তাড়নে যদি তোমার এত ভয়, তবে আজ দধিভাণ্ড ভাঙ্গতে গেলে কেন ?

গোপাল—মা আর করব না। হাত থেকে এ-যষ্টি ফেলে দাও-না বলছি।

শুনতে শুনতে বাবার ভাবোদয় হল। চোখে জল। অঙ্গে শিহরণ। রসগ্রাহী জনের এমনই হয়। পাণ্ডবজননী কুন্তিদেবীর মোহ শ্রীমদ্ভাগবতে দেখা যায়—'সা মাং বিমোহয়তি ভীরপি যদ্বিভেতি'—ভাঃ—১।৮।৩১। অর্থাৎ কুন্তিদেবী বলছেন, 'স্বয়ং ভয়ও যাঁর ভয়ে ভীত সেই অনন্তকোটি ব্রহ্মাণ্ডের অধীশ্বরের অহো, মায়ের ভয়ে এই ভীতি! কাজল-ধোয়া অশ্রুলিপ্ত এ মুখটি আমাকে মোহিত করে ফেলছে।'—রাত পোহাতেই সকলের অজ্ঞাতসারে বাবা চলে গেলেন সেই দামবন্ধন-স্থলী গোকুলে। পাঠ বন্ধ হল। পাঠ বন্ধ হলেও বাবার চোখের জল যে রসের ইঙ্গিত দিয়ে গেল তা আমার মনো-খাদে প্রবাহিত হয়ে লেখনী মুখে আজও ঝরে পড়ছে।

অতীন্দ্রিয় রসজগতের সঙ্গে মায়াবদ্ধ জীবের সংযোগসূত্র একমাত্র শ্রীভগবৎকরুণা—সেই করুণা-দেবীর বাহন শ্রীগুরুবৈষ্ণবগণের আশীর্বাদ সম্বল করে দুরূহ কার্য শ্রীআনন্দবৃন্দাবনচম্পূর অনুবাদে ব্রতী হয়েছিলাম ছ-বৎসর পূর্বে। আজও কাজ চলছে।

গ্রন্থ পরিচয় ঃ এই মহাগ্রন্থ ২২টি স্তবকে বিভক্ত। মঙ্গলাচরণ ও চিৎভূমি শ্রীবৃন্দাবনের শোভা সমৃদ্ধি বর্ণনের পর শ্রীমদ্ভাগবতের দশমস্কন্ধ অবলম্বনে নন্দোৎসব থেকে আরম্ভ করে রাসলীলা পর্যন্ত সমগ্র লীলা—অধিকন্তু হোরিকা, ঝুলন, বৃষভানুরাজগৃহে নন্দাদির নিমন্ত্রণ-লীলাদি বিস্তারিত হয়েছে যমকানুপ্রাসাদিতে

মণ্ডিত হয়ে চিত্তচমৎকারীভাবে, শ্রীমন্মহাপ্রভুর মানসপুত্র মহাকবি কর্ণপূরের কলমে। মাধুর্যলীলার পরিবেষণে কবি সিদ্ধ হস্ত। ধ্বনির ধ্বন্যন্তর-উদ্গারে ও গুম্ফন কৌশলে যে অপূর্ব রমণীয়তা সৃজন হয়েছে এই মহাগ্রন্থে তা সৎকাব্যামোদি জনমাত্রেরই পরম আস্বাদ্য।

এই গ্রন্থের আক্ষরিক অনুবাদ এক দুরূহ ব্যাপার। শব্দ ব্যবহারে পরম কুশলী কবি স্বচ্ছন্দে বিহার করে চলেছেন অনন্ত শব্দ সমুদ্রে— যমকে-অনুপ্রাসে-অলঙ্কারে-সন্ধি-সমাসে এক জমজমাট ব্যাপার— যেন কঠিন প্রস্তরের এক একটি বিশাল চাপ, যার অন্তর্দেশে প্রবাহিত অমৃতনিন্দি অফুরন্ত রসধারা। লেখনীর গুণে গদ্য-গুলিও হয়ে উঠেছে ছন্দময়—যেন ভাবের হাওয়ায় দোল খেয়ে তরঙ্গায়িত হয়ে চলেছে। পদ্য, সে তো মধুমতী নববধূ অমৃত সমান— কঠিন হতেই জানে না। প্রতিটিই এক একটি কাব্য।

ভাষার বন্ধন কঠিন। এই কঠিন বন্ধন খুলবার চাবিকাঠি সার্থক নামা 'সুখবর্তনী' টীকা হাতে রস-লোক থেকে এলেন রসিককুল-মুকুটমণি শ্রীল বিশ্বনাথ চক্রবর্তিপাদ, যা আমাদের মতো অর্বাচীনের জন্য খুলে দিয়েছে এই রত্নভাণ্ডারের দ্বার। এই টীকার সম্পূর্ণ অনুসরণেই প্রস্তুত সংস্করণে বঙ্গানুবাদ করা হয়েছে সর্বত্র, যথা—'লীলায়তনৈরপি অলীলা-যতনৈঃ শাখিভিরাকীর্ণম্' এ-বাক্যটিকে টীকায় এই ভাবে বিভক্ত করে অর্থ করা হয়েছে—লীলা + আয়তনৈরপি + অলি + ইলা + অযতনৈঃ + শাখিভিরাকীর্ণম্'। এতে অর্থ এলো, শ্রীবৃন্দা-বনের এই বৃক্ষ শ্রীকৃষ্ণের লীলাস্থলী হয়েও যত্নাভাবেও সুলভ ভ্রমর-গুঞ্জনে মুখরিত। (বিরোধাভাস অলঙ্কার)। সর্বত্রই এই একই রীতি।

পুনরায় এই গ্রন্থের রস আস্বাদনের পক্ষে কঠিন বাধা যা, তা হলো ভাবের দুরধিগম্যতা। আমাদের জড়ীয় ইন্দ্রিয়ের দ্বারা স্বজাতীয় সূক্ষ্ম জড়ই ধরা যায় না, আর বিজাতীয় চিৎবস্তু যে ধরা যাবে না তা তো বলাই বাহুল্য। যদিও জড়বিদ্যার পণ্ডিতগণের কখনও চিৎজগতের ব্যাপারে অনধিকার চর্চা করতে গিয়ে ফাঁপরে পড়তে দেখা যায়। চিৎজগতের রসগ্রাহী জনের পক্ষে যা হয়ে পড়ে হাস্যাস্পদ। এই দুরধিগম্যতা লক্ষ্য করে মহাকবি এই গ্রন্থের উপক্রমণিকায় বলেছেন—'গতে স্বস্বাভীষ্টং পদমহহ চৈতন্যভগবৎ-, পরীবারে পশ্চাদ্গতবতী চ যস্মিন্নিজপদম্। বিলুপ্তা বৈদগ্ধী-প্রণয়রসরীতির্বিগলিতা; নিরালম্বো জাতঃ সুকবি-কবিতায়াঃ পরিমলঃ ।।' অর্থাৎ প্রস্তুত কাব্যে যা বর্ণিত হবে সেই রস ও প্রেম সমগ্রভাবে আস্বাদনের লোক না দেখে কবি দুঃখ করে বলছেন—

শ্রীচৈতন্যভগবানের পরিকরগণ নিজ নিজ অভীষ্টস্থানে চলে গেলে এবং তিনি নিজেও প্রপঞ্চা-গোচর নিজধামে চলে গেলে রসগ্রাহী শ্রোতার অভাব বশতঃ কাব্যবৈদগ্ধী বিলুপ্ত হয়ে গিয়েছে, প্রণয়রসরীতি বিগলিত হয়ে গিয়েছে, সুকবির কবিতা-পরিমল নিরাশ্রয় হয়ে গিয়েছে।

ব্রজপ্রণয়রসরীতি ঃ

রসলোক-দর্শনের বীক্ষণযন্ত্র নানাবিধ আছে—যন্ত্র যত উন্নতমানের হয় দর্শনও তত সুন্দর ও স্বচ্ছ

হয়। শ্রীগৌরহরি এই জগতে আসবার পূর্বে এই জগতে সবচেয়ে উত্তম যে যন্ত্রটীর কথা জানা ছিল তা হলো 'শুদ্ধা বৈধীভক্তি যন্ত্র'(বিদ্যাপতি, জয়দেবাদি গৌরপরিকরই—গৌর আগমনোৎসবের প্রাক্‌কর্ম সমাধানে তাঁদের পূর্বে আগমন।) যাতে ধরা পড়ে শ্রীভগবানের ঐশ্বর্য-মূর্তি—বৈকুণ্ঠেশ্বর নারায়ণাদি। এ যেন মহারাজ-চক্রবর্তী মন্ত্রী-সেনাপতি সব সভাসদ পরিবেষ্টিত হয়ে রাজসভায় মহা জাকজমকের সহিত সিংহাসনে সমাসীন। এখানে দূর থেকে 'ত্রাহি ত্রাহি মধুসূদন' বলে স্তব করা চলে কিন্তু কাছে গিয়ে বুকে জড়িয়ে ধরা যায় না। শ্রীগৌরহরি এই জগতে নিয়ে এলেন সর্বোন্নতমানের একটি 'বীক্ষণযন্ত্র'—'উন্নতোজ্জ্বলরসগর্ভা প্রেমভক্তি,' যার স্থিতি একমাত্র ব্রজে–'অনর্পিত চরীং চিরাৎ করুণয়াবতীর্ণঃ কলৌ সমর্পয়িতুমুন্নতোজ্জ্বলরসাং স্বভক্তিশ্রিয়ম্'। এই বীক্ষণযন্ত্রে গোবিন্দকে ব্রজে দেখা গেলো এক অভিনব মধুর মুগ্ধ রূপে—মা যশোদার কোলের ছেলে, শ্রীদাম সুদাম সখাগণের প্রাণের কানাই, গোপসুন্দরীগণের গোপন প্রেমের বুক জোরা ধন।

ছ'দিনের ছোট্ট একটি শিশু যাশোমার কোলে শুয়ে হাত পা নাড়ছে—কংস প্রেরিত বালঘাতিনী ভয়ঙ্করী পুতনা রাক্ষসী অতি অদ্ভুত সুন্দরী মাতৃবেশে স্তনে বিষ মাখিয়ে নিকটে এসে দাঁড়াতেই প্রাকৃত শিশুর মতো মায়ের বুকে মুখ লুকিয়ে চোখ পিট্ পিট্ করতে লাগল, কত-না মুগ্ধতা। রাক্ষসী কোলে তুলে নিতেই মাতৃস্তন চুষণচ্ছলেই মহা বলশালী রাক্ষসীর বধ হয়ে গেল অনায়াসে। নবশিশু ভাবের কিছুমাত্র উল্লঙ্ঘন হল না। মহৈশ্বর্যের প্রকাশ হল, অথচ সেখানে উপস্থিত কারুর মনকে স্পর্শ করল না। বাৎসল্য-রসসমুদ্রে মগ্ন মা যশোদা রসাস্বাদনে মুগ্ধ হয়ে ভাবলেন—নারায়ণই এ যাত্রা রক্ষা করলেন। শ্রীদামসুদামাদি বালকদের কখনও 'কাঁধে চড়ে, কখনও চড়ায়। একবিন্দু সম্ভ্রম নেই কোথাও। আবার কখনও শ্রীরাধার গৃহ-কোণে সারা রাত্রি জাগরণ। দ্বারোদঘাটনে বলয়-ঝঙ্কারে হৃদয়ে মধুর গুঞ্জন, আবার তখনই জড়তীর কে-ও কে-ও ধ্বনিতে শঙ্কা-নিরাশার বেদন।

শ্রীব্রহ্মা শিবাদিরও অভিবন্দিত, আত্মারাম, আপ্তকাম সর্বজ্ঞ ভগবানের এই যে মুগ্ধতা এ বুঝবার শক্তি ভক্তগণেরও হতো না যদি-না শ্রীগৌরহরি এসে জগতের জীবকে বোঝাতেন। শ্রীভগবানের স্বরূপ হল ঐশ্বর্য-মাধুর্যপূর্ণ তত্ত্ববিশেষ। ঐশ্বর্য-মাধুর্যের পূর্ণ বিকাশ একমাত্র এই ব্রজের কৃষ্ণেই দেখা যায়। কিন্তু দেখা গেলেও ঐশ্বর্য এখানে থাকে ঢাকা, সম্পূর্ণ ভাবে। মাধুর্যের অন্তরালে থেকে মাধুর্যকে বাড়িয়ে তোলাই হল এর কাজ। মাধুর্যই হল ভগবত্তাসার। কাজেই পূর্ণ মাধুর্যময় শ্রীভগবানের আস্বাদন হল জীবের পক্ষে পূর্ণ প্রাপ্তি, যার উপর আর কিছু নেই। তা এ-ব্রজেই পাওয়া যায়।

স্বকীয়া পরকীয়া ভাবঃ

এখানে আর একটি বিশেষ কথা হল ব্রজের মধুররসরীতি—যা সমস্ত রসের মধ্যমণি। ব্রজজন মাত্রেরই চিত্ত স্বাভাবিক ভাবেই কৃষ্ণসুখ-তাৎপর্যময়ী সেবার বাসনায় ভরপুর। তাঁরা যা কিছু করেন সব এই সেবা বাসনায় উবুদ্ধ হয়েই করেন। ব্রজসুন্দরীদের মধ্যেও এই ব্রজজনসাধারণ ভাবেই এই একই সেবা-

ভাব প্রবাহমানা। তবে এদের ভাবের কিছু বিশেষত্ব আছে, তা হল এই ভাবের গতির উদ্দামতা। এই উদ্দাম গতিকে আবার উচ্ছলিত করে তোলা হয়েছে যোগমায়ার এক কৌশলে—ভাবের রাজ্যে এক অঘটন ঘটনায়। ব্রজের গোপীগণ শ্রীকৃষ্ণের স্বকীয়া নিত্যকান্তা নিত্যপ্রেয়সী। এই নিত্যপ্রেয়সীত্ব ভিতের উপরে যোগমায়ার কৌশলে রচিত হল পরকীয়াত্ব ভাবের কারুকার্যময় বিশাল এক অট্টালিকা। প্রচ্ছন্ন কামুকতা-বামতা-দুর্লভতা—'কভু মিলে কভু না-মিলে দৈবের ঘটন' এই নানা বাধা ভাবকে ফাঁপিয়ে ফুলিয়ে আকাশ-চুম্বি করে তুললো। তাই দেখা যায় আমাদের আচার্য শ্রীজীবপাদ পরকীয়ারূপ বিশাল আকাশচুম্বি অট্টালিকার সুদৃঢ় ভিত গেঁথে উঠালেন সুদৃঢ় বন্ধনে, যদিও তাঁর লক্ষ্য সর্বসময়েই ঐ আকাশচুম্বি অট্টালিকাটির দিকেই। তাই তাঁর লেখার মধ্যে মাঝে মাঝে ইঙ্গিত পাওয়া যায় ঐ পরকীয়াবাদ সমর্থক কথারই—তবে সে ইঙ্গিত শুধু রসিকভক্তগণ-বেদ্য। আর এই ভিতের উপর পরবর্তী কালের আচার্য শ্রীল বিশ্বনাথ চক্রবর্তিপাদ নির্মাণ করলেন পরকীয়াবাদ রূপ অট্টালিকা, তা-ও অতি সুদৃঢ় বন্ধনেই।

ব্রজের এই পরকীয়ারস—কামগন্ধ হীন, বিশুদ্ধ, নির্মল, ত্রিভুবন-পাবন। 'কামগন্ধ হীন স্বাভাবিক গোপীপ্রেম নির্মল উজ্জ্বল শুদ্ধ যেন দগ্ধ হেম॥'—(চৈঃ চঃ আঃ ৪।২১০)। তাই ব্রজের এই পরকীয়া রসের আলোচনা করতে দেখা যায় মুক্তকুলশিরোমণি শ্রীব্যাসদেবের তপস্যালব্ধ পুত্র শ্রীল শুকমুনিকে ৬৪ সহস্র কর্মী জ্ঞানী-ভক্তের সমাজে পরীক্ষিত মহারাজের সম্মুখে—আর মহারাজ গঙ্গাতটে প্রায়োপবেশনে জীবনের শেষ মুহূর্তে এ-লীলা শ্রবণে তন্ময়। কৌরবকুল বৃদ্ধপিতামহ নৈষ্ঠিক ব্রহ্মচারী ভীষ্ম কুরুক্ষেত্র রণাঙ্গনে মহাপ্রয়াণের পথে শরশয্যায় শায়িত অবস্থায় এই ব্রজগোপীদের প্রশংসায় পঞ্চমুখ—'ললিতগতিবিলাস বল্গুহাস' ইত্যাদি (বৃঃ ভাঃ—২।৫।২০১)। দ্বারকার শুদ্ধভক্তপ্রধান উদ্ধব এই গোপীদের পদরেণু কামনা করছেন বার বার—'আসামহো চরণরেণুজুষামহং স্যাম্' ইত্যাদি। এ সব থেকেই বোঝা যায় ব্রজের এই পরকীয়ারস কত মধুর, কত পবিত্র।

প্রাপ্ত্যুপায়ঃ

এই রসটি দেওয়ার জন্যই এই জগতে যিনি এসেছেন—('অনর্পিত চরীং চিরাৎ') সেই পরতত্ত্বসীমা শ্রীগৌরহরি বলছেন—'চেতোদর্পণ মার্জনং " পরং বিজয়তে শ্রীকৃষ্ণসঙ্কীর্তনম্'। অর্থাৎ শ্রীকৃষ্ণনামসঙ্কীর্তন সর্বোৎকর্ষের সহিত জয়যুক্ত হোন্—এ চিত্তরূপ দর্পণকে মার্জিত করে, সংসাররূপ মহাদাবাগ্নিকে নির্বাপিত করে, মঙ্গলরূপ কুমুদের প্রকাশ-বিষয়ে চন্দ্রতুল্য, ভক্তিরাণীর প্রাণস্বরূপ, আনন্দসমুদ্রের বৃদ্ধিকারক, **প্রতিপদেই পূর্ণামৃতের আস্বাদনদায়ী** এবং সর্বেন্দ্রিয়কে আনন্দে আপ্লুতকারী।

তাহলে শ্রীগৌরহরির নিজের মুখের কথাতেই পাওয়া যাচ্ছে, শ্রীনামসঙ্কীর্তন প্রতিপদেই পূর্ণামৃত ব্রজ-রসের আস্বাদনদায়ী। তাই বিদগ্ধমাধবে রসাচার্য শ্রীরূপপাদ পৌর্ণমাসীদেবীর মুখে বললেন—'নো জানে জনিতা কিয়দ্ভিরমৃতৈঃ কৃষ্ণেতি বর্ণদ্বয়ী।' 'কি কহব নামের মাধুরী। কেমন অমিয়া দিয়া কে জানে গড়িল ইহা কৃষ্ণ এই দুই আঁখর করি॥'

এই নামরসের ভিতর দিয়েই সাধকের শ্রীগৌরকৃপায় ব্রজের পরকীয়া রসরাজ্যে প্রবেশ হয় যথাক্রমে—'গোবিন্দপ্রেমভাজামপি ন চ কলিতং যদ্রহস্যং স্বয়ং তন্নাম্নৈব প্রাদুরাসীদবতরতি পরে যত্র তং নৌমি গৌরম্ ।।' (শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ -১১৩)—

অর্থাৎ—গোবিন্দের প্রেমসেবাপরায়ণ ভক্তগণেরও যা অলভ্য সেই **নিগূঢ় প্রেম** যাঁর আবির্ভাবে স্বয়ং নাম গ্রহণের দ্বারা এসে উদিত হয়েছিল সেই গৌরহরিকে আমি স্তব করছি। নাম হল সমস্ত ধর্মক্রমের বীজ—'**বীজং** ধর্মক্রমস্য' শ্রীরূপপাদের পদ্যাবলীতে ধৃত। 'কৃষ্ণ নাম **বীজ** তাহে না হয় অঙ্কুর'—চৈঃ চঃ আদি। কাজেই লীলারাজ্যে প্রবেশ করতে হলে, আস্বাদন করতে হলে এই পরকীয়া রস (শ্রীরাধার চিত্তের ভাব) বীজধর্মী শ্রীনামপ্রভুকে সর্বশ্রেষ্ঠবুদ্ধিতে একান্ত ভাবে আশ্রয় অবশ্য করতে হবে—শ্রীনাম প্রভুই হাত ধরে আশ্রিতকে শ্রীরাধার কুঞ্জে পৌঁছে দিবেন যথাক্রমে, 'ন মে ভক্ত প্রণশ্যতি' এ প্রতিজ্ঞা যে তাঁরই। শ্রীভক্তিসন্দর্ভে ২৫৫ প্রকরণে শ্রীজীবপাদ সাধনের এইরূপ ক্রম লিখেছেন—নামশ্রবণ-নামকীর্তন-অন্তঃকরণ শুদ্ধ হলে নাম স্মরণ – তৎপর ক্রমে ক্রমে রূপ-গুণ-লীলা স্মরণ।

কৃতজ্ঞতা জ্ঞাপন : শ্রীশ্রীরাধারমণের সেবায়িত শ্রীশ্রীপুরুষোত্তম গোস্বামিপ্রভু তাঁর নিজের গৃহে নির্জনে শান্তিতে গ্রন্থসেবার সুযোগ দিয়ে আমাকে সাহায্য করেছেন। তাঁর প্রতি কৃতজ্ঞ। আর কৃতজ্ঞ তাঁরই সুযোগ্য পুত্র শ্রীচৈতন্যপ্রেমসংস্থার পরিচালক শ্রীশ্রীবৎস গোস্বামিপ্রভুর নিকট, যিনি তাঁর গ্রন্থাগার থেকে একখণ্ড শ্রীআনন্দবৃন্দাবনচম্পূ সংস্কৃত মূল গ্রন্থ দিয়ে সাহায্য করেছেন।

এই গ্রন্থের অনুবাদে প্রথম উৎসাহদাতা বাবা কিশোরী কিশোরানন্দ মহারাজ। তাঁর কৃপাশীর্বাদেই এ-গুরুভার এতদিন বহন করে চলেছি। এ গ্রন্থ-প্রকাশনে তাঁর মুখে যে হাসি ফুটবে তাতেই আমার পরিশ্রমের সার্থকতা। স্বভাবউদার-নিরভিমান-পরদুঃখে কাতর-গোস্বামিগ্রন্থের প্রতি মমতাভরা হৃদয়-সজ্জন-পরমভাগবত-পণ্ডিতপ্রবর সর্বশ্রী শ্রীগোবর্ধনবাসী প্রিয়াচরণ দাস বাবাজী মহারাজ ভাগবতভূষণ ও শ্রীরাধাকুণ্ডবাসী অনন্ত দাস বাবাজী মহারাজ বৈষ্ণবদর্শনাচার্য প্রমুখ বৈষ্ণবগণ আজ বহুদিন উৎকণ্ঠার সহিত অপেক্ষা করে আছেন এই গ্রন্থের প্রকাশনের জন্য। আজ যে তাঁদের অপেক্ষার শান্তি করতে পারছি এই আমার পরম লাভ। বিশেষতঃ উপর্যুক্ত বাবাজী মহারাজদ্বয় যথাক্রমে এই গ্রন্থের একটি আশীর্বাণী ও ভূমিকা লিখে পাঠিয়ে কৃতজ্ঞতা পাশে বদ্ধ করলেন। এইগ্রন্থের প্রকাশিকা আমার ভিঁয়ান ঘরের টেষ্টার (*Taster*)—প্রধান-সহায়িকা আমাদের শ্রীশ্রীরাধাকৃষ্ণের সংসারের সমস্ত দায়দায়িত্ব নিজ কাঁধে তুলে নিয়ে আমাকে একান্তভাবে গ্রন্থ সেবার সুযোগ দেওয়াতেই এইরূপ বৃহৎ কার্যও সুসমাধার পথে আসতে পেরেছে আজ। শ্রীরাধাকৃষ্ণচন্দ্র তাঁর মঙ্গল করুন।

বৃহৎকার্য। ত্রুটি-বিচ্যুতি, ভ্রম-প্রমাদাদি হওয়ারই সম্ভাবনা। সহৃদয় সুধীগণ কৃপাপূর্বক যথাযোগ্য সংশোধন করত গ্রন্থের রসাস্বাদন করবেন—ইহাই প্রার্থনা।

শ্রীশ্রীহরিবাসর তিথি
গৌরাব্দ ৪৯৫ ২১শে পৌষ ১৩৮৮

শ্রীবৈষ্ণব দাসানুদাস
শ্রীমণীন্দ্রনাথ গুহ

* শ্রীগৌরহরি *

বিষয় সূচী

স্তবক পৃষ্ঠা

প্রথম স্তবক ১—৬৭

মঙ্গলাচরণ। অপ্রাকৃত লীলাভূমি শ্রীবৃন্দাবনের শোভা সমৃদ্ধি। বর্ষাহর্ষাদি নানাবিধ বিভাগের ঋতু। যমুনা। লতামন্দির। গোবর্ধন। নন্দীশ্বর। শ্রীকৃষ্ণের পরিকর—শ্রীনন্দ-যশোদা, সখাগণ, শ্রীরাধাদি প্রেয়সীবর্গ, অন্যান্য ব্রজজন, গো-গোবৎস-বৃষ। লীলারহস্য।

দ্বিতীয় স্তবক ৬৮—৮৫

প্রাদুর্ভাব লীলা—শ্রীকৃষ্ণাবির্ভাবের প্রয়োজন, পরিকরগণের ও শ্রীকৃষ্ণের আবির্ভাব। বালকৃষ্ণের মাধুর্য আস্বাদন। শ্রীনন্দোৎসব।

তৃতীয় স্তবক ৮৬—৯৬

পুতনাবধলীলা—সুন্দরী মাতৃবেশে পুতনার আগমন, বিষস্তন চুষণ-ছলে পুতনা বধ, যশোদার বিলাপ ও পুত্র প্রাপ্তি, পুতনার অন্ত্যেষ্টিক্রিয়া ও কৃপাপ্রাপ্তি।

চতুর্থ স্তবক ৯৭—১১৩

শকটভঞ্জনলীলা—পার্শ্বপরিবর্তন ক্রিয়া, শকট ভঞ্জন, যশোদা বিলাপ। তৃণাবর্তবধলীলা—তৃণাবর্তের আগমন, তৃণাবর্তের রূপ, বালকৃষ্ণ হরণ, তৃণাবর্ত বধ, যশোদা বিলাপ। ব্রজজনে কৃষ্ণের ঐশ্বর্য স্ফূর্তি

পঞ্চম স্তবক ১১৪—১৫০

ছেলেখেলা মাধুরী—নামকরণ, ননীচুরি, চাঁদধরণে আবদার, গোশালা চত্বরে খেলা, গোপী-অঙ্গনে খেলা, গোপীর নালিশের উত্তরে কৃষ্ণের উক্তি, জননীর শাসন, পিতার আদর, পথে পথে ধূলিখেলা, মৃদ্‌ভক্ষণ।

ষষ্ঠ স্তবক ১৫১—১৮৬

দামবন্ধন লীলা—দধিমন্থনকালে মা যশোদার শোভা, মন্থনভাণ্ড ভেঙ্গে পলায়নপর গোপালের পশ্চাৎ মার ধাবন, মায়ের বন্ধনে উদ্যম, গোপালের বন্ধন অঙ্গীকার। যমলার্জুন ভঞ্জন, যমলার্জুনের স্তুতি। গোপালের প্রাতর্ভোজন। ফল বিক্রয়কারিণী কৃপা। গোকুল ছেড়ে বৃন্দাবনে যাওয়ার পরামর্শ। শ্রীবৃন্দাবন যাত্রার উদ্যোগপর্ব। যমুনার ওপারে গমনপর্ব।

সপ্তম স্তবক ১৮৭—২৫৪

শ্রীকৃষ্ণাগমনে বৃন্দাবনের শোভা। বৎসচারণ লীলা। বৎসাসুর বধ। বকাসুর বধ। বেণুগান অভ্যাস। পুলিন ভোজন লীলা—ভোজ্যদ্রব্যসহ বনযাত্রা, রাখালবেশে কৃষ্ণ ও গোপ শিশুগণ, বনভোজনপথে কৃষ্ণসঙ্গে গোপশিশুদের আনন্দহুল্লোড়,বনভোজনপথে অঘাসুর বধ, অঘাসুরের কৃষ্ণে প্রবেশ, দেবদেবীগণের আনন্দোৎসব, সখ্যরসে নিমজ্জিত রাখালগণের কৃষ্ণসঙ্গে পুনর্যাত্রা, ভোজনস্থলী নির্বাচন, বনভোজনোৎসব, ব্রহ্মার গো-গোপাল হরণ, মুগ্ধের মতো অনুসন্ধানপর কৃষ্ণের ব্রহ্মমায়া ভেদ, কৃষ্ণের বৎস-গোপালাদি অপূর্ব সৃষ্টি, আত্মভূত বৎস—বৎসপালদের দর্শনে মায়েদের অপূর্ব ভাব, বলরামের মোহ ও রহস্য-উদ্ঘাটন, মায়ামুগ্ধ ব্রহ্মার কৃষ্ণের মঞ্জুমহিমা দর্শন, ব্রহ্মস্তব, ভোজনলীলা সমাপ্তি। উত্তরগোষ্ঠপথে ব্রজপুরে প্রবেশ।

অষ্টম স্তবক ২৫৫—৩০৪

কৈশোর লীলায় পূর্বরাগ - কৃষ্ণের পৌগণ্ড-কৈশোর অবস্থা বর্ণন, শ্রীরাধাদি গোপীগণের পৌগণ্ড কৈশোর অবস্থা বর্ণন, সখীসমাজে সংলাপ, কৃষ্ণদর্শনার্থে চন্দ্রশালিকা-তলে আরোহণ। কন্যাকা গোপীগণের কৃষ্ণধ্যান, বিদগ্ধ কেলিশুকের দৌত্য। কৃষ্ণজন্মাষ্টমী উৎসব। ধেনাকাসুর বধ।

নবম স্তবক ৩০৫ – ৩৩৮

কালিয়-দমন লীলা কালিয়ের বিষে বিষাক্ত যমুনা, গো-গোপগণের বিষজলপান ও উদ্ধার, কৃষ্ণের বিষহ্রদে ঝম্পদান ও দাপাদাপি, কালিয় বেষ্টনে কৃষ্ণ, ব্রজবাসিগণের ভয় ও বিলাপ, বলদেব কর্তৃক সান্ত্বনা, কালিয় মস্তকে কৃষ্ণের নৃত্য, কৃষ্ণ কর্তৃক অভয়দান ও কালিয় কর্তৃক স্তব, ব্রজবাসিগণ কর্তৃক কৃষ্ণাভ্যর্থনা, হ্রদতটে রাত্রিবাস।

দশম স্তবক ৩৩৯ - ৩৭৪

পূর্বানুরাগিণীদের সখীসঙ্গে চিত্তোদ্ঘাটন। বকুলমালার মুখে কৃষ্ণচিত্তোদ্ঘাটন। বৃষভানুরাজার ঘরে ব্রজরাজের সপরিবারে নিমন্ত্রণ রন্ধনার্থে রাধার পিতৃগৃহে আগমন, শ্রীকৃষ্ণের নিকট নিমন্ত্রণ বার্তা জ্ঞাপন, কৃষ্ণসহ সপরিবারে ব্রজরাজের বৃষভানুপুরে গমন, যশোমা কর্তৃক রাধার পাকশালা দর্শন, কীর্তিদা কর্তৃক রাধা ও শ্যামা-ললিতাকে পরিবেশনে নিয়োগ, ক্রমপরিপাটিতে উপবেশন ও হাস-পরিহাসের সহিত ভোজন। কৃষ্ণের জন্য নিত্য রন্ধনে রাধার নিয়োগ। কৃষ্ণের চন্দ্রাবল্যাদি সঙ্গ। যোগমায়া দ্বারা গোপন প্রেমের সমাধান।

একাদশ স্তবক ৩৭৫—৪৬৪

গ্রীষ্মঋতু বিহার—ঋতু বর্ণন, প্রলম্বাসুর বধ লীলা, মুঞ্জাটবী দাবানল পান, উত্তরগোষ্ঠপথে চন্দ্রশালিকা-আরূঢ়া গোপীসহ চোখে চোখে মিলন। চন্দ্রশালিকা থেকে গোপীগণের গোদোহনলীলা দর্শন।

বর্ষাঋতু বিহার—ঋতু বর্ণন, রাধার পূর্বরাগ। যোগমায়ার লীলা-সমাধান। রাধার নব সঙ্গম। যাবটে শ্যামা সখীসঙ্গে রসোদগার।

শরৎঋতু বিহার—ঋতু বর্ণন, শরৎবিহারে বেণুগীত। ধন্যানি কন্যাগণের কাত্যায়ণী ব্রত আরম্ভ।

"সুস্নিগ্ধদীর্ঘঘনকুঞ্চিতকেশপাশং, মন্দভ্রমদ্ভ্রমরকাবলিভব্যভালম্ ।
সুভ্রূলতং স্বলকমুন্নতচারুনাসং, প্রেয়ং ভবিষ্যতি কদাস্য পদ্মম্ ।।

মাধুর্য্যসিন্ধুমধি যস্য ভবেন্নিপাত-,স্তৎ কেবলং মধুরিমাণমুরীকরোতি ।
উষ্ণীষ-সীমনি সহেলগতা মুরারে-,র্গোচ্ছন্দরজ্জুরপি মজ্জতি রম্যতায়াম্ ।।

রত্নোল্লসন্মকরকুণ্ডলতাণ্ডবেন, বিভ্রাজমানতমমস্য কপোলবিম্বম্ ।
তাম্বূলগন্ধিরদনচ্ছদবন্ধুজীবৈ-,র্ধন্যাঃ পরং প্রমুদিতাঃ পরিপূজয়ন্তি ।।

শ্রীবৎসকৌস্তুভ-রমাবনমালিকানাং লক্ষ্মীভরেণ পরয়াপি চ হারভাসা ।
বিভ্রাজমানপরিণাহমমুষ্য বক্ষঃ, কা নাম বামনয়নেচ্ছতি ন প্রবেষ্টুম্ ॥",

* শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ *

শ্রীমন্মহাকবি-শ্রীল-কবিকর্ণপুর-গোস্বামি-প্রভুপাদ-বিরচিতা

শ্রীশ্রীমদানন্দবৃন্দাবনচম্পূঃ

প্রথমঃ স্তবকঃ

শ্রীশ্রীকৃষ্ণচৈতন্যচন্দ্রায় নমঃ

১। বন্দে কৃষ্ণপদারবিন্দযুগলং যস্মিন্ কুরঙ্গীদৃশাং
বক্ষোজ-প্রণয়ীকৃতে বিলসতি স্নিগ্ধোঽঙ্গরাগঃ স্বতঃ।
কাশ্মীরং তলশোণিমোপরিতনঃ কস্তূরিকাং নীলিমা
শ্রীখণ্ডং নখচন্দ্রকান্তি-লহরী নির্ব্যাজমাতন্বতে॥

শ্রীশ্রীল-বিশ্বনাথ-চক্রবর্ত্তি-পাদ-বিরচিতা

শ্রীশ্রীসুখবর্ত্তনী

[শ্রীশ্রীমদানন্দবৃন্দাবনচম্পূ-টীকা]

প্রথমঃ স্তবকঃ

শ্রীশ্রীকৃষ্ণচৈতন্যচন্দ্রো জয়তি

বৎসাস্বাদ্য মুহুঃ স্বয়া রসনয়া প্রাপয্য সৎকাব্যতাং, দেয়ং ভক্তজনেষু ভাবিষু সুধৈদ্রু প্রাপ্যমেতত্ত্বয়া।
ইত্যাজ্ঞাপয়তেব যেন নিদধে শ্রীকর্ণপূরাননে, বাল্যে স্বাঙ্ঘ্রিদলামৃতং গতিরসৌ চৈতন্যচন্দ্রোঽস্তু নঃ॥১॥

শ্রীশ্রীসুখবর্তনী-অনুবর্তী মূলানুবাদ

মঙ্গলাচরণঃ

১। শ্রীকৃষ্ণপদযুগলের বন্দনা করছি যথায় হরিণনয়না ব্রজাঙ্গনাদের স্তন নিরন্তর আলিঙ্গনরূপ সখ্যতায় বদ্ধ থাকায় ওর কুঙ্কুমাদি স্নিগ্ধ অঙ্গরাগ প্রলেপ তথায় স্বাভাবিকতা প্রাপ্ত অবস্থায় প্রকাশিত হচ্ছে। শ্রীচরণযুগল-তলের অরুণিমা ব্রজাঙ্গনা-স্তনাগ্রবর্তী কুঙ্কুমকে, উপরের নীলিমা স্তনাধোমণ্ডলবর্তী মৃগমদকে, আর নখচন্দ্রকান্তি-লহরী স্তনমধ্যমণ্ডলবর্তী চন্দনকে অকপটে স্পষ্টভাবে প্রকাশ করছে।

২। শোণস্নিগ্ধাঙ্গুলি-দলকুলং জাতরাগং পরাগৈঃ
শ্রীরাধায়াঃ স্তনমুকুলয়োঃ কুঙ্কুমক্ষোদরূপৈঃ।
ভক্তশ্রদ্ধামধু নখমহঃপুঞ্জকিঞ্জল্কজালং
জঙ্ঘানালং চরণকমলং পাতু নঃ পূতনারেঃ॥

নিতান্তনৈসর্গিককৃষ্ণসার-,লীলাঢ্যমুচ্চৈঃ পদমাত্মনীনম্।
শ্রীরূপসম্মত্যনুকূলমেব, পূর্বৈঃ শ্রিতং সংশ্রয়তে সুমেধাঃ॥২॥
নন্দোৎসবাদিরাসান্তাং হোলিদোলাদিকাধিকাম্। শ্রীকৃষ্ণলীলাং জগ্রন্থ কর্ণপূরো মহাকবিঃ॥৩॥
একেন স্তবকেনাহ বৃন্দারণ্যং তদাস্পদম্। বাল্যলীলাং ততঃ ষড়্ভিঃ প্রাদুর্ভাবমুখাং হরেঃ॥৪॥
ততস্তু পঞ্চদশভির্লীলাং কৈশোরবর্তিনীম্। এবং দ্ব্যধিকয়া চম্পূর্বিংশত্যা স্তবকৈঃ কৃতা॥৫॥

১। অথ সোঽয়ং কবিমুকুটমণিরাস্বাদিত-চরণসৌরভ্যঃ পুনরপি মনোমধুপরাজেন উপভুজ্যমানাপূর্ব-নব-নব-মাধুর্য-সম্পত্তিঃ শ্রীভগবচ্চরণকমলমানন্দাবেশেন বন্দমান এব তন্নির্দেশ-পরমমঙ্গল-সুধাধারা-পরম্পরয়া নির্ম্মীয়মাণে প্রত্যূহ-তাপানুদ্‌গম-গমকেঽপি প্রবন্ধে সদাচারসম্মাননার্থমবশ্যকর্ত্তব্যং মঙ্গলাচরণমপ্যনুষঞ্জয়তি—বন্দে ইতি। অহং কৃষ্ণপদারবিন্দ-যুগলং বন্দে, যস্মিন্ কৃষ্ণপদারবিন্দযুগলে কুরঙ্গীদৃশাং প্রস্তোষ্যমাণত্বাদ্‌ব্রজসুন্দরীণামঙ্গরাগঃ স্বতঃ স্বভাবসিদ্ধঃ সন্ বিলসতি। অত্র যস্মিন্নিতি পদং তৎপদনিরপেক্ষমেব। যথোক্তং কাব্যপ্রকাশে—(৭।১৮৮) "যচ্ছব্দস্তূত্তরবাক্যার্থগতত্বেনোপাত্তঃ সামর্থ্যাৎ পূর্ববাক্যার্থ-গতস্য তচ্ছব্দস্যোপাদানং নাপেক্ষতে; যথা—সাধু চন্দ্রমসি পুষ্করৈঃ কৃতং, মীলিতং যদভিরামতাধিকে। উদ্যতা জয়িনি কামিনীমুখে, তেন সাহসমনুষ্ঠিতং পুনঃ॥" ইতি। কীদৃশে? তাসাং বক্ষোজপ্রণয়ীকৃতে—বক্ষোজয়োঃ স্তনয়োঃ প্রণয়ঃ প্রেম আশ্লেষলক্ষণং সখ্যং বা যস্য তথাভূতীকৃতে; অর্থাত্তাভিরেবেত্যর্থঃ। যদ্বা, বক্ষোজাভ্যামেব প্রণয়ীকৃতে, প্রণয়োঽস্যাস্তীতি প্রণয়ী তথাভূতীকৃতে। তথাভাবস্য সদাতনত্বেঽপি "যেন শুক্লীকৃতা হংসাঃ শুকাশ্চ হরিতীকৃতাঃ" ইতিবদভূততদ্ভাববিবক্ষামাত্রেণৈব চ্বিপ্রত্যয়ঃ। অভূততদ্ভাবোঽত্র প্রাকট্যসময়মাত্রদৃষ্ট্যা বা। তেন তাসাং স্তনাশ্লেষেণ যদ্যপি তদীয়োঽঙ্গরাগোঽপি চরণদ্বয়ে সম্ভবতি, তথাপি ত্রৈকালিক-তৎসঙ্গসূচনার্থং স্বভাবাদেবাসৌ তিষ্ঠতীতি ভাবঃ। যদ্বা, নিরন্তরতদাশ্লেষাত্তত্তদঙ্গরাগপ্রলেপঃ পৌনঃপুন্যেনৈব স্বাভাবিকতাং গতশ্চরণকমল-তলাদেঃ শোণিমাদি-গুণোঽভূদিত্যুৎপ্রেক্ষ্যত ইতি ভাবঃ। তমেব বিবৃণোতি—তলশোণিমা চরণযুগলতলস্যারুণিমা কাশ্মীরং স্তনাগ্রমণ্ডলবর্তি-কুঙ্কুমম্। উপরিতন উপরিস্থঃ নীলীমা শ্যামতা কস্তূরিকাং স্তনাধোমণ্ডলবর্তি-মৃগমদম্; তথা নখচন্দ্রাণাং কান্তিতরঙ্গঃ শ্রীখণ্ডং স্তনমধ্যমণ্ডলবর্তি-চন্দনম্; নির্ব্যাজং যথা স্যাত্তথা তত্তদেবেদম্, ন তু শোণিমাদিকমিত্যেবমাতন্বতে বিস্তারয়ন্তি জ্ঞাপয়ন্তি তলশোণিমাদয় ইতি। কাশ্মীরস্য জাতিভেদেন হিঙ্গুলবর্ণত্বমপি প্রসিদ্ধম্; যথা—(ভা০ ১০।২৯।৩) "রমাননাভং নবকুঙ্কুমারুণম্"; (ভা০ ১০।৪৬।৪৫) "ত্বিষ্যৎকপোলারুণকুঙ্কুমাননাঃ" ইত্যস্য সংক্ষেপ-শ্রীবৈষ্ণবতোষিণ্যাং ব্যাখ্যা চ—বাহ্লীকদেশোদ্ভবকুঙ্কুমস্যারুণ্যমভিব্যক্তমিতি। অতএবামরে তৎপর্য্যায়ে—"রক্তসঙ্কোচ-পিশুনং ধীর-লোহিতচন্দনম্" ইতি অভিধানান্তরে চ—"কুঙ্কুমং রুধিরং রক্তমসৃগুক্তঞ্চ পীতনম্" ইতি। বর্ণভেদেন নামভেদ ইতি॥

২। বর্ণিতমেবার্থমবিতৃপ্ত্যা পুনরত্যন্ত-সর্বোৎকৃষ্টতমত্বপ্রতিপাদকাংশবিশেষমাবিষ্কৃত্য বর্ণয়ংস্তথাভূত এব তত্র স্বাভীষ্টবস্তুপ্রার্থনয়া ব্যঞ্জয়তি—শোণেতি। পূতনারেঃ শ্রীকৃষ্ণস্য চরণকমলং নোঽস্মান্ পাতু, স্বসম্বাহনাদি-দানেন রক্ষতু,

---

২। অরুণ-স্নিগ্ধ অঙ্গুলিদলে শোভিত, শ্রীরাধার স্তনমুকুলদ্বয়ের কুঙ্কুমচূর্ণরূপ পরাগের দ্বারা অনুরঞ্জিত, ভক্তশ্রদ্ধারূপ মধুতে পূর্ণ, নখজ্যোতিরূপ কেশর রাজিতে উজ্জ্বল, জঙ্ঘারূপ নাল সমন্বিত পূতনারি শ্রীকৃষ্ণের চরণকমল আমাদের পালন করুন।

৩। মাধুর্য্যৈর্মধুভিঃ সুগন্ধি ভজন স্বর্ণাম্বুজানাং বনং
কারুণ্যামৃতনির্ঝরৈরুপচিতঃ সৎপ্রেমহেমাচলঃ।
ভক্তাম্ভোধরধোরণী-বিজয়িনী নিষ্কম্পশম্পাবলি-
র্দেবো নঃ কুলদৈবতং বিজয়তাং চৈতন্যকৃষ্ণো হরিঃ॥

সেবায়াং নিয়োজনার্থং রক্ষতু। পূতনারেরিত্যেতৎপ্রতিবন্ধকদুরিতকূটদমনে তৎকৃপৈব গতিরিতি ভাবঃ। কীদৃশম্? শোণাঃ স্নিগ্ধা অঙ্গুলয় এব দলকুলং যত্র তৎ; শ্রীরাধায়াঃ স্তনাবেব মুকুলৌ, তয়োঃ কুঙ্কুমচূর্ণরূপৈঃ পরাগৈরেব তদাশ্লেষলব্ধৈর্জাতরাগম্, অন্যস্য পরাগৈরন্যস্য রাগবত্ত্বেত্যাশ্চর্য্যম্। পুনঃ কিম্ভূতম্? ভক্তানাং শ্রদ্ধৈব মধু যত্র তৎ। সত্যামেব শ্রদ্ধায়াং তন্মাধুর্য্যানুভবাৎ শ্রদ্ধৈব মধ্বিত্যুপচারেণোচ্যতে—সাতত্যেন তদাধিক্যে প্রবর্ত্তনার্থম্। সা চ ভক্তানামেব সম্ভবেত্তথাপি ভক্তপদোপাদানাদ্রুচ্যুত্তরকালভবা বিশিষ্টৈরাসক্তিরূপা জ্ঞেয়া। শ্রীভক্তিরসামৃতসিন্ধৌ—(১।৩।১২) "শ্রদ্ধা রতির্ভক্তিরনুক্রমিষ্যতি" ইত্যত্র 'শ্রদ্ধা'-পদস্য তথা ব্যাখ্যানান্ন তু প্রাথমিক্যেব সামান্যভূতা, তদানীং মাধুর্য্যানুভবযোগ্যতানুপপত্তেরিতি। জন্মে এব নালে যস্য তৎ॥

৩। তদেবং তচ্চরণারবিন্দমাধুরী-বর্ণনেনাত্মনস্তৎসেবৈকলালসত্বমভিব্যজ্য পুনস্তমেব কলিযুগাবির্ভাবিত-গৌরস্বরূপং স্বলোচন-সাক্ষাদনুভূতচর-সৌন্দর্য-মাধুর্যং ভগবন্তং শ্রীকৃষ্ণচৈতন্যদেবং বর্ণয়তি—মাধুর্যৈরিতি। চৈতন্যনামা কৃষ্ণশ্চৈতন্যকৃষ্ণঃ; শাকপার্থিবাদিঃ;—প্রেম্ণা ভক্তচেতোহরণাৎ, স্বমাধুর্যেণ স্বপর্যন্ত-বৈকুণ্ঠনাথাদি-সর্বচেতোহরণাদ্বা হরিঃ; বিজয়তাম্—বিশেষেণ স্বাংশেভ্যোঽপি পরমোৎকর্ষমাবিষ্করোতু। কীদৃশঃ? ভজনানি নববিধানি শ্রবণ-কীর্ত্তনাদীন্যেব স্বর্ণাম্বুজানি বিরল-প্রচারত্বাদ্ভক্ত-সরোবরাবির্ভাবিত্বাচ্চ তেষাং বনং তদ্রূপঃ। অনেন শ্রবণাদিসাধনভক্তিময়স্বরূপত্বং গৌরাকৃতিত্বং ভক্তমনোমধুকরামোদকত্বঞ্চোক্তম্। কীদৃশং বনম্? মাধুর্যৈর্মধুভিঃ সুগন্ধি। অম্বুজপক্ষে—মাধুর্যৈরেব মধুভিরিতি মধুনামপাত্র বৈলক্ষণ্যম্। ভজনপক্ষে—সাধনদশায়ামপি তেষাং শ্রবণাদীনাং কেবলরাগপ্রবর্ত্ত্যমানত্বেন ঐশ্বর্যজ্ঞাননিরপেক্ষতয়া তত্তদদ্ভুতলীলাদিনিষ্ঠানাং যানি মাধুর্যাণি রোচকত্বলক্ষণানি, তান্যেব মাদকত্বান্মধূনি তৈঃ সুগন্ধি সুগর্বযুক্তম্, শ্রীবৈকুণ্ঠনাথাদি-বিষয়েভ্যো ভজনেভ্যোঽপ্যাত্মপরমোৎকর্ষাবিষ্কারাৎ, কিং পুনর্জ্ঞানযোগাদিভ্য ইতি;—"গন্ধো গন্ধক আমোদে লেশে সম্বন্ধিগর্বয়োঃ" ইতি বিশ্বঃ। অনেন স্বমাধুর্যামোদিত-নিখিলভুবনত্বমুক্তম্। পুনঃ কীদৃশঃ? সতাং শোভমানানাং প্রেম্ণাং মহারাশিরূপত্বাৎ হেমাচলঃ কনকগিরির্মেরুঃ। তত্র সতামিতি জাত্যা, হেমাচল ইতি প্রমাণেন চ প্রেম্ণামন্যপ্রেমত উৎকর্ষঃ সূচিতঃ। অনেন পূর্বোক্ততাদৃশ-শ্রবণাদি-সাধনভক্তি-জনিত-সাধ্যপ্রেমভক্তিময়স্বরূপত্বমপ্যুক্তম্। তথাভূতাচলঃ কীদৃশঃ? ভজনপ্রবৃত্তিকারণানি কারুণ্যান্যেবামৃতানি তন্ময়ৈর্নির্ঝরৈরুপচিতঃ। বাস্তবী কারুণ্যশক্তিঃ প্রেমভক্তিনিষ্ঠৈব তদাধারেষূদয়মানা প্রতীয়তে,—প্রেমাংশং বিনা তস্যাস্তত্রানুদয়দর্শনাৎ। তথা হ্যুক্তং ভক্তিরসামৃতসিন্ধৌ জাতরতিভক্তনিরূপণে—(ভ০ র০ সি০ ২।১।২৭৬) "উৎপন্নরতয়ঃ সম্যক্" ইত্যাদিনা সাধকভক্তস্য জাতরতিত্বমুদাহৃতঞ্চৈকাদশস্কন্ধবচনম্—(ভা০ ১১।২।৪৬) "প্রেম-মৈত্রীকৃপোপেক্ষা যঃ করোতি স মধ্যমঃ" ইতি। ন সাধকভক্তেঽপি তাদৃশকৃপাদি সম্ভবতীতি। অনেন স্বকৃপামৃতধারাস্নপিতজগজ্জীবকত্বমুক্তম্। অথোৎপন্নপ্রেমৈকভগবৎসাক্ষাৎস্বরূপপ্রকাশচমৎকারেণ স্বাধারমলঙ্করোতীতি দ্যোতয়ন্ বিশিনষ্টি—নিষ্কম্পানাং স্থিরাণাং শম্পানাং বিদ্যুতামাবলিঃ শ্রেণী তদ্রূপঃ। সা কীদৃশী? ভক্তা এবাম্ভোধরাঃ প্রেমামৃতবর্ষণশীলত্বাত্তেষাং ধোরণী শ্রেণী তত্রৈব বিজয়িনী পরমোৎকর্ষেণ

৩। মাধুর্যমধুদ্বারা সৌরভান্বিত, ভজনের স্বর্ণকমলবনস্বরূপ, কারুণ্যামৃত নির্ঝরের দ্বারা সমৃদ্ধিমান, সৎপ্রেমসুমেরু পর্বত সদৃশ, ভক্তমেঘশ্রেণীতে বিজয়িনী বিদ্যুৎমালাস্বরূপ আমাদের কুলদেবতা চৈতন্যকৃষ্ণহরি সর্বোৎকর্ষের সহিত বিরাজমান হউন।

৪। নমস্যামোঽস্যৈব প্রিয়পরিজনান্ বৎসলহৃদঃ, প্রভোরদ্বৈতাদীনপি জগদঘৌঘক্ষয়কৃতঃ।
সমানপ্রেমাণঃ সমগুণগণাস্তুল্যকরুণাঃ স্বরূপাদ্যা যেঽমী সরসমধুরাস্তানপি নুমঃ॥

৫। গুরুং নঃ শ্রীনাথাভিধমবনিদেবান্বয়বিধুং, নুমো ভূষারত্নং ভুব ইব বিভোরস্য দয়িতম্।
যদাস্যাদুন্মীলন্নিরবকরবৃন্দাবনরহঃ-,কথাস্বাদং লব্ধ্বা জগতি ন জনঃ কাপি রমতে॥

স্থায়িনী। অনেন প্রেমভক্তিমজ্জনমাত্রলভ্যসাক্ষাৎস্বরূপপ্রকাশত্বমুক্তম্। তদেবং তদীয়-শুদ্ধসত্ত্ববিশেষস্বরূপত্বমেব প্রথমং ভক্তেষু শ্রবণ-কীর্তনাদিরূপেণ তিষ্ঠতি, তদেব দৃঢ়াভ্যাসেনাসক্ত্যা অনশ্বরস্বরূপমেব প্রেমরূপতামাপদ্যতে। তৎপ্রেম্নৈব সপরিকর-ভগবৎসাক্ষাৎস্বরূপ-প্রকাশানুভব-চমৎকারতাং প্রাপ্নোতীতি বৈষ্ণবসিদ্ধান্তোঽপি ধ্বনিত ইতি॥

৪। বৎসলহৃদঃ—অর্থান্মাদৃশেষু সর্বেষু। যেঽমী স্বরূপাদ্যাঃ—শ্রীদামোদরস্বরূপ-শ্রীরামানন্দরায়-শ্রীরূপ-শ্রীসনাতনাদ্যাঃ। কীদৃশাঃ? অস্য প্রভোরেব সমানপ্রেমাণঃ; যদ্বা, পরস্পরমেব সমানাস্তারতম্যেন মাদৃশৈর্লক্ষয়িতুমশক্যাঃ প্রেমা যেষাং তে; তানপি নুমঃ স্তুমঃ। অপিকারাৎ অদ্বৈতাদীনপি নুমঃ। তানপি নমস্যাম ইত্যুভয়ত্রৈবোভয়ং যোজনীয়ম্। প্রভোরদ্বৈতাদীন্ প্রভোঃ স্বরূপাদ্যা ইতি শ্লেষভঙ্গ্যা তচ্ছক্তিময়া-এব ত ইতি বোধিতম্॥

৫। অবনিদেবা বিপ্রাস্তদ্বংশে বিধুং চন্দ্রম্, তেন বিপ্রান্বয়স্য সমুদ্রত্বমুক্তম্। ভুবঃ পৃথিব্যা ভূষারত্নমিব (রঘুবংশে ১।৩) "উদ্বাহুরিব বামনঃ" ইতি, (শ্রীগীতগোবিন্দে ১২।২) "ক্ষণমুপকুরু শয়নোপরি মামিব নূপুরমনুগতিশূরম্" ইতি, (সাহিত্যদর্পণে ৪।১২) "একাবয়বসংস্থেন ভূষণেনেব কামিনী" ইত্যাদিপ্রয়োগদর্শনাৎ "ইবেন সহ নিত্যসমাস-বচনবিভক্ত্য-লোপঃ ইত্যস্য প্রায়িকত্বপ্রতিপাদনাদ্ব্যস্তপ্রয়োগোঽয়ং নানুপপন্ন ইতি। চন্দ্রোঽপি শিবমূর্তের্ভূষারত্নং ভবতি। অস্য বিভোঃ শ্রীচৈতন্যদেবস্য, যদাস্যাদ্যন্মুখাৎ উন্মীলন্ত্যা নিরবকরায়া নির্দোষায়া বৃন্দাবনস্য রহঃসম্বন্ধিকথায়া আস্বাদং লব্ধ্বা, তস্য বিধুত্ব তন্মুখোদ্গীর্ণত্বেন কথায়া অমৃতত্বমিতি ভাবঃ। কাপি জগতি ভোগ্যস্থানে ন রমতে নাসক্তো ভবতি, বৃন্দাবন এব শীঘ্রমাগচ্ছতীতি ভাবঃ, ইতি স্বস্য বৃন্দাবনবাসে হেতুরপি দর্শিতঃ। অত্র যদ্যপি শ্রীগুরুবন্দনানন্তরমেব দেবতাবন্দনং শ্রীসূতাদিষু দর্শনাৎ সদাচারপ্রাপ্তম্, তথাপি শ্রীশুকাদৌ বিপর্যয়েণাপি দর্শনাদবিরুদ্ধমেবেদম্। কিংবা, বস্তুতো দীক্ষা-গুরুরপ্যস্য শ্রীভগবানেব শ্রীচৈতন্যঃ, তদাজ্ঞাপারবশ্যেনৈব গুর্বন্তরাশ্রয়ণম্। তথা হি কথা শ্রীচৈতন্যচরিতামৃতে—(অন্ত্য০ ১২।৪৫—৫০, ১৬।৬৬—৭৪) একদা মহাপ্রভুর্দ্বিত্রিপ্রিয়সহচরসঙ্গী স্বপার্ষদপ্রবরস্যৈতৎ-পিতুঃ শ্রীশিবানন্দসেনস্য রথযাত্রা-

---

৪। (শ্রীচৈতন্যমহাপ্রভুর পরিকরবর্গকে প্রণাম করতে গিয়ে কবিবর বলছেন—) শ্রীমন্ মহাপ্রভুর প্রিয় পরিজন, মাদৃশ সর্বজনের উপর বৎসল চিত্ত, সমস্ত জগতের কলুষ কালিমা নাশক প্রভু অদ্বৈতাচার্য প্রমুখকে প্রণাম করছি; আর শ্রীস্বরূপদামোদর শ্রীরায়রামানন্দ, শ্রীরূপ-সনাতনাদিকেও আমি প্রণাম করছি; এঁরা সবাই মহাপ্রভুর সমান প্রেমী, সমান গুণশালী, তুল্য করুণাশালী, মহাপ্রভুর মতই সরস ও মধুর এঁরা।

৫। (স্বীয় শ্রীগুরুদেবের বন্দনা করতে গিয়ে কবিবর বলছেন :—)

আমার শ্রীগুরুদেবকে প্রণাম করছি—যাঁর নাম শ্রীনাথ—যিনি ব্রাহ্মণবংশরূপ সমুদ্রকে উল্লসিত করতে চন্দ্রসম—যিনি পৃথিবীর ভূষারত্নের মত এবং এই মহাপ্রভুর অতি প্রিয়পাত্র—আর যে একবার এঁর মুখবিগলিত নির্মল বৃন্দাবন-রহকথার আস্বাদন লাভ করেছেন তিনি আর এই জগতের কোন ভোগ্যস্থানে আসক্ত হন না। (এ কথার ধ্বনি হচ্ছে—তিনি বৃন্দাবনেই শীঘ্র চলে আসেন, এর দ্বারা নিজেরও শ্রীবৃন্দাবন-বাসের হেতু দর্শিত হল।)

৬। গতে স্বস্বাভীষ্টং পদমহহ চৈতন্যভগবৎ-,পরীবারে পশ্চাদ্গতবতি চ যস্মিন্নিজপদম্।
বিলুপ্তা বৈদগ্ধী-প্রণয়রসরীতির্বিগলিতা, নিরালম্বো জাতঃ সুকবি-কবিতায়াঃ পরিমলঃ॥

৭। তব স্তবং কিং করবাণি বাণি, প্রাণী ন বক্তুং ক্ষমতে ত্বদীহাম্।
যতঃ সুবদ্ধৈব তনোষি মানং, তমন্যথা সন্তমপি ক্ষিণোষি॥

দর্শনচ্ছলেন স্বচরণান্তিকমাগতস্তাবাসমাগতস্তেন চ সসম্ভ্রমং বন্দিতচরণকমলস্তত্র চ বাল্যবিলাসং প্রপঞ্চয়ন্তং পঞ্চষড়্বর্ষবয়সং (শ্রীমৎপরমানন্দপুরীপাদপ্রসাদাৎ পুরুষোত্তমক্ষেত্রজাতত্বাৎ পুরীদাসনামানমেতং) পিত্রা কারিতবন্দনমালোক্য "সাধুস্তবায়ং পুত্রো জাতঃ" ইত্যভিনন্দ্য কৃপয়ৈতচ্ছিরসি চরণং দিধীর্ষুর্বাল্যাবেশেন মুখং ব্যাদত্তবন্তমেনং কৌতুকেন চরণাঙ্গুষ্ঠমাস্বাদয়ামাস, দিব্যকাব্যকর্তৃত্বশক্তিমপালক্ষিতং সঞ্চারয়ামাস, বদ বদ কৃষ্ণ কৃষ্ণেত্যুবাচ চ। ততোঽসৌ শিশুরুৎফুল্লমুখো ব্রূহি ব্রূহীতি পিত্রাদিভিঃ প্রযুজ্যমানোঽপি যদি নাজুগাদ, প্রভুরপি বিস্ময়মভিনীয় "বিশ্বমেব কৃষ্ণনাম গ্রাহয়িতুমহমশকম্, ন পুনরেনমেকমেব" ইত্যুবাচ। তদা শ্রীস্বরূপগোস্বামিভিরুক্তম্—"ভগবতা স্বয়মেব স্বনামমহামন্ত্রমুপদিষ্টোঽস্মি, কথং পুনস্তমুচ্চৈরুচ্চারয়ামি' ইত্যেবমস্য গম্ভীরহৃদয়ঃ নুমীয়তে" ইতি। পরেদ্যুরপি "বৎস! বদ কিঞ্চিৎ" ইত্যুক্ত এব প্রভুণা শীঘ্রং পদ্যমেকং ববন্ধ—(আর্যাশতকে ১) "শ্রবসোঃ কুবলয়মক্ষ্ণো-,রঞ্জনমুরসো মহেন্দ্রমণিদাম। বৃন্দাবনতরুণীনাং, মণ্ডনমখিলং হরির্জয়তি॥" ততঃ সন্তুষ্টেন ভগবতা কবিকর্ণপুর ইতি নাম তদ্দিনমারভ্য কৃতবতা তদভীষ্টমন্ত্ররাজমপি হৃদৈব স্বয়মুপদিশ্যাপি লোকরীতিখ্যাপনায় সময়ে শ্রীনাথপণ্ডিতদ্বারাপি পুনরসাবুপদিদিশ ইতি॥

৬। প্রারিপ্সিতে কাব্যে বর্ণয়িতব্যস্য রসস্য প্রেম্ণশ্চ সামস্ত্যেনাস্বাদকানদৃষ্ট্বা খিদ্যন্নাহ—নিজপদং প্রপঞ্চাগোচরং নিজধাম, প্রকাশবিশেষমিত্যর্থঃ। তদানীং তৎপরীবারাণাং কিয়তাং প্রাকট্যেঽপি তচ্ছোকব্যাকুলত্বেন বৈদগ্ধ্যাস্ফুরণাবিষ্কারেণ তদন্তিক-গমনোন্মুখত্বেন চ গত ইত্যুক্তম্, ভাবিকালদৃষ্ট্যা বা। পরিমলশ্চর্বণা-বিশেষ-বিমর্দোত্থ আস্বাদচমৎকাররূপ-মনোহর-গন্ধঃ;—"বিমর্দোত্থে পরিমলো গন্ধে জনমনোহরে" ইত্যমরঃ। তেন কবিতায়াঃ পুষ্পমঞ্জরীত্বারোপেণাস্বাদনীয়-রসত্বং ধ্বনিতম্। নিরালম্বস্তদাস্বাদক-তাদৃশরসিকভক্তমধুপানাং বিরলপ্রচারত্বাদিতি ভাবঃ॥

৭। শ্রীভগবৎপ্রসাদজনিত-বৈচিত্রীকাং স্ববাণীং সংবোধয়ংস্তয়া শ্রীভগবন্তমেব স্তোতুং প্রতিজানীতে—তবেতি। সুষ্ঠু বদ্ধৈব সতী মানমাদরং তনোষি, অন্যথা ন সুষ্ঠু বদ্ধা সতী বর্তমানমপি তং মানং ক্ষিণোষি নাশয়সি। যেন দৃঢ়ং বধ্যসে, তস্যৈব মানং বিস্তারয়সীতি বিচিত্রা তব চেষ্টা ইত্যর্থঃ। অতঃ কিমিতি স্তবং করবাণি, সুষ্ঠু বধ্নামোবেতি ভাবঃ॥

বিজ্ঞপ্তি ঃ

৬। (প্রস্তুত কাব্যে বর্ণিত রস ও প্রেম সাকল্যে আস্বাদন করবার লোকের অভাব দেখে দুঃখিত হয়ে কবিবর বলছেন—) শ্রীচৈতন্যভগবানের পরিকরগণ নিজ নিজ অভীষ্টস্থানে চলে গেলে এবং তিনি নিজেও প্রপঞ্চাগোচর নিজধামে চলে গেলে রসগ্রাহী শ্রোতার অভাব বশতঃ কাব্যবৈদগ্ধী বিলুপ্ত হয়ে গিয়েছে, প্রণয়রসরীতি বিগলিত হয়ে গিয়েছে, সুকবির কবিতা-পরিমল নিরাশ্রয় হয়ে গিয়েছে॥

৭। (শ্রীমন্ মহাপ্রভুর প্রসাদজনিত বিচিত্র স্ববাণীর সংবোধন করতে গিয়ে তাঁর দ্বারা শ্রীভগবানেরই স্তুতি করছেন কবিবর—) হে মাতঃ বাণী আপনার স্তুতি আমি কি দিয়ে করব—আপনার বিচিত্র লীলা কোনও প্রাণীই বর্ণন করতে সমর্থ নয়, কারণ কাব্য অলঙ্কারগুণাদিরজ্জুর দৃঢ় বন্ধনে বদ্ধ হলেই বন্ধনকারীর মান আপনি বাড়িয়ে তোলেন, আর বন্ধন আলগা হলে কবির প্রস্তুত মানও আপনি নাশ করে দেন। (আপনার এ ব্যবহার বিচিত্র—এর আর স্তব কি করব—সুষ্ঠু বন্ধনে বেঁধেই ফেলি।)

৮। মাতর্বাণি তবানিশং করুণয়া লব্ধপ্রমোদা বয়ং
কিং নু ত্বাং স্তুমহে ত্বয়ৈব যজতাং তোয়েন কস্তোয়ধিম্ ।
এতৎ প্রত্যুপকুর্মহে ভগবতঃ কৃষ্ণস্য লীলামৃত-
স্রোতস্যেব নিমজ্জয়ামি ভবতীং নোত্থেয়মস্মাৎ পুনঃ ॥

৯। আত্মনঃ প্রিয়তয়া তনুভাজাং, নাত্মনঃ কৃতিষু দূষণদৃষ্টিঃ ।
সর্বতস্তিমিরমস্যতি দীপো, নাত্মমূলতিমিরং বিনিহন্তি ॥

৮। ননু প্রণয়রসনয়া হৃদি বদ্ধোঽপি ভক্তৈর্ভগবান্ স্তূয়ত এবেত্যতঃ স্তবে কো দোষঃ ? তত্রাহ—তব করুণয়া লব্ধঃ প্রমোদো যৈস্তে বয়ং কিং নু ভোঃ ! ত্বয়ৈব বাণ্যৈব ত্বাং বাণীং স্তুমহে। জলেনৈব জলধিং জলাশয়ং কঃ পূজয়তু, স্তবনসাধনস্যান্যস্যাভাবান্ন স্তুমহে ইত্যর্থঃ। ত্বৎকর্তৃকানন্দদানস্য এতদেব প্রত্যুপকরণং কুর্মহে। কৃষ্ণস্যৈব লীলামৃত-স্রোতস্যেব নিমজ্জয়াম্যেবেত্যর্থসৌন্দর্যাদেবকারস্ত্রিধৈব যোজনীয়ঃ। অস্মাদমৃতস্রোতসো ভবত্যা পুনর্নোত্থাতব্যমিতি;—"স্রোতোঽম্বুবেগেন্দ্রিয়য়োঃ" ইতি বিশ্বঃ ॥

৯। ননু পূর্বপূর্ব-মহাকবিকৃত-কাব্যেষ্বপ্যর্বাচীনৈর্মম্মটভট্টাদিভির্দোষোত্থাপনাৎ কাব্যনির্মাণে কোঽয়মাগ্রহঃ ? সত্যম্, যে বিদ্বাংসঃ পরকৃতে কাব্যে দোষান্ বিচিন্বন্তি, তৎকৃতেঽপ্যন্যে তথৈবেত্যনবস্থিতিরিবেত্যর্থান্তরন্যাসেনাহ—তনুভাজামাত্মনঃ প্রিয়তয়া হেতুনা আত্মা হি প্রিয়ো ভবতীত্যত আত্মনঃ কৃতিষু দূষণদৃষ্টির্ন স্যাৎ, কিন্তু সা পরকৃতিষ্বেব স্যাদিত্যর্থঃ। যথা দীপো দীপান্তর-তিমিরমস্যতি দূরীকরোতি, ন আত্মমূলতিমিরং দীপমূলস্থমন্ধকারম্; দীপান্তরেণ তস্যাপি নাশঃ সম্ভবতীতি ভাবঃ ॥

৮। (হে কবি শোন, প্রণয়রজ্জুতে হৃদয়ে বদ্ধ হয়েও ভক্তের দ্বারা ভগবান স্তুতই হয়ে থাকেন, স্তবে আর দোষ কি ? এর উত্তরে বলা হচ্ছে—)

হে মাতঃ বাণি, আপনার সদা উচ্ছলিত করুণাতেই আমরা আনন্দ লাভ করছি—আপনারই বাণী দ্বারা বাণীরূপা আপনাকে কি পূজা করবো—জলেরই দ্বারা জলনিধির পূজা কে করে—আপনার করুণাজাত আনন্দের প্রত্যুপকার হিসাবে ভগবান্ শ্রীকৃষ্ণের লীলামৃতস্রোতে নিমজ্জিত করে দিচ্ছি আপনাকে—হে দেবী, এখান থেকে যেন আর উঠবেন না।

৯। (ওহে কবিবর পূর্ব পূর্ব মহাকবিকৃত কাব্যে নবীন কবি মম্মট ভট্টাদি দোষ উত্থাপন করে, কাজেই কাব্য নির্মাণে এই আগ্রহের কি প্রয়োজন—এর উত্তরে বলা হচ্ছে—)

সত্য, যে বিদ্বান্ পরকৃত কাব্যে দোষ খুঁজে বেড়ায়, তার কাব্যেও আবার অন্যে দোষ খুঁজে বেড়ায়—এতে মনে করার কিছু নাই—এই কথাকে অর্থান্তর-ন্যাস অলঙ্কারের দ্বারা বুঝাতে গিয়ে কবিবর বলছেন—)

প্রাণী মাত্রেরই নিজের আত্মাই প্রিয় হয়ে থাকে—সেই জন্য স্বকৃতকর্মে দোষদৃষ্টি হয় না—দীপ চতুর্দিকের অন্ধকার নাশ করে কিন্তু তার নিজের নিম্নস্থ অন্ধকার নাশ করে না।

১০। নির্ম্মলেঽপি সুজনাঃ স্বচরিত্রে, দোষমেব পুরতঃ প্রথয়ন্তে।
উজ্জ্বলেঽপি সতি ধাম্নি পুরস্তাদ্-,ধূমমেব বমতি স্ফুটমগ্নিঃ ॥

১১। অর্থাদি-পর্যাকলনং বিনাপি, প্রহ্লাদয়ন্তে সুকবের্বচাংসি।
বিনাবগাহাদপি দৃষ্টিমাত্রা-,ন্মনঃ পুনন্ত্যেব হি পুণ্যনদ্যঃ ॥

১২। তাবৎ পদানি জায়ন্তে নির্দ্দোষাণি পৃথক্ পৃথক্।
যাবৎ স্বরসনাসূচ্যা তানি গ্রথ্নাতি নো কবিঃ ॥

১৩। নির্ম্মলয়সি ভুবনতলং, সততাক্ষিপ্তেন পরমলেন।
খলরসনে সম্মার্জনি, তদপি চ ভীতির্ভবৎস্পর্শে ॥

১০। সাধূনাং কবীনাং পুনরন্য এব স্বভাব ইত্যাহ—পুরতঃ প্রথমেব, প্রথয়ন্তে খ্যাপয়ন্তি, পর্যালোচয়ন্তীত্যর্থঃ। স্বচরিত্রে স্বক্রিয়ায়াম্, ন তু পরকৃতে। ধাম্নি স্বীয়তেজসি নির্মলেঽপি সতি ॥

১১। ধ্বনি-গুণালঙ্কারাদ্যবগাহন-সমর্থ এব জনে কাব্যমিদং সফলীভবিষ্যতি, নান্যত্রেতি চেদত আহ—অর্থাদীতি। অর্থাদীনামর্থশব্দগুণালঙ্কাররসানাং পর্যালোচনং বিনাপি। মনঃ পুনন্তি, কিং পুনর্দেহেন্দ্রিয়াদীন্। পুণ্যনদ্যঃ শ্রীগঙ্গাদ্যাঃ ॥

১২। নন্থ পরকরিষ্যমাণং দোষাসঞ্জনং কিমিতি প্রথমং স্বয়মেবোরীকুরুষে, নির্দোষৈরেব পদৈঃ কিমিতি ন নিবধ্নাসি? তত্রাহ—তাবদিতি। মিলিতানি কৃত্বা রসনাসূচ্যা গ্রন্থনে নির্দোষীকরণমতিদুষ্করমেবেতি ভাবঃ। তেন সহৃদয়হৃদয়বিক্ষেপকা রসাপকর্ষকা দোষা এব হেয়াঃ, কেচিদ্যমকানুপ্রাসাদ্যনুরোধেনোপাদেয়া অপি সর্বথা নির্দোষস্য কাব্যস্যৈকান্তমসম্ভবাদিতি প্রাচীনৈরপ্যুক্তমিতি ॥

১৩। গুণালঙ্কাররসোৎকর্ষেঽপি কেবলং দোষমেব যে গৃহ্নন্তি, তে পরকীর্তিলোপচিকীর্ষবঃ খলা দূরে পরিহার্যা ইত্যাহ—নির্মলয়সীতি। হে খলজিহ্বে! সম্মার্জনি! স্বর্ণমণিময়স্থলেঽপি কথঞ্চিদলক্ষিতমকিঞ্চিৎকরং সূক্ষ্মতৃণশর্করাদি-

---

১০। (সাধু কবিদের স্বভাব কিন্তু অন্য প্রকার—তাই বলা হচ্ছে—)

নিজ কর্ম নির্মল হলেও সুজনগণ প্রথমে দোষই প্রচার করে থাকেন—নিজ তেজে উজ্জ্বল হলেও অগ্নি প্রথমে ধূমই উদ্গিরণ করে থাকে।

১১। (ধ্বনি-গুণালঙ্কারাদিতে অবগাহন-সমর্থ-জনেতেই এই কাব্য সফলতা প্রাপ্ত হয়, অন্যত্র নহে—এই রূপ যদি বলা যায় তার উত্তরে বলা হচ্ছে, 'অর্থাদীতি'—)

অর্থ-শব্দ-গুণ-অলঙ্কার এবং রসের আলোচনা বিনাই সুকবির বাক্য চিত্তকে অত্যন্ত আনন্দিত করে তোলে যেমন গঙ্গাদি পুণ্য নদী বিনা-অবগাহনেই দৃষ্টিমাত্র মনকে নিশ্চয়ই পবিত্র করে থাকে।

১২। (পরের দোষ নিজের উপর প্রথমেই কেন আরোপ করছেন—নির্দোষ পদের দ্বারা কেন-না কাব্য-রচনার কাজে লেগে যাচ্ছেন—এর উত্তরে বলা হচ্ছে—)

শব্দ যতক্ষণ পৃথক পৃথক থাকে, কবির রসনাসূচে গ্রথিত না হয় ততক্ষণই নির্দোষ থাকে ॥

১৩। (গুণালঙ্কার-রসোৎকর্ষ সম্পন্ন কাব্যেও যে ব্যক্তি কেবল দোষই দর্শন করে সেই পরকীর্তি-লোপ-চেষ্টিত খলকে দূরে পরিহার করাই উচিত—এই আশয়ে বলা হচ্ছে—)

হে খলজিহ্বে, সম্মার্জনী, যদিও সতত পরনিক্ষিপ্ত মলে অপরিষ্কৃত স্থান তুমি পরিষ্কার করে থাক

১৪ । ন লবোঽপি লবেন চ ব্যথায়াঃ, পরিবৃদ্ধৌ বিদুনোতি যস্য সর্ব্বঃ।
ন খলো নখলোমতো মতোঽন্য-,স্তমবদ্ধাঃ কিল কে ন সংত্যজেয়ুঃ ॥

১৫ । আনন্দবৃন্দাবন-নামধেয়াং চম্পূমিমাং কৃষ্ণচরিত্রচিত্রাম্ ।
মনোবিনোদায় রসগ্রহাণাং, চক্রে স্ব-মোদায় চ কর্ণপূরঃ ॥

১৬ । যথা তথা স্যুঃ কুসুমানি মালা, চিত্রায়তে গুম্ফন-কৌশলেন ।
তত্রাপি চেত্তানি সুসৌরভাণি, ভবন্তি রম্যাণি তদা পুনঃ কিম্ ॥

খণ্ডরূপং মলমেব গ্রহীতুং তত্র পবিত্রে স্থানে নিজস্পর্শাদপাবিত্র্যমপি কর্তুং প্রবিশতীতি ভাবঃ ॥

১৪ । যস্য লবেন ছেদেন ব্যথায়া লবোঽপি লেশোঽপি ন ভবতি, যস্য পরিবৃদ্ধৌ সত্যাং সর্বো জনো বিদুনোতি, বিশেষেণোপতপ্তো ভবতি; দুনোতিরয়মকর্মকোঽপ্যস্তি;—(৩৷৩) "দেহি সুন্দরি! দর্শনং মম মন্মথেন দুনোমি" ইত্যাদি শ্রীগীতগোবিন্দাদিদৃষ্টত্বাৎ। তথাভূতান্নখলোমতঃ খলোঽন্যো ন মতঃ, ন জ্ঞাতঃ। যে নখা যানি লোমানি চ ছেদয়িতুমিষ্টানি, তৎস্বরূপ এব খলোঽনুভূতস্তাদ্ধর্ম্যাদিত্যর্থঃ। তমেতাদৃশমবদ্ধাঃ স্বতন্ত্রাঃ কিল নিশ্চিতং কে ন সংত্যজেয়ুঃ ? যে বদ্ধাস্তৎপারবশ্যবন্ধনে পতিতাস্ত এব ন ত্যজেয়ুরিতি। নখলোমাঽপি কারাগারস্থা এব ন ত্যজেয়ুরিত্যনেনাপি সাধর্ম্যম্,—তমিত্যস্য পুংস্ত্বনির্দেশো দার্ষ্টান্তিকপক্ষস্যৈব প্রাধান্যাৎ। পূর্বত্র তনুভাক্শব্দোক্তানাং বিদুষাং পরকৃত-কাব্যদোষোদ্ধৃত্যা তন্নিষ্ঠরসালঙ্কার-গুণাদি-প্রকাশকত্বেন চ ঘটপটাদিনিষ্ঠতিমিরমাত্রহারকত্বেত্তদ্রূপাদিপ্রকাশকদীপেন সাধর্ম্যম্। খলানাং পুনঃ সতোঽপি গুণালঙ্কারাদীনাচ্ছাদ্য কাব্যলোপচিকীর্ষয়া কেবলদোষাসঞ্জনমেব কুর্বতাং মুখপাণ্যাদি-সৌন্দর্যাচ্ছাদক-দেহ-শোষক-নখলোম-সাধর্ম্যমিতি বিবেকঃ। আত্মন ইত্যাদিদ্বয়ং সামান্যত এব সাধূনামুত্তমত্ব-তারতম্য-জ্ঞাপকম্। তথা নির্মলয়সীত্যাদিদ্বয়ং খলানামধমত্ব-তারতম্যজ্ঞাপকমিত্যেবং পদ্যচতুষ্টয়ং মধ্যপদ্যদ্বয়ানুরোধেন কাব্যপ্রকরণ এব ব্যাখ্যাতমিতি ॥

মানং বর্ণামানং সাদৃশ্যং যস্য তম্। দৃশ্যং দৃগ্‌ভ্যাং হিতং বস্তুশক্তিস্বাভাবোনাপি সমস্তদুরিতনাশাম, নিরাতঙ্কং নিঃশঙ্কং তং বহুকালতোঽপি প্রসিদ্ধং কঞ্চনানির্বচনীয়ং দর্পং হরন্তং সংহরন্তমিব। কন্দর্পং কামদেবমপি মাধুর্যেণ কংসয়ন্তং ধিক্‌কুর্বন্তম্; "কসি হিংসায়াং" চুরাদিঃ। মাধুর্যেণ কীদৃশেন? মা শোভা তস্যা ধুর্যেণ। অত্র তমালেতি দৃশ্যমিতি পরমেতি কন্দর্পেতি চ বিশেষণচতুষ্টয়েন তাদৃশমাধুর্যশালিনমপি নৃশংসঃ কালীয়ো হিংসার্থং তথাকরোদিতি। তথা নিরাতঙ্কমিতি দর্পং হরন্তমিতি বিশেষণাভ্যাং তাদৃশপ্রভাবশালিত্বেনানুভূয়মানমপি তং তথাঽকরোৎ স মহামূর্খ ইতি বিরোধো দ্যোতিতঃ। তত্র সমাধত্তে—সপ্রকোপেতি। প্রকোপো বৃদ্ধিঃ, যথা পিত্তপ্রকোপো জ্বরপ্রকোপ ইতি। সপ্রকোপয়া বর্ধমানয়া রুষা পরুষায়িতমনাঃ কটূকৃতচিত্তঃ। প্রৌঢ় আভোগঃ পরিপূর্ণতা যস্য তেন; "আভোগঃ পরিপূর্ণতা" ইত্যমরঃ। কালীয়ো দীর্ঘমধ্যোঽপি। কালীয়কং 'কলম্বক' ইতি খ্যাতং সুগন্ধিকাষ্ঠম্। প্রজগল্‌ভে প্রাগল্‌ভ্যমকরোৎ ॥

১১। তং ভগবন্তম্, প্রাংশুরুন্নতঃ, প্রকৃষ্টোঽংশুভরো যত্র তেন; "উচ্চপ্রাংশূন্নতোদগ্রাঃ" ইত্যমরঃ। মহাযামং বিস্তারম্, মানোদ্ধতো গর্বোদ্ধতঃ, যতো ভোগী ফণী, বিষয়ভোগবাংশ্চ ॥

১২। অচ্ছয়া নির্মলয়া, নাত্র কুযুক্তিঃ কল্পনীয়েতি ভাবঃ। প্রাপ্তসর্পবন্ধলীলঃ। ভদ্রশ্রীতরুশ্চন্দনবৃক্ষঃ; অক্ষোভঃ ক্ষোভরহিতঃ; অত্র কালিয়দমনলীলায়াং প্রয়োজনান্তরমপি নিগূঢ়মস্তীত্যাহ—বক্ষসো ভা কান্তিস্তয়োৎকর্ষেণ মিশ্রয়িতব্যো

চন্দনে সুরভিত সেই শ্রীকৃষ্ণকে দেখে জ্বরপ্রকোপের মতো বর্দ্ধমান ক্রোধে ঝাঁঝালো সেই কালিয় তার বিশাল শরীর দ্বারা জড়িয়ে ধরল।

১১। অতঃপর গর্বোদ্ধত সেই ভোগী কালিয় তার সেই অতিপ্রখর তেজশালী কৈশোর-আনন্দোচ্ছল শরীরের অনুপাতে আকারে ছোট্ট হলেও সেই অঘমথন ভগবানকে তৎকালে কোনও অনির্বচনীয় মহাবিস্তারপ্রাপ্ত বস্তুর মতো মনে করতে লাগল—তার বিশাল শরীরের দ্বারা তাঁকে পরিবেষ্টন করে সে যেন নিঃশেষিত হয়ে গেল।

১২। এইরূপে নিজের নির্মল ইচ্ছায় সর্পবন্ধনলীলায় লীলায়িত, চন্দন তরুর মতো সহিষ্ণু, বক্ষোকান্তির সহিত নবকৌস্তুভের একান্ত মিশ্রণাভিলাষী ভগবান্ ফণিবরের ফণামণ্ডলে যে তাণ্ডবনৃত্যের ইচ্ছা করছেন তার আরম্ভে বিলম্ব করতে লাগলেন যতক্ষণ-না কৃষ্ণাভিন্ন অন্য কামনারহিত, অন্য দেবতাগণে স্পৃহাহীন, সর্ববিলক্ষণ ব্রজবাসিদের নয়নের লোকোত্তর চমৎকারী হয় এ-নৃত্য। অতঃপর

১৩। তাবদেবমনুকূলমনুকূল-বিপর্য্যস্ত-প্রাণেশ-শ্রীকৃষ্ণোত্থান-বিলম্ব-লম্বমানমাভীলমাভীলমালম্ব-মানাঃ পশবঃ শিশবশ্চ শিথিলজীবনা বিহায়সি চ বিহায় সিচয়কচপ্রচয়াদি-সম্বরণং গীর্বাণা বাণাহতা ইব মর্মব্যথাপন্না হাহেতি স্রবদস্রবদনধাবনা ধাবনাসমর্থা নিধায় করযুগলং মূর্দ্ধনি ধ্বনিমুক্তকণ্ঠমুভয়ে ভয়েন শোকেন কেনচিদার্ত্তাঃ 'কষ্টং ভোঃ কষ্টং হা হতা হা হতাঃ স্ম' ইতি নিরালোকং লোকং সকলমেব বীক্ষমাণা যাবদাসাদিত-মূর্চ্ছাং মূর্চ্ছাং প্রাপ্নুবন্তি স্ম, তাবদেব ব্রজনগরজনগরলোদধিনেবাতিকষ্টেনারিষ্টেনা-বিকৃতিবিকৃতবিভাবকেনেবাভাবি ॥

মিশ্রয়িষ্যমাণো নব্যঃ কৌস্তুভো যেন সঃ, স্বত্যনন্তরং কালীয়পত্নীভিঃ কৌস্তুভরত্নস্যোপহারীকরিষ্যমাণত্বাৎ। যাবতি যৎপরিমাণকে কর্তব্যে করিষ্যমাণে ফণিবরস্য ফণামণ্ডলে তাণ্ডবস্যালোকো লোকোত্তরচমৎকারী ভবতি, তাবৎ তৎ-পরিমাণকং ব্যলম্বিষ্ট, বিলম্বমানো বভূবেত্যন্বয়ঃ। কৃষ্ণস্য তুঙ্গতানুসারেণ তেন স্বতুঙ্গতাবিষ্কারাৎ। কেষাং চমৎকারী? অন্যকামেষু কৃষ্ণভিন্নবস্তুকামনায়াং খিলানাং ন্যূনানাং রহিতানামিতি যাবৎ। অখিলানাং সমস্তানামিতি হেতোঃ। অখিলানামিত্যুক্তং তত্র তেষাং নগরস্থানাং নন্দাদীনাং সর্বেষাং কথমাগমনং সম্ভবেদিতি তদানীন্তন-তাদৃশেচ্ছাশক্ত্যা এব দুর্লক্ষণং প্রদর্শ্য ব্রজান্নিষ্কাস্য সর্ব এব তে স্বয়মানায়য়ামাসিরে শীঘ্রমেবেত্যাহ—অনন্যেতি। ন অন্যাং দেবতামপীচ্ছন্তীতি কিপ্, তেষাং দেবতাপি যদি পুত্রাদিরূপেণ স্বয়মাগত্য তিষ্ঠেৎ, তামপি শ্রীকৃষ্ণং বিনা নেচ্ছন্তীত্যর্থঃ। ননু তর্হ্যেবংভূতানপি তান্ বিষহ্রদস্থং স্বং দর্শয়িত্বা দুঃখয়িষ্যত্যেব কেবলমিত্যত্র 'ন হি ন হি ইত্যাহ—অগ্রদেব সর্ববিলক্ষণং প্রেম বর্ধয়িতুম্। আয়ত্যাং স্বপ্রাপ্ত্যা তেষাং পরমানন্দসিন্ধৌ মজ্জয়িষ্যমাণত্বাৎ। অতএব ধৈর্যং বর্ধয়িতুং ছেত্তুম্, 'বর্ধ ছেদনে' চৌরাদিকঃ। রাগমনুরাগম্, অনায়ত্তমপরাধীনম্, আতঙ্কপিশুনাং ভয়সূচিকাম্, আশু শীঘ্রম্, নাম প্রাকাশ্যে, অরিষ্টস্য কল্পনামিত্যনেন তস্যাবাস্তবত্বং ব্যঞ্জিতম্,—অঘবকাদিবধলীলায়ামিবাত্রাপি কৃষ্ণস্য সর্বথা স্বস্তিমত্ত্বেন স্থিতেঃ ॥

১৩। তাবদেবমনেন প্রকারেণ কূলমনু তটং লক্ষীকৃত্য-অনুকূলস্য বিপর্যস্তং প্রতিকূলং প্রাণেশস্য শ্রীকৃষ্ণস্যোত্থান-বিলম্বেন লম্বমানং দীর্ঘীভবৎ আভীলং কষ্টমালম্বমানা আশ্রয়ন্তঃ। কীদৃশম্? আ সম্যক্প্রকারেণ ভিয়ং লাতি দদা-তীতি তৎ। বিহায়সি আকাশে, ইত্যনুসন্ধানাভাবব্যঞ্জকম্। গীর্বাণা দেবাঃ, স্রবতা অস্রেণ বদনানাং ধাবনং প্রক্ষালনং

তাঁদের প্রেমবর্দ্ধনের জন্য, শীঘ্র যাতে চলে আসে সে-উদ্দেশ্যে তাঁদের ধৈর্য ছিন্ন করে দেওয়ার জন্য, সর্বতন্ত্রসতন্ত্র অনুরাগ দর্শনের জন্য ব্রজে আতঙ্কসূচক অরিষ্ট-কল্পনার উদয় করালেন তিনি।

ব্রজবাসিগণের ভয় ও বিলাপ :

১৩। সেই সময়ে এই প্রকারে তট থেকে দূরে প্রতিকূল অবস্থায় পতিত প্রাণদেবতা শ্রীকৃষ্ণের উত্থানের বিলম্বকাল দীর্ঘ হতে থাকলে অতি ভয়ঙ্কর দুঃখে অভিভূত সহচর শিশুগণ ও গোসমূহ প্রায় মরণদশায় এসে উপস্থিত হলেন। আকাশে দেববৃন্দ বস্ত্র-কেশকলাপাদি সম্বরণ না করেই বাণাহত জনের মতো কাতর হয়ে এসে 'হায় হায়' করে উঠলেন। শিশুগণ দৌড়তে অসমর্থ হয়েও মাথায় হাত দিয়ে অশ্রুবিসর্জন করতে করতে দৌড়তে দৌড়তে আর্তস্বরে চিৎকার করে শোক করতে লাগলেন— 'হা কষ্ট হা কষ্ট হায় হায় মরে গেলাম গো মরে গেলাম'—এরূপ কোনও অনির্বচনীয় ভয় ও শোকে আর্ত শিশুগণ ও গোসমূহ উভয়ে যখন সমস্ত জগৎ অন্ধকার দেখতে লাগলেন তখন অতি প্রবল মূর্চ্ছা

১৪। যথা দিনকরমুখাভিমুখ-মুখরতা-খরতার-ধ্বনি-ধ্বনিতাশিবাভিঃ শিবাভির্নির্ধূলীধূ-লীঢ়াভিরপি ধূমধূমলতয়া মলীমসতয়া সম্বাদিগবলাভির্দিগবলাভিঃ, বিড়ম্বিতনির্মহোমণিনাঽহোমণিনা, খরতরস্পর্শনেন স্পর্শনেন, বভূবে ভূ-বেপথুনা পৃথুনা পৃথগেব, পস্পন্দে বামনয়নাঽবামনয়নাদি, পুংসাস্তু বামনয়নাদি, উভয়েষামেব ব্যথমানমানসত্বং ন সত্বং তাবৎ কমপ্যনুদ্বেগমাশিশ্রায়॥

১৫। ইত্যেবংবিধ-বিবিধ-বিরুদ্ধাঽভাবুকভাঽঽবুক-মহাতঙ্ক-পঙ্কপঙ্কিলহৃদঃ সর্ব এব ঘোষা ঘোষাধিরাজেন সমং সমন্তত উদ্ভূত-ভূত-বিপ্লবমিব মন্যমানা মানাতীতং কৃষ্ণানুভাবং হৃদনুভাবং ভাবং চ নানুভবন্ত

যেষাং তে। উভয়ে পশবঃ শিশবশ্চ। আসাদিতা প্রাপ্তা মূর্চ্ছাসমুচ্ছ্রায়ো যয়া তাম্, অতিমহতীং মূর্চ্ছামিত্যর্থঃ; 'মূর্চ্ছা মোহসমূর্চ্ছয়য়োঃ' ইতি ধাতুপাঠাৎ। ব্রজনগরস্বজনেষু গরলসমুদ্রেণেব অরিষ্টেনাভাবি অভূয়ত। কীদৃশেন? অবিকৃতিবিশেষেণৈব ক্রিয়ারাহিত্যং নিশ্চেষ্টত্বং প্রলয় ইতি যাবৎ। সৈব বিকৃতিঃ সাত্ত্বিকবিকারোঽষ্টমস্তদ্বিভাবকেন তজ্জনকেনেব॥

১৪। দিনকরস্য সূর্যস্য মুখাভিমুখান্যগ্রে কৃতানি মুখানি তেষাং মুখরতয়া মৌখর্যেণ হেতুনা যঃ খরস্তার উচ্চতরো ধ্বনিস্তেন ধ্বনিতং ব্যঞ্জিতমশিবমশুভং যাভিস্তথাভূতাভিঃ সতীভিঃ শিবাভিঃ শৃগালৈর্বভূবে অভূয়ত। ধূলীনাং ধূঃ কম্পনং বায়ুগত্যা চলনং তয়া যা রীঢ়া নিন্দ্যত্বেনাবজ্ঞাস্তাভ্যো নির্গতাভিরপি; "রীঢ়াবমাননাবজ্ঞা" ইত্যমরঃ; রলয়োরৈক্যম্। সম্বাদি সাদৃশ্যধারি গবলং মহিষং শৃঙ্গং যাসাং তাভির্দিগ্ভিরেবাবলাভিঃ স্ত্রীভিঃ। অহোমণিনা সূর্যেণ। কীদৃশেন? বিড়ম্বিতোঽনুকৃতো নির্মহা নিস্তেজস্কো মণির্যেন তথাভূতেন বভূবে। স্পর্শনেন পবনেন। ভূবেপথুনা ভূকম্পেন পৃথগেবেতি সর্বতোঽপ্যাধিক্যদ্যোতনায়। বামনয়নানাং নারীণাম্, অবামনয়নাদি দক্ষিণনয়নভুজোরু, পুরুষাণাং তু তদ্বিপর্যয়েণ বামনয়নভুজোরু; উভয়েষাং পুংসাং স্ত্রীণাঞ্চ সত্ত্বং প্রাণঃ কমপ্যনুদ্বেগং ন আশিশ্রায়, ন প্রাপ, কিন্তু সর্বমেবোদ্বেগমিত্যর্থঃ। "সত্ত্বং ভাবে স্বভাবে চ ব্যবসায়প্রভাবয়োঃ। পিশাচাদৌ গুণে প্রাণে বলে জন্তৌ চ চেতসি॥" ইত্যমরমালা॥

এসে তাঁদের গ্রাস করল। আর সেই সময়ে ব্রজনগরজনের নিকট সম্পূর্ণ নিশ্চেষ্টতারূপ প্রলয় নামক অষ্টমসাত্ত্বিকবিকারের উৎপাদক, গরলসমুদ্রের মতো অতিশয় কষ্টপ্রদ, অমঙ্গলসূচক উৎপাত এসে উপস্থিত হল।

১৪। (এই অমঙ্গলসূচক অরিষ্ট কিরূপ তাই বলা হচ্ছে—)

শৃগাল সূর্যের দিকে মুখ করে মুখরতায় খর হয়ে উচ্চধ্বনিতে অশুভ ব্যঞ্জনা করতে লাগল, উড়ন্ত ধূলি কম্পনের দ্বারা দিগ্বলয়ের প্রতি অবজ্ঞা প্রকাশ করায় দিগ্বলয় ধূলিহীন হয়েও ধূমে ধূমল মলে মলিনতা প্রাপ্ত হয়ে মহিষশৃঙ্গবর্ণের সাদৃশ্য লাভ করল, সূর্য নিস্তেজ মণির সাদৃশ্য লাভ করল, পবন খরতর বইতে লাগল, আর সর্বাধিক অমঙ্গলসূচকরূপে দেখা দিল অতি প্রবল ভূমিকম্প, রমণীদের দক্ষিণভুজোরুনয়নাদি আর পুরুষদের বামনয়নাদি স্পন্দিত হতে লাগল—উভয়েরই মন ভরে উঠল বেদনায়, প্রাণে কোনপ্রকার স্বস্তি এল না, সব কিছুই উদ্বেগপূর্ণ মনে হতে লাগল।

১৫। এইরূপ উপর্যুক্তপ্রকার বিবিধ বিরুদ্ধ অমঙ্গল-তেজের জনক মহা আতঙ্কপঙ্কে পঙ্কিল

ইতি তং প্রতি শশঙ্কিরে ॥

১৬। 'অহো! অদ্য মহাবুদ্ধিবলেন বলেন বিনা বনং গতবানেকোঽনেকোপদ্রবকরাঽবকরাঽরিঘোরং নিরঘোঽরং নিরবধানৈঃ শিশুভিঃ পশুভিঃ নাভিজ্ঞৈঃ সহ স হতাঃ স্মো ন বিদ্মঃ শিব! শিব! কিং কষ্টং সমজনি' ইমি নীতিমন্তঃ ॥

১৭। ত্বরিতমেব যথাবস্থিতমবস্থিতমপহায় হায়নোর্ধ্বমপি বালকমারভ্য সকলা এব বিকলা, বিকলা এব বিবৃদ্ধশোককৃষ্ণবর্ত্মনা কৃষ্ণবর্ত্মনামুদ্দেশেন কুলবধূসমেতপুরপুরন্ধ্রীভিঃ সমং ব্রজেশ্বরী বালবৃদ্ধতরুণাভীরৈঃ সহ সহসঙ্কর্ষণো ব্রজেশ্বরশ্চ ত্রিভুবনবিলক্ষণলক্ষণভগবচ্চরণকমললক্ষ্মানুসারেণ কাতরমনসো মনসোঽগ্রত এব তং দেশমাসেদুঃ। কেবলং স্থাবরতয়াঽবরতয়া শোচন্তীবাত্মানমনিশান্তানি নিশান্তানি স্থিতানি ॥

১৫। এবংবিধং বিবিধং বিরুদ্ধং যদভাবুকমকুশলং তস্য ভা কান্তিস্তস্যা আবুকেন জনকেন মহাতঙ্করূপপঙ্কেন পঙ্কিলং হৃৎ যেষাং তে; "অথাবুকো জনকঃ" ইত্যমরঃ। ঘোষা গোপাঃ, মানাতীতং সংখ্যাতীতং কৃষ্ণস্যানুভাবং প্রভাবম্, অনুভাবং ভাবঞ্চ অনুভূয় অনুভূয়াপি নানুভবন্তঃ। অত্রাদৌ ধাতুঃ সাধনেন যুজ্যতে, পশ্চাদুপসর্গেণেতি-মতে ণমুলন্তস্য দ্বিত্বানন্তরমুপসর্গযোগ ইতি। তং প্রতি শ্রীকৃষ্ণং প্রতি ॥

১৬। কং শশঙ্কির ইত্যত্রাহ—অহো অদ্যেতি। বলেন বলদেবেন। বনং কীদৃশম্? অনেকোপদ্রবকরোঽবকরো দোষো যেষাং তৈররিভিঃ শত্রুভির্ঘোরম্। স কৃষ্ণস্তু নিরঘঃ কস্যাপ্যপরাধং ন করোতি, তথাপীত্যর্থঃ ॥

১৭। অবস্থিতং ভোজনপানাদ্যবস্থাং তত্তচ্চেষ্টামিত্যর্থঃ। তত্রাপি যথাবস্থিতং তত্তচ্চেষ্টানামপি তথা তথা ভাবমনতিক্রম্য সমাপ্তিমনপেক্ষ্য মধ্য এব বিহায়েত্যর্থঃ। শোককৃষ্ণবর্ত্মনা শোকাগ্নিনা;—"কৃষ্ণবর্ত্মা শোচিষ্কেশ উষর্বুধঃ"

হৃদয় গোপগণ সকলেই ঘোষাধিরাজের সহিত মনে করলেন যেন চতুর্দিক থেকে উঠে এসে ভূতলে ছড়িয়ে পড়ছে প্রলয়ের মতো কোন কিছু। অসংখ্য কৃষ্ণঐশ্বর্য অনুভূত হতে হতেও মাধুর্যের আবরণে পড়ে অননুভূতের মতো রয়ে গিয়েছে যাঁদের ভিতরে সেই তাঁদের মনে কৃষ্ণসম্বন্ধে নানাবিধ শঙ্কার উদয় হতে থাকল।

১৬। 'নীতিবিজ্ঞ গোপেরা বিলাপ করতে লাগলেন—অহো, অনেক উপদ্রবকর দোষে দুষ্ট শত্রুগণের দ্বারা উপদ্রুত ঘোর বনে অনবধান অনভিজ্ঞ শিশু-পশুর সহিত আমাদের নিরপরাধ কৃষ্ণ মহাবুদ্ধি বলে বলীয়ান বলদেব বিনা একা তাড়াতাড়ি চলে গিয়েছে, হায় হায়, আমরা মরে গেলাম, এখান থেকে বুঝতে পারছি না শিব! শিব! তার কি কষ্ট উপস্থিত হল।'

১৭। ভোজনপানাদি চেষ্টা যেমন যেমন অবস্থায় ছিল তাড়াতাড়িতে সেই অবস্থাতেই ছেরে দিয়ে বৎসরাধিক বয়সের বালক থেকে আরম্ভ করে ভয়বিহ্বল কাতরমনা তাঁরা সকলেই প্রজ্জ্বলিত শোকাগ্নিতে অস্থির অবস্থাতে যমুনার পথ সন্ধান করে ব্রজেশ্বরী কুলবধূ-সঙ্গত পুরস্ত্রীগণের সহিত এবং ব্রজেশ্বর বালবৃদ্ধতরুণ গোপসমন্বিত সঙ্কর্ষণের সহিত ত্রিভুবন-বিলক্ষণ-লক্ষণ ধ্বজবজ্রাদি চরণকমলচিহ্ন অনুসরণে মনোবেগের থেকে অধিক বেগে সেই কালিয়হ্রদের তটে পৌঁছে গেলেন।

১৮। এবমাগতাশ্চ তে তং দেশং তদ্দেশং তমন্তরেণ রুদতঃ শিশূনপি পরমশোকাতুরানবলোক্য প্রশ্নমন্তরেণৈবমন্তরেণৈব নিবেদিতমবগত্য শ্রীকৃষ্ণস্য বিষহ্রদাপ্লাবনং বিষহ্রদাপ্লবনং কৃতবন্তমিবাত্মানং তটস্থা এব জানন্তি স্ম॥

১৯। আপাদাগ্রশিরোবিষানলমহোমাহাত্ম্যদগ্ধা ইব
জ্বালাজালকরালভস্মিতহৃদঃ সর্বে নিপেতুর্ভুবি।
বাত্যাবর্ত্তবিপাটিতা ইব লতা নার্য্যো নরাশ্চ ক্ষণা-
ন্মূলচ্ছেদধুতা দ্রুমা ইব হ্রদপ্রান্তস্থলীং তস্তরুঃ॥

২০। হা তাত তাতবৎসল, কিং কৃতমতিসাহসং সহসা।
ইতি বাষ্পরুদ্ধকণ্ঠং, রুদন্মুমূর্চ্ছ ব্রজাধীশঃ॥

২১। ব্রজজনপ্রিয় বৎস বিপদ্যতে, ব্রজজনস্তব দর্শয় সন্নিধিম্।
অহহ হা বত হেত্যনুলাপিন-,স্তমভিতঃ পতিতা ভুবি গোদুহঃ॥

ইত্যমরঃ। তং দেশং কালিয়হ্রদতটম্। স্থাবরতয়া আত্মানমবরতয়া অবরত্বেন নিকৃষ্টত্বেন গমনাসামর্থ্যেন শোচন্তীব। অতএব অনিশান্তানি, ন নিতরাং শান্তানি দুঃখশান্তিমপ্রাপ্তানীত্যর্থঃ। নিশান্তানি গৃহাণি; "নিশান্তবস্ত্যসদনম্" ইত্যমরঃ॥

১৮। তদা তস্মিন্ কালে ঈশং শ্রীকৃষ্ণং তমন্তরেণ বিনা রুদতঃ, অতএব ক স ভবতাং প্রাণবন্ধুরিতি প্রশ্নমন্তরেণ, এবং হা হন্ত বিষহ্রদে স প্রবিষ্ট ইতি তৈর্নিবেদিতমপ্যন্তরেণ বিনৈবাবগত্য জ্ঞাত্বা তটস্থাঃ কূলস্থা অপি॥

১৯। করালং যথা স্যাত্তথা ভস্মিতং হৃৎ যেষাং তে। তস্তরুরাচ্ছাদিতবন্তঃ॥ (২০)

২১। হে ব্রজজনস্য প্রিয়! বহুব্রীহির্বা, তব ব্রজজনো বিপদ্যতে ম্রিয়তে। তং নন্দমভিতঃ, গোদুহো ব্রজরাজস্য সখায়ঃ॥

১৮। এই প্রকারে হ্রদের তটে আগত তাঁরা সকলে কৃষ্ণবিরহে পরমশোকাতুর শিশুদের রোদনরত দেখে বিনা প্রশ্নোত্তরেই আকার-ইঙ্গিতে শ্রীকৃষ্ণের বিষহ্রদে ডুবন জানতে পেরে তটে দাঁড়ান অবস্থাতেই মনে করতে লাগলেন যেন বিষহ্রদে ডুবে গিয়েছেন।

১৯। আপাদমস্তক বিষানল-তেজপ্রভাবে দগ্ধ ব্যক্তির মতো জ্বালাজালে সম্পূর্ণ ভস্মীভূত চিত্ত তাঁরা সকলে মাটিতে আছাড় খেয়ে পড়লেন। নারীগণ ঝড়ের বেগে উৎপাটিতা লতার মতো আর পুরুষগণ মূল ছেদনে আন্দোলিত বৃক্ষের মতো ধরাশায়ী হয়ে হ্রদের তটভূমি ছেয়ে ফেললেন।

২০। 'আরে বাপ, পিতৃবৎসল, সহসা এ অতিসাহস কেন করলে'—এ বলে বাষ্পরুদ্ধকণ্ঠে কাঁদতে কাঁদতে ব্রজাধীশ মূর্চ্ছা প্রাপ্ত হলেন।

২১। 'হে ব্রজজনপ্রিয়, বৎস, তোমার ব্রজজন বিপদগ্রস্ত, তোমার সান্নিধ্য দর্শন করাও, হায় হায়, হা দুঃখ' এরূপে বিলাপকারী গোপগণ ব্রজরাজের চারিদিকে ভূমিতে লুটিয়ে পড়লেন।

২২ । সমদুঃখসুখা ব্রজেশভার্যাং, পরিতস্তাং পতিতাঃ সহৈব গোপ্যঃ ।
কুররীমিব শোককর্শিতাঙ্গীং, বিলপন্তীং করুণস্বরং বিলেপুঃ ॥

২৩ । নবমুগ্ধদৃশঃ কুমারিকাশ্চ, প্রথমানপ্রথমানুরাগভাজঃ ।
স্খলিতা ভুবি মূর্চ্ছয়ৈব সখ্যা, কৃতসান্ত্বা ইব নো তদা বিলেপুঃ ॥

২৪ । এবং তদা তদাকারাকারিতমনস্তয়াঽনস্তয়াঽপ্রাকৃততয়াঽঽততয়া চ তথাবিধেঽপি শোকে জীবিতানি বিতানিত-স্থেমানি ন পরং যদি বহিরভূবন্, তদা করুণবিলাপশব্দগুণং গগনম্, অশ্রুনির্ঝরময়ো হ্রদতটঃ, নিঃসহনিপতিতৈঃ কলেবরৈশ্ছিন্নলতাদ্রুমময়ীব ধরণী, শোকময়ঃ সময় ইতি স্থিতে কৃষ্ণানুভাব-ভাবনাকুতূহলিনা হলিনা কিঞ্চিদূচে ॥

২৫ । 'হংহো তাত ! তাতপ্যমান-মানসতয়া সমেধমানেন মাঽনেন শোকেন স্বদেহঃ খেদয়িতব্যো

---

২২ । গোপ্যো ব্রজেশ্বর্যাঃ সখ্যঃ সমদুঃখসুখাঃ, তস্যাঃ সুখেন সুখিন্যঃ, তস্য দুঃখেন দুঃখিন্য ইত্যর্থঃ । "অভিতঃ-পরিতঃ-সময়া-নিকষা-হা প্রতিযোগেষ্বপি দৃশ্যতে" ইতি দ্বিতীয়া ॥

২৩ । নবমুগ্ধদৃশো বধ্বঃ ; যদ্বা, তথাভূতা ভবত্যঃ কুমারিকাশ্চেতি চ-কারাল্লব্ধানাং বধূনামেবাত্র প্রাধান্য-মায়াতম্ ॥

২৪ । তদা তস্মিন্ কালে তস্য শ্রীকৃষ্ণস্যাকারেণাকৃত্যা আকারিতান্যাহূতানি মনাংসি যেষাং তেষাং ভাবস্তত্তা তয়া । অতএবানস্তয়া ন অস্তং গতয়া ; তত্র হেতুঃ—অপ্রাকৃততয়া । সাপি নৈকাংশেন, কিন্তু সর্বাংশেনৈবেত্যাহ—আততয়া সম্পূর্ণয়া হেতুনা, তথাবিধেঽপি শোকে, জীবিতানি প্রাণাঃ । কীদৃশানি ? বিতানিতো বিস্তারিতঃ স্থেমা স্থৈর্য্যং যৈস্তানি । নিঃসহং যথা স্যাত্তথা নিপতিতৈঃ । কৃষ্ণস্যানুভাবস্য প্রভাবস্য ভাবনা অনুসন্ধানং তেনৈব কুতূহলবতেতি তস্য প্রগাঢ়প্রেমা-বেশতিরোহিতৈশ্বর্য-জ্ঞানত্বেঽপি তদানীমৈশ্বর্যশক্ত্যা মনসি স্বয়মেব স্ফুরিতং শ্রীমন্নন্দাদীনাং সর্বেষাং কিঞ্চিৎ সন্ধুক্ষণ-প্রাপণার্থমিতি জ্ঞেয়ম্ ॥

২৫ । তাতপ্যমানমতিশয়েন তপ্তং ভবতি মানসং যস্মাত্তস্য ভাবস্তত্তা তয়া সম্যগেধমানেন বর্ধমানেন শোকেন

---

২২ । সমদুঃখসুখী গোপীগণ ব্রজেশভার্যার চারদিকে তাঁর সহিতই লুটিয়ে পড়লেন ভূমিতলে—শোককর্শিতাঙ্গী বিলাপিনী ব্রজেশ্বরীর সঙ্গে সমস্বরে কুররীর মতো করুণস্বরে বিলাপ করতে লাগলেন তাঁরা ।

২৩ । প্রথমান প্রথমানুরাগময়ী নবমুগ্ধনয়না বধূগণ ও কুমারিকাগণ ভূমিতে লুটিয়ে পড়লে মূর্চ্ছারূপা সখীদ্বারাই যেন সান্ত্বনাপ্রাপ্ত হয়ে কোনও রূপ বিলাপ করছিলেন না ।

২৪ । এ অবস্থাতেও শ্রীকৃষ্ণাকারে আকারিত মনোভাবের প্রভাবে এবং সর্বাংশে অপ্রাকৃততা হেতু তাঁদের প্রাণ অস্তমিত হল না । তথাবিধ শোকেও ধৈর্যধৃত হওয়ায় যদি অনন্তর তাঁদের প্রাণবায়ু বাইরে বেরিয়ে এল না তখন সেই বায়ুর বেগে আকাশ করুণ বিলাপ-শব্দগুণময়, হ্রদতট অশ্রু-নির্ঝরময়, ধরণী দুর্বার শোকে ভূলুণ্ঠিত কলেবরে যেন ছিন্নলতা-দ্রুমময়ী, আর কাল শোকময় হয়ে উঠল । এরূপ পরিস্থিতিতে কৃষ্ণপ্রভাব-অনুসন্ধান-কুতূহলী হলধর এইরূপ বললেন—

দয়িতব্যোঽয়ং কৃষ্ণস্য ॥

২৬। ভো মাতর্মাতঃপরং বিলপ, লপনং মে নির্দ্ধারয়, ধারয় ধৃতিম্, ভো ভোঃ পৌরজানপদাঃ ! বিপদাবিষ্করণেন মাঽপরং পরং সন্তাপমাপ্তুমর্হত ॥

২৭। অস্য হি মদবরজস্য মদবরজস্য শৌর্য্যস্য মহিমানং হি মাঽঽনন্দবর্দ্ধনং ভবন্তো জানন্তি, জানাম্যহমেব কেবলম্, কেঽবলম্বন্তামমরপরিবৃঢ়া অপি যল্লবাববোধম্ ॥

২৮। বোধং প্রাপ্নুত, ঈষৎকারঃ খল্বয়মনেন পুন্নাগেন নাগেনস্য পরাভবঃ। নাঽগেনপরাভবঃ পবনেন কর্ত্তুং শক্যতে। ন ময়ূখমালিমালিন্যং তমসা কর্ত্তুং প্রভূয়তে। ন চ সমূহো মহানলস্য নলস্য বনেন নির্বাপ্যতে। কিমস্য মকরকুণ্ডলিনঃ কুণ্ডলিনঃ ক্ষুদ্রতমাদ্ভয়সম্ভাবনম্। তদধুনা সন্তাপমুপশ্যত, পশ্যত ভুজঙ্গাপসদমমুমমুক্তশৌর্য্যো মুক্তপ্রাণমিব কৃত্বা সমুত্থিতপ্রাবোঽয়মভিপ্রায়োঽয়মভিমতো মম নিশ্চীয়তাম্ ॥'

স্বদেহো ন খেদয়িতব্যঃ, যতোঽয়ং দয়িতব্যঃ কৃষ্ণেনানুকম্পনীয়ঃ ॥

২৬। লপনং বচনম্ ॥

২৭। মদবরজস্য মৎকনিষ্ঠস্য শৌর্যস্য মহিমানং ভবন্তো হি নিশ্চিতং মা জানন্তি, ন জানন্তি। কীদৃশম্ ? আনন্দবর্ধনম্। শৌর্যস্য কীদৃশস্য ? মদবরাৎ মহাহঙ্কারাজ্জাতস্য। অস্যাগ্রে কো বরাকঃ কালিয় ইতি ভাবঃ। অমরপরিবৃঢ়া দেবশ্রেষ্ঠা অপি কে তাবদ্যস্য মহিম্নো লবস্যাপ্যববোধং জ্ঞানমবলম্বন্তাং প্রাপ্নুবন্তু ॥

২৮। পুন্নাগেন পুরুষকুঞ্জরেণ শ্রীকৃষ্ণেন, নাগেনস্য নাগানামিনস্য মুখ্যস্য কালিয়স্য পরাভবঃ। ননু কালিয়োঽপি-মহাশৌর্যবানতিক্রূরশ্চ ? সত্যম্, তথাপি শ্রীকৃষ্ণং পরাভবিতুমসৌ ন শক্নোতীতি সদৃষ্টান্তমাহ—নাগেনস্য ন অগেনস্য

বলদেব কর্তৃক সান্ত্বনা ঃ

২৫। হে পিতা, যার থেকে মন অতিশয় তপ্ত হয় সেই ভাবের দ্বারা উচ্ছলিত এই শোকে নিজ দেহকে খেদান্বিত করবেন না—এ-শরীর কৃষ্ণের অনুকম্পার পাত্র।

২৬। মাগো, অতঃপর আর বিলাপ করো না—আমার কথা মানো, ধৈর্য ধারণ করো। ওহে ওহে পুরবাসিগণ, বিপদ আবিষ্কার করে নিয়ে অতঃপর আর পরমসন্তাপ পাওয়া আপনাদের উচিত নয়।

২৭। আমার ছোট ভাই কানাই-এর আনন্দবর্দ্ধক শৌর্যের প্রভাব আপনারা জানেন না। এ যে অপ্রাকৃত মহা-অহঙ্কার থেকে জাত সে আমিই কেবল জানি। দেবশ্রেষ্ঠের মধ্যে কে এমন আছে যে এর লবলেশমাত্র জ্ঞান লাভ করতে পারে ? কেউ পারে না।

২৮। বুদ্ধি স্থির করুন, এ-পুরুষসিংহ কৃষ্ণের দ্বারা নাগশ্রেষ্ঠ এ-কালিয়ের পরাভব তো এক মামুলী ব্যাপার। বায়ু কখনও পর্বতের পরাভব করতে পারে না, অন্ধকার সূর্যের মলিনতা আনতে কখনও সমর্থ হয় না, নলখাগরার বন কখনও মহানলরাশিকে নির্বাপিত করতে পারে না, মকরকুণ্ডলী এ-কৃষ্ণের ক্ষুদ্রতম সর্প থেকে ভয়ের সম্ভাবনা কি আছে, অতএব এখন সন্তাপ দূর করুন। দেখুন,

২৯। ইত্যুক্তবতি ভগবতি ভগণপতিধবলে বলে সপরিজন-জনকজননীজননীরন্ধ্রশোককাতরতামনুমায় মায়য়া সম্মোহিত-সকলসুরাসুরাদিলোকো লোকোত্তরগুরুতরপ্রভাবো ভাবোধোজ্জ্বলঃ প্রকটিতপুরুপরাক্রমঃ ক্রমবরীবৃধ্যমানবেগো মত্তকুণ্ডলিকুণ্ডলিতস্তিমির-তরু-কাণ্ডগতশ্চন্দ্রমা ইব হ্রদোদরতোঽদরতোষপেশলস্মিতমুন্মমজ্জ নমজ্জনসুখাকরঃ শ্রীকৃষ্ণঃ ॥

৩০। অথ তদৈব দৈবতসদসি—

ভং ভং ভং ভমিতি বভূব শঙ্খঘোষো, ঢুং ঢুং ঢুং ঢুমিতি চ দুন্দুভিপ্রণাদঃ।
গীর্বাণা গরিমগভীরভূরিভেরী-,ভাঙ্কারৈঃ শ্রুতিপথপোথিনো বভূবুঃ ॥

পর্বতমুখ্যস্য পরাভবঃ ; "শৈলবৃক্ষৌ নগাবগৌ" ইত্যমরঃ। ন কেবলং পরাভবশক্তিরেব, কিন্তু মহাতেজস্বিনঃ সান্নিধ্যমাত্রেণৈব তৎপ্রতিকূলস্য নাশ এব স্যাদিত্যাহ—ন ময়ূখেতি। ময়ূখমালী সূর্যঃ। ন চ নাশমাত্র এব বিশ্রান্তিঃ, প্রত্যুত তত এব তেজসামপ্যপচয় এব মহান্ স্যাদিত্যাহ—ন চ সমূহ ইতি। ন চ নির্বাপ্যতে, প্রত্যুত স্বং ভস্মীকারয়িতুমতিবর্ধিষ্ণুক্রিয়তে ইতি ভাবঃ। মকরকুণ্ডলিনঃ কৃষ্ণস্য, কুণ্ডলিনঃ সর্পাৎ, উপশ্যত দূরীকুরুতঃ ; 'শো তনুকরণে' ইত্যস্য রূপম্ ॥

২৯। ভং নক্ষত্রম্, তদ্গণপতিশ্চন্দ্রঃ। তথাবিধেঽপি তস্মিন্ কালিয়স্য তদানীন্তন-স্বদৌরাত্ম্যপ্রকটনে হেতুঃ—মায়য়া সম্মোহিতেতি। তদানীং শ্রীবলদেবস্য বন্ধুজনাশ্বাসনযোগ্যতায়াং হেতুঃ—লোকোত্তরেতি। বকাঘাদ্যসুরবধসূচিতং মহাপ্রভাবং তস্য তদা তান্ স্মারয়ামাসেতি ভাবঃ। ভা দেহকান্তিঃ, বোধঃ স্ববিক্রমানুভবঃ, তাভ্যামুজ্জ্বলো বহিরন্তঃপ্রফুল্ল ইত্যর্থঃ। অত্র প্রকটিতপুরুপরাক্রমো ভাবৌঘোজ্জ্বলঃ ক্রমবরীবৃধ্যমানবেগ ইতি বিশেষণত্রয়েণ পর্বতময়ূখমালিমহানলেতি দৃষ্টান্তত্রয়ধর্মাঃ ক্রমেণ বিবৃতাঃ। মত্তস্য কুণ্ডলিনঃ কালিয়নাগস্য কুণ্ডলিতং কুণ্ডলাকৃতিবেষ্টনং যত্র সঃ। অদরেণ অনল্পেন তোষেণ হর্ষেণ পেশলং সুন্দরং স্মিতং যত্র তদ্যথা ; উন্মমজ্জ উত্থিতবান্, নমতাং ভক্তানাং জনানাং সুখাকরঃ ॥

আমার ভাইটি নীচ সর্পকে প্রাণহীনের মতো করে এই জল থেকে উঠে এলো বলে, আমার এই অভিপ্রায় ও অভিমত মনে নিশ্চয় করে নিন্ আপনারা।

২৯। চন্দ্রসম শুভ্র ভগবান্ শ্রীবলরাম এরূপ বললে—মায়াতে সুর-অসুরাদিলোকের মোহজনক, অলৌকিক অপরিসীম ঐশ্বর্যশালী, দেহকান্তি ও স্ববিক্রম অনুভবে বহিরন্ত প্রফুল্ল, ব্যক্ত পুরুপরাক্রমশালী, ক্রমে ক্রমে অতি উচ্ছলিত বেগশালী, শরণাগতজন-সুখাকর শ্রীকৃষ্ণ সপরিজন-জনকজননী সকল জনের গভীর শোক অনুমান করে মত্ত সর্পের দ্বারা বলয়াকারে পরিবেষ্টিত তিমিরতরুকাণ্ডে লগ্ন চন্দ্রমার মতো সুন্দর, পরমানন্দজনিত হাসিতে উদ্ভাসিত মুখচন্দ্র উঠিয়ে ধরলেন হ্রদের গর্ভ থেকে উপরে।

কৃষ্ণ কর্তৃক কালিয় বেষ্টন মোচন ঃ

৩০। অতঃপর সেই সময়ে দেবসভায় 'ভং ভং ভং ভং' এরূপ শঙ্খধ্বনি, 'ঢুং ঢুং ঢুং ঢুং' এরূপ দুন্দুভিনাদ আর গরিম গভীর বহুভেরীর ভাঙ্কার শব্দে দেবতাগণ কানের পর্দা ফাটিয়ে দেওয়ার

৩১। ততস্ততেন তেন প্রমোদনাদেন নাদেন সহ সহসা সমকালমেব লব্ধজীবিতা ইব বিপন্নাঃ, প্রমোদেনেব করগ্রাহমুত্থাপিতাঃ পিতামহাদিভিরভিনন্দ্যসৌভাগ্যা ভাগ্যাতিরেকভাজো ব্রজরাজাদয়ঃ। তমতি-তীক্ষ্ণতীক্ষ্ণক-কালং করালতর-ফণফণদ্বিষফেণফেনিল-মুখবিবরজ্বলজ্‌জ্বালাজালজাঽলঘুবিস্ফুলিঙ্গলিঙ্গকমহাভয়ম্, শতমূর্দ্ধানমূর্দ্ধাঽঽনদ্ধমণিশতময়ূখনিচয়-খ-নিচয়ন-চতুরমধোমুখ-তপ্ততরাম্বরীষ-নিবিরীষনির্জাতজাতবেদঃ-কণ-সদৃশদৃশমবদোধূয়মানায়ত-যতন-দ্বিশতরসনা-সনাথমুখোদরম্, খোদরং লেলিহানমিবাতিমদং কালিয়নাগমালোক্য জাতমাত্রমানন্দকন্দলং দলন্তমপি ভূয়ো ভূয়োভির্ভয়ৈঃ শোষয়ন্তো মুহুরতোষয়ন্তো হৃদয়ং চ জীবিতাশ্বাসবলদে বলদেবস্য বচস্যপি ন বিশ্বসন্তো নিঃশ্বসন্তো নিতান্তং দীর্ঘমুষ্ণং

৩০। গরিম্ণা গভীরৈর্ভূরিভেরীণাং ভাঙ্কারৈঃ শ্রুতিপথস্য পোথিনঃ কুন্থনবন্তঃ; 'পুথি কুন্থনে' ইতি বোপদেবঃ॥

৩১। ততেন বিস্তৃতেন। প্রমোদনাং দদাতীতি তেন নাদেন সহ সমকালমেব লব্ধজীবিতা ইতি তাদৃশনাদোঽপি পূর্বং নষ্ট ইবাসীদিতি ভাবঃ। ব্রজরাজাদয়স্তমতিমিদং কালিয়নাগমালোক্য পুনরপি সমুপসন্নাং প্রমোহাবস্থামালম্বিতুং যদৈব প্রববৃত্তিরে, তদৈব সঙ্কর্ষণেন কিমপি নিগদতা অবরজঃ কৃষ্ণো দর্শয়াম্বভূবে ইত্যন্বয়ঃ। তং কীদৃশম্? অতিতীক্ষ্ণং তীক্ষ্ণকং লোহবিশেষমিব কালং কালবর্ণম্; "বিষাভিমরলোহেষু তীক্ষ্ণম্" ইত্যমরঃ। করালতরেভ্যোঽতিভীষণেভ্যঃ ফণেভ্যঃ ফণতাং নির্গচ্ছতাং বিষাণাং ফেনৈঃ ফেনিলানি যানি মুখানি তেষাং বিবরেষু জ্বলতো জ্বালাজালাৎ জাতা অলঘবো বিস্ফুলিঙ্গা এব লিঙ্গানি জ্ঞাপকা যস্য তথাভূতং মহাভয়ং যত্র যস্মাদ্বা তং তাদৃশমহাভয়রূপমিতি বা-ফণদিতি 'ফণ গতৌ' ইতি শত্রন্তঃ। শতমূর্ধানং শতসংখ্যমস্তকম্। এতচ্চ প্রাধান্যাপেক্ষয়া। যথোক্তম্—(ভা° ১০।১৬।২৮) "যদ্যচ্ছিরো ন নমতেঽঙ্গ শতৈকশীর্ষ্ণঃ" ইতি। বস্তুতস্তু সহস্রফণ এবাসৌ, যথোক্তম্—(ভা° ১০।১৬।৩০) "তচ্চিত্রতাণ্ডববিরুগ্ণফণাসহস্রঃ" ইতি। ঊর্দ্ধদেশে অসম্যক্-প্রকারেণ নদ্ধস্য বদ্ধস্য মণিশতস্য ময়ূখনিচয়ৈঃ কিরণসমূহৈরেব খস্য আকাশস্য নিচয়াং চয়নে আকৃষ্য গ্রহণে চতুরম্, অধঃস্থিতানি মুখান্যেব তপ্ততরাণ্যম্বরীষাণি ভর্জনপাত্রাণি তেভ্যো

উপক্রম করলেন।

৩১। অতঃপর চতুর্দিকে বিস্তৃত সেই আনন্দদায়ক বাদ্যধ্বনির সমকালে সহসা লব্ধজীবিতের মতো জাগরিত, আনন্দদ্বারাই যেন হস্তাবলম্বে উত্থাপিত, পিতামহ ব্রহ্মাদিদ্বারা অভিনন্দিত সৌভাগ্যে ধন্য, অতিশয় ভাগ্যশালী, সমূহ বিপদগ্রস্ত ব্রজরাজাদি সকলে সেই অতি তীক্ষ্ণ লোহার মতো কৃষ্ণবর্ণ, অতি ভীষণ ফণা-নির্গত ফেণায় ফেণিল মুখগহ্বরে জ্বলিত অগ্নিশিখা থেকে জাত বৃহৎ বিস্ফুলিঙ্গরূপ চিহ্নে চিহ্নিত মহাভয়স্বরূপ, শতমুখ্য শিরসমন্বিত, শিরে খচিত মণিশতের কিরণজালে আকাশকে প্রতিবিম্বিত করে রাখতে চতুর, অধঃস্থিত মুখরূপ অতিতপ্ত কটাহ থেকে নিবিড়ভাবে নিঃসংশয়ে জাত বহ্নিকণা সদৃশ নেত্রযুক্ত, অতিচঞ্চল আয়ত ছোবলে কৃতযত্ন দ্বিশত জিহ্বায় করাল মুখ-বিবরসমন্বিত, আকাশের মধ্যভাগকে যেন বারবার লেহন করছিল এরূপ অতিমদমত্ত কালিয়নাগকে দেখতে পেলেন। এই ভীষণ দর্শনে তাঁদের সদ্যজাত আনন্দাঙ্কুর যা দেবতাদের বাদ্যধ্বনিতে এই মাত্র প্রস্ফুটিত হয়ে উঠছিল তা পুনরায় অত্যন্ত ভয়ে শুকিয়ে যেতে লাগল, দুঃখবেদনায় হৃদয় ভরে উঠতে লাগল, জীবনের আশ্বাসদানকারী বলদেবের বচনেও আর বিশ্বাস হল না, অতি দীর্ঘদীর্ঘ তপ্তশ্বাস বইতে

মুঞ্চন্ত ইব স্বয়ং স্বমেব ধৈর্য্যং পুনরপি সমুপসন্নাং প্রমোহাবস্থামনবস্থামনবধীরয়ন্তীমালম্বিতুং যদৈব প্রববৃতিরে, তদৈব শোকসঙ্কর্ষণেন সঙ্কর্ষণেন কিমপি নিগদতা সরসতরং স রসতরঙ্গতো রঙ্গতো ভুজঙ্গমোৎসঙ্গ-সঙ্গতমাত্মানং শিথিলীকৃত্য ফণফণায়মান-ফণায়মানমনাঃ ফণশত-মণিশত-কিরণমঞ্জরী-জরীজৃম্ভ্যমাণ-মহামহোবল্লিকাননবিজিগাহয়িষয়া সমুৎপতন্ সমুৎ পতন্নিব ফণমণ্ডলমারোহন্নবরজো বরজোষো দর্শয়াম্বভূবে ॥

৩২। 'ভো ভোঃ! দৃশ্যতাং দৃশ্যতাং গতোঽয়মঞ্জন-স্নিগ্ধো ভুজঙ্গ-দশন-দংশন-লগ্ন-বিষম-বিষ-মহানল-স্ফুলিঙ্গকণ-চাকচক্যাশক্যোপমমণিময়-সকলালঙ্করণোঽলঙ্করণোচিতবিক্রমঃ, ক্রমবরীবৃধ্যমানাব-

---

নিবিরীষং নিবিড়ং যথা স্যাত্তথা নির্জাতস্য নিঃসংশয়ং জাতস্য জাতবেদসো বহ্নেঃ কণৈরেব সদৃশ্যো দৃশো নেত্রাণি যস্য তম্, অবদোধূয়মানা অতিশয়েন চলন্ত্য আয়তা দীর্ঘায়তনা দদনার্থং কৃতযত্না দ্বিশতরসনা একৈকমুখে দ্বে দ্বে জিহ্বে ইতি নিয়মেন যা দ্বিশতসংখ্যজিহ্বাস্তাভিঃ সনাথানি মুখানামুদরাণি বিবরাণি যস্য তম্, খস্য আকাশস্যোদরং মধ্যম্, লেলিহানং পুনঃপুনর্লিহন্তম্, জাতমাত্রং শ্রীকৃষ্ণমুখশোভাদর্শনাদানন্দকন্দলমানন্দাঙ্কুরম্;—"কন্দলং তু কপালে স্যাদুপ-রাগে নবাঙ্কুরে" ইতি বিশ্বঃ; দলন্তং প্রস্ফুটন্তমপি, ভূয়ঃ পুনঃ কালিয়নাগালোকনাদ্ভুয়োভির্বহুতরৈর্ভয়ৈঃ শোষয়ন্তঃ শুষ্কীকুর্বন্তঃ; জীবিতস্য জীবনস্যাশ্বাসরূপং বলং দদাতীতি তস্মিন্; প্রমোহোবস্থাং মূর্চ্ছাম্; কীদৃশীম্? অনবস্থামনব-স্থানম্, অনবধীরয়ন্তীং নাবজানন্তীং পুষ্যন্তীমিত্যর্থঃ; যদ্বা, অনবধি অবধিশূন্যং যথা স্যাত্তথা, অনবস্থামীরয়ন্তীম্; শোকসঙ্কর্ষণেন শোকনাশকেন, অবরজঃ স্বানুজঃ শ্রীকৃষ্ণো দর্শয়ামাসে, তান্ প্রতীত্যর্থঃ। সরসতরং যথা স্যাত্তথা স কৃষ্ণো রসতরঙ্গতো জলতরঙ্গাৎ রঙ্গতো রঙ্গেণ ভুজঙ্গমোৎসঙ্গে সঙ্গতমাত্মানং শিথিলীকৃত্য সমুৎপতন্; ক ইব সমুৎপতন্? সমুৎ হর্ষযুক্তঃ পতন্ পক্ষীব; "পতৎ-পত্ররথাণ্ডজাঃ" ইত্যমরঃ। ততশ্চ ফণফণায়মানেষু সহসা বৃদ্ধিশীলেষু ফণেষু অয়মানং নৃত্যার্থং গচ্ছৎ মনো যস্য সঃ। ফণফণেতি সহসা বৃদ্ধিপ্রফুল্লতাঽনুকরণম্। কিমর্থম্? ফণানাং শতে মণিশতস্য কিরণমঞ্জরীভির্জরীজৃম্ভ্যমাণা অতিশয়েন প্রকাশ্যমানা মহামহোবল্ল্যো মহাতেজোময়লতাস্তাসাং কাননস্য বিগাহনেচ্ছয়া; বরো মুখ্যো জোষঃ প্রীতির্যত্র সঃ॥

৩২। দৃশ্যতাং দর্শনার্হতাং গতঃ প্রাপ্তঃ। ভুজঙ্গস্য দশনৈর্দন্তৈর্দংশনে লগ্নং বিষমং বিষমেব মহানলস্য স্ফুলিঙ্গ-কণস্তস্য চাকচক্যেনাশক্যোপমং নিরুপমং মণিময়ং সকলমলঙ্করণমলঙ্কারো যস্য সঃ; অলমতিশয়েন করণানাং ভুজাদীনা-

---

লাগল, নিজের ধৈর্য যেন নিজের দ্বারাই অপহৃত হতে লাগল, যখন এরূপে পুনরায় অসীম চঞ্চলতা উৎপাদক মূর্চ্ছাকে আশ্রয় করতে প্রবৃত্ত হলেন তাঁরা সকলে তখন শোক আকর্ষক সঙ্কর্ষণ কিছু বলতে বলতে অঙ্গুলি নির্দেশে দেখালেন—'কৃষ্ণ সর্পক্রোড়সঙ্গত নিজেকে রঙ্গপূর্বক শিথিল করে নিয়ে শতফণার শতমণিকিরণমঞ্জরীতে উদ্ভাসিত মহা মহোবল্লীকাননে বিহার এবং ফণফণায়মান ফণে আরোহণ ইচ্ছায় আনন্দোৎফুল্ল পক্ষীর মতো ছোঁ মেরে উঠে এসে ফণামণ্ডলে আরোহণ করতে যাচ্ছেন।'

বলদেব কর্ত্তৃক সান্ত্বনা :

৩২। শ্রীসঙ্কর্ষণ বলতে লাগলেন—'ওহে ওহে, ঐ যে সম্মুখে দেখুন দর্শনীয় স্নিগ্ধাঞ্জন চিক্কণ সেই কালরূপ, ভুজঙ্গের দন্তদংশনে লগ্ন বিষম বিষরূপ মহা অনলস্ফুলিঙ্গকণের চাকচিক্যের সহিত উপমা

মানাবহতভুজগ-ভোগ-বেষ্টন-শিথিলকচ-কলাপাঽলক-নিকরোষ্ণীষপীতবসনবনমালামালালিতবিগ্রহো বিগ্রহোপযুক্ততয়া পুনরপি দৃঢ়বদ্ধপরিকরঃ, পরিকরসুখদিদৃক্ষয়া ক্ষয়ায় ফণমণিমহসো মহসোস্সূয়মানমহসো নিজকলেবরস্য বরস্য প্রভয়া ভয়াক্রান্তেব নির্বাপিতেষু ফণমণিমহঃসু সুখমিদানীং দৃশ্যতাং মদ্বচসশ্চ তত্ত্বমনুভূয়তাম্। ভূয়তাং চ পরমানন্দবত্তয়া বিস্মৃতবৈকল্যৈঃ কল্যৈককল্যাণৈঃ' ইতি বিস্ময়-স্ময়-শবলেন বলেন নিগদিতা দিতাখিলশোকাঃ সর্ব এব ঘোষজুষো জুষোৎফুল্লনয়না নয়নানন্দকন্দং শ্রীকৃষ্ণমালোকয়ন্তো লোকয়ন্তোঽপি ভয়ানকমহীন্দ্রং যুগপদেব পদে বর্দ্ধমানমানন্দভয়য়োঃ শাবল্যং ভজন্তে স্ম ॥

মুচিতো বিক্রমো যত্র সঃ ; যদ্বা, করণে কার্যে বিষয়ে যুক্তবিক্রমঃ। ক্রমেণ বরীবৃধ্যমানোঽতিশয়েন বর্ধমানোঽবমানস্তিরস্কারস্তেনৈবাবহতং দূরীভূতং যদ্ ভুজগস্য মহাভোগেন বৃহদাভোগেন ভোগেন শরীরেণ বেষ্টনং তেন হেতুনা শিথিলাঃ, কচকলাপশ্চ অলকনিকরশ্চ উষ্ণীষশ্চ পীতবসনঞ্চ বনমালা চ তৈরেব যা শোভা তয়া লালিতো ললিতীকৃতো বিগ্রহো দেহো যস্য সঃ, বিগ্রহোপযুক্ততয়া নৃত্যমিষেণ কালিয়শিরসি পাদপ্রহারপ্রদানেচ্ছয়া দৃঢ়ং বদ্ধঃ পরিকরং পরিচ্ছদো যেন সঃ ; "ভবেৎ পরিকরো বৃন্দে পরিবারবিবেকয়োঃ। আরম্ভগাত্রিকাবন্ধপর্যঙ্কেষু পরিচ্ছদে ॥" ইত্যজয়ঃ। ফণানাং মণিমহসো মণিতেজসঃ ক্ষয়ায় চ বদ্ধপরিকরঃ, অতএব মহেন নির্নর্তিষোৎসবেন সোস্সূয়মানমতিশয়েন প্রাদুর্ভবৎ মহঃ কিরণো যস্য তথাভূতস্য কলেবরস্য প্রভয়া কান্ত্যা নির্বাপিতেষু। তত্র হেতুমুৎপ্রেক্ষতে—ভয়াক্রান্তেবেতি। কৃষ্ণগাত্রতেজস। মণিতেজাংসি ভীতানি জাতানি, অতএব তেন নির্বাপিতানীত্যর্থঃ। বস্তুতস্তু মহাতেজসোঽগ্রে ক্ষুদ্রতেজস্তিরোধত্ত এব। অতএব যুষ্মাভির্বিস্মৃতবৈকল্যৈর্ভূয়তাম, বৈকল্যমপি স্মৃতিপথে মা তিষ্ঠত্বিত্যর্থঃ। কীদৃশৈঃ? কল্যং সমর্থং নিরাময়ং বা একং মুখ্যংকল্যাণং ভাগ্যাতিরেকাদ্যেষাং তৈঃ ; "কল্যৌ সজ্জনিরাময়ৌ" ইত্যমরঃ। ইতি বিস্ময়স্ময়াভ্যামদ্ভুতহাস্যরসাভ্যাং শবলেন কর্বুরিতেন বলদেবেনোক্তাঃ সন্তঃ খণ্ডিতসমস্তশোকাঃ ; অতএব জুষা প্রীত্যা উৎফুল্লনেত্রাঃ ; 'জুষী প্রীতিসেবনয়োঃ' ভাবক্বিবন্তঃ। যুগপদেব পদে স্থানে বিষয়ে শ্রীকৃষ্ণদর্শনেনানন্দো বর্ধতে, কালিয়দর্শনেন ভয়মিতি ॥

দেওয়া যায় না নিরুপম মণিময় অলঙ্কার সকলে ভূষিত, কার্যসম্পাদনে যথোপযুক্ত বিক্রমশালী, ক্রমশঃ অতি বর্দ্ধমান লাঞ্ছনার সহিত সর্পশরীরবেষ্টন মোচন করতে গিয়ে শিথিলীকৃত কচকলাপ-অলকনিকর-উষ্ণীষ-পীতবসন-বনমালার শোভায় ললিত, নৃত্যচ্ছলে কালিয়ের শিরে পাদপ্রহার প্রদানেচ্ছায় পুনরায় দৃঢ়বদ্ধ পরিচ্ছদবিশিষ্ট, স্বপরিকরের সুখ দর্শনেচ্ছায় ফণমণির ঔজ্জ্বল্য ক্ষয়ে বদ্ধপরিকর ঐ কাল রূপটি দেখুন। ওঁর নৃত্যের ইচ্ছারূপ উৎসবের দ্বারা বহুল কিরণ প্রকাশ হচ্ছে, নিজ অঙ্গের ঐ উজ্জ্বল জ্যোতিতে ফণিমণির তেজ যেন ভয়েই নির্বাপিত হয়ে যাচ্ছে—এইবার প্রাণভরে দেখে নিন, আমার কথার তত্ত্ব অনুভব করুন, দুর্যোগশান্তিরূপ কল্যাণের স্পর্শে বিকলতা ভুলে যান।'

বলদেব এরূপ অদ্ভুত-হাস্যরসমিশ্রিত কথা বললে অখিল শোকমুক্ত ব্রজজন প্রীতিতে উৎফুল্লনেত্র হয়ে নয়নানন্দকন্দ শ্রীকৃষ্ণকে এবং সঙ্গেসঙ্গেই ভয়ঙ্কর সর্পরাজকে দেখতে দেখতে কৃষ্ণবিষয়ে উচ্ছলিত আনন্দ আর সর্পরাজবিষয়ে ভয়—এ-উভয়ের মিশ্রিত এক ভাবে ভাবিত হয়ে পড়লেন।

৩৩। অথ শ্রীকৃষ্ণোঽপি তটস্থানতটস্থানতিমমতয়া মতয়া তান্ করুণাপাঙ্গেন কৃপাঙ্গেন কৃতার্থী-কুর্বন্নিখিলসুরকিন্নরনরসিদ্ধসিদ্ধসম্মানো মানোন্নতো নতোদ্ধারকঃ ফণমণ্ডলরঙ্গভুবি নিনর্তিষুর্যদি মনঃ সহচরীচরীকরীতি স্ম, তদৈব বিবুধা বিবুধা গন্ধর্ববিদ্যাধরাপ্সরসাং সরসাং গোষ্ঠীমারচয্য মৃদুমৃদঙ্গ-মুরজ-পণব-পণ-বহুলনৃত্যসাহায্যসম্পাদনায় সমবতিষ্ঠন্তে স্ম ॥

৩৪। সমনন্তরমনন্তরহসি নিখিলকলাসৌভগবতি ভগবতি কর্কশমার্গরীত্যা দাক্ষিণাত্যপ্রবন্ধবন্ধমনু-সরতি গন্ধর্বাদয়োঽপি চচ্চৎপুটচাচপুটতালৌ গুরুলঘুপ্লুতদ্রুতদ্রুতার্দ্ধবিরামরামণীয়কবিদাং বরিষ্ঠৈঃ সশব্দ-নিঃশব্দাদিভেদবিচারচাতুরীগরিষ্ঠৈস্তালধারিভিরুদ্ঘাটয়ামাসুঃ ॥

৩৫। যথা— থৈয়াতথতথথৈয়া-,থৈথৈথৈয়াতথেতি গন্ধর্বাঃ।
তালং পাঠং বাদন-,মারেভির উচ্চৈকৈর্মুদিতাঃ ॥

৩৩। তটস্থান্ কূলস্থান্, মতয়া যুক্ত্যা অতিমমতয়া অতিশয়মমত্বেন হেতুনাঽতটস্থানন্নুদাসীনান্, তান্ ব্রজবাসিনঃ করুণাপাঙ্গেন করুণেনাপাঙ্গেন করুণরসময়কটাক্ষেণেত্যর্থঃ। কৃপা দয়ৈব অঙ্গং যত্র তথাভূতেন কৃতার্থীকুর্বন্ সন্ নিনর্তিষুর্যদি মন এব সহচরীকরোতি স্ম,—নৃত্যাঙ্গানাং বাদ্যগীতাদীনামপেক্ষিতত্বেঽপি তত্রান্যস্য প্রবেশাশক্তেঃ। স্ব-মানসমেব মার্দঙ্গিকাদিত্বেন স্থাপিতং তথাভূতমপি সহচরং স্বসঙ্গসঙ্গতমতিশয়েনাকরোদিত্যর্থঃ। সহচরীতি অভূততদ্ভাবে চ্বিঃ। নন্বেবমপি কথং নৃত্যসিদ্ধিঃ? তত্রাহ—অখিলানাং সুরাদীনাং সিদ্ধ এব সম্মানো নৃত্যসাধুবাদো যত্র সঃ। তত্র হেতুঃ—মানেন নাট্যশিল্পজ্ঞানেনোন্নতঃ। ন কেবলমেতাবত্ত্বমেব, কিন্তু নতোদ্ধারকো নতানাং ভক্তানাং স্বপ্রভুং তথা-ভূতমালোক্য ভয়বিহ্বলানাং তস্মাদুদ্ধারকর্ত্তা। অতএব বিবুধা দেবাঃ, বিবুধা বিশিষ্টপণ্ডিতাঃ, তদানীন্তন-ব্যবসায়ৌচিত্য-জ্ঞানাৎ। মৃদঙ্গাদিভিঃ পণবহুলস্য স্তুতিবহুলস্য নৃত্যস্য সাহায্যং সম্পাদয়িতুম্ ॥

৩৪। অনন্তরহসি অপরিমিতরহস্যে; রসোঽতিগুহ্যে সুরতে" ইতি বিশ্বঃ; যদ্বা, অনন্তস্য শেষনাগস্য রহস্যরূপে। অতঃ কালিয়ফণোপরি নৃত্যে কো বিস্ময় ইতি ভাবঃ ॥ (৩৫)

কালিয় মস্তকে কৃষ্ণের নৃত্য :

৩৩। অতঃপর অখিল সুরকিন্নরনরসিদ্ধদের নৃত্যসাধুবাদে সিদ্ধ-সম্মানের আসনে প্রতিষ্ঠিত, নটনপণ্ডিত, ভক্তোদ্ধারক শ্রীকৃষ্ণ যদি তটভূমিতে দাঁড়ানো অতিশয় মমতায় আসক্ত ব্রজবাসিদের করুণরসময় কটাক্ষে দয়া সম্বলিত কৃতার্থতা সম্পাদন করতে করতে ফণমণ্ডলরঙ্গভূমিতে নৃত্য করতে ইচ্ছা করলেন তখন সঙ্গতকারীরূপে নিলেন নিজ মনকে। আর এদিকে গান-বাজনায় পণ্ডিত দেববৃন্দ ঠিক সেই সময়েই গন্ধর্ব-বিদ্যাধর-অপ্সরাগণকে নিয়ে সরস গোষ্ঠী রচনা করে মৃদু মৃদঙ্গ-মুরজ-পনব-পণের সঙ্গতের দ্বারা পরমপ্রশংসনীয় নৃত্যের সাহায্য করবার জন্য এসে উপস্থিত হলেন সেখানে।

৩৪। অনন্তর অনন্ত রহস্যময় নিখিল কলাপারদর্শী শ্রীকৃষ্ণ কর্কশমার্গরীতিতে দাক্ষিণাত্য-প্রবন্ধবন্ধন অনুসরণে নৃত্য আরম্ভ করলে গন্ধর্বাদিও গুরু-লঘু-প্লুত-দ্রুতদ্রুত-অর্দ্ধবিরামাদির সৌন্দর্যবোধে পণ্ডিত সশব্দ-নিঃশব্দাদি ভেদবিচার-চাতুরীগরিষ্ঠ তালধারীগণের দ্বারা চঞ্চৎপুট ও চাচপুট তাল উদ্ঘাটন করে দিলেন।

৩৬ । উদ্ঘাটয়ন্তি শব্দং, তালং পাঠং চ তে যথা বিরুদম্ ।
অয়মপি তথৈব নৃত্যতি, ফণিনঃ ফণতঃ ফণান্তরং গচ্ছন্ ॥

৩৭ । নিজকল্পিতয়া গত্যা, নৃত্যতি কৃষ্ণো যথা স্বৈরী ।
ন তদনুরূপং গাতুং, বাদয়িতুং পঠিতুমপ্যমী শেকুঃ ॥

৩৮ । একো নৃত্যন্নথ ফণিপতেঃ শীর্ষতঃ শীর্ষ্ণি গচ্ছন্
স্বেনাক্৯প্তাং বদনবিধুনোদ্ঘাটয়ন্ শব্দমালাম্ ।
ঘাতে ঘাতে চরণকমলাঘাতভঙ্গ্যোন্নমন্তং
শীর্ণং কৃত্বা নময়তি ফণং পণ্ডিতস্তাণ্ডবেশঃ ॥

৩৯ । দ্রাং দ্রাং দ্রাং দৃমিদৃমিথোঙ্গথোঙ্গথোঙ্গি-,ত্যুত্তালপ্রসৃমরতালপাঠগত্যা ।
বিন্যস্যন্নদয়মুদারপাদপদ্মং, বভ্রাজে ফণিফণরঙ্গভঙ্গরঙ্গী ॥

৪০ । অথৈবং শ্রীকৃষ্ণস্য নিজগতিবিশেষমনুকর্তুমশক্নুবন্তোঽবন্তো ব্রীড়ামায়তমানা যতমানা অপি গন্ধর্বা অপ্সরসশ্চ যদি ন প্রভবন্তি স্ম, তদামী হর্ষোৎকর্ষোৎকমনসঃ স্বাতন্ত্র্যেণৈব ননৃতুর্জগুশ্চ ॥

---

৩৬ । যথাবিরুদং চণ্ডবৃত্তমঞ্জর্যাদিলক্ষণং বিরুদমনতিক্রম্য ॥

৩৭ । অমী গন্ধর্বাদয়ঃ ॥

৩৮ । ঘাতে ঘাতে প্রতিঘাতমেব স্বেন বদনবিধুনা স্বমুখচন্দ্রেণ ॥

৩৯ । অদয়ং নির্দয়ং যথা ভবত্যেবং পাদপদ্মং বিন্যস্যন্ সন্ বভ্রাজে ভ্রাজতে স্ম । শঙ্কুশরাবঘটোপরি পরিপাটীভির্নটন্তি শৈলূষাঃ, ইতি তানতিচিক্রমিষুঃ ফণিফণমন্তু নর্নৃত্যত্যাসৌ কৃষ্ণঃ ॥

---

৩৫ । তারা আনন্দিত মনে 'থৈয়া-ত-থ-ত-থ-থৈয়া= থৈ-থৈ-থৈ-থৈয়া-ত-থ' এরূপ বোল উচ্চ কণ্ঠে বলে বলে বাজাতে লাগলেন ।

৩৬ । তারা চণ্ডবৃত্তমঞ্জর্যাদিলক্ষণ বিরুদানুসারে শব্দ-তাল-পাঠ যেরূপ তাঁরা উদ্ঘাটন করতে লাগলেন কৃষ্ণও সেইরূপ নাচতে লাগলেন ফণীর ফণা থেকে ফণান্তরে পদক্ষেপে ।

৩৭ । কখনও নিজ কল্পিত গতিতে কৃষ্ণ স্বেচ্ছাচারীর মতো নাচতে আরম্ভ করলে তারা ওঁর সঙ্গে সঙ্গত করে গাইতে বাজাতে বোল উচ্চারণ করতে পারল না ।

৩৮ । অতঃপর নাচতে নাচতে ফণিপতির মস্তক থেকে মস্তকান্তরে পাদক্ষেপ করতে করতে নিজমুখচন্দ্রে রচিত বোলচয় আবৃত্তি করতে করতে নৃত্যের তালে তালে পাদক্ষেপে আঘাতে আঘাতে ফণির উন্নত মস্তক চূর্ণ করে নত করে দিতে থাকলেন একা সর্বেশ্বর নটনপণ্ডিত শ্রীকৃষ্ণ ।

৩৯ । 'দ্রাং দ্রাং দ্রাং দৃমি দৃমি থোঙ্গ থোঙ্গ থোঙ্গ' এ-প্রকার উত্তাল প্রসরণশীল বোলের গতিতে উদার পাদপদ্ম নির্দয়ভাবে বিন্যাস করতে করতে দীপ্তি পাচ্ছেন ফণিফণরঙ্গভঙ্গরঙ্গী শ্রীকৃষ্ণ ।

৪০ । অতঃপর এ-প্রকার শ্রীকৃষ্ণের নিজগতিবিশেষের সহিত তাল দিয়ে চলতে অসমর্থ

৪১। অথ তুমুলেষু দিবি দুন্দুভিহুঙ্কারেষু, ঘনগভীরেষু ভেরীভাঙ্কারেষু, স্বভাবমুখরেষু মুনিগণস্তবনেষু, নিপতন্তীষু চ নন্দনবনকুসুম-বৃষ্টিষু, বহুবিধমেধমানেষু চ দিবিষদাং ঘোষবাসিনাং চ প্রমোদেষু, বিবুধদ্রুহাং চ বৈমনস্যেষু, তাণ্ডবচণ্ডিমানমারব্ধবতঃ শ্রীবনমালিনো নির্দয়নির্ভরবিন্যস্যমানচরণকমলাঘাতখেদখিন্নতয়া প্রতিফণং বমদসৃগ্ধারমাভুগ্ননয়নমতিশীর্ষসন্তোগমাকুলতয়া ম্রিয়মাণমিব তমাশীবিষপতিং পতিং বিলোক্য বিষণ্ণহৃদো হৃদোপনীয়াপত্যানি পত্যা নিধনং গচ্ছতেব সকাতর্য্যং মমতয়া নিরীক্ষমাণাস্তেন চাতিশয়দোদূয়মানমানসাঃ 'ন সাম্প্রতং ভগবদনুগ্রহমৃতে মৃতেরস্য নিরাসকং বর্ত্ততে' ইতি মনসি বিভাব্য ভাব্যনুকম্পাং ভগবতোঽভিকাঙ্ক্ষন্ত্যস্তদ্বনিতা নিতান্তশোক-কর্ষিতত্বেন ত্যক্ত-সাধ্বসং সাধ্বসংহিতলজ্জং ভগবৎসবিধমভ্যাগত্য সশোক-কাতর্য্যং কলমধুরং স্তুবন্তি স্ম ॥

৪২। 'জয় জয় দেব ! দেবঘটামুকুটমহামারকত ! কতমদস্তি ভবতঃ পরং পরংব্রহ্ম ব্রহ্ম-শিতিকণ্ঠ-

---

৪০। ব্রীড়ামবন্তঃ পালয়ত প্রাপ্নুবন্ত ইত্যর্থঃ। অত্র হেতুঃ—আয়তমানা বিস্তৃতগর্বাঃ, যতমানা যত্নবন্তোঽপি ॥

৪১। বিবুধদ্রুহামসুরাণাং বৈমনস্যেষু এধমানেষু নির্দ্দয়ং নির্ভরং চ যথা স্যাত্তথা বিন্যস্যমানয়োশ্চরণকমলয়োরাঘাতখেদেন খিন্নতয়া বমন্তি মুখানি অসৃগ্ধারাং যস্য তম্, মুখানীত্যস্য বৃত্তাবন্তর্ভাবঃ; জহচ্ছব্দঃ স্বার্থং যত্র সা জহৎস্বার্থা লক্ষণেতি যাবৎ। আশীবিষপতিং সর্পরাজম্, পতিং স্বভর্ত্তারম্। কীদৃশ্যঃ? পত্যা কালিয়েন নিধনং মৃত্যুং প্রাপ্নুবতা নিরীক্ষ্যমানাস্তেন হেতুনা অতিশয়েন দোদূয়মানং পুনঃপুনরুপতপ্যমানং মানসং যাসাং তাঃ। ভাব্যনুকম্পাং ভাবিনীমনুকম্পাম্, সাধু যথা স্যাত্তথা; ন সংহিতা ন বদ্ধা লজ্জা যত্র তদ্যথা স্যাত্তথা ॥

৪২। হে দেব! জয় জয়। নমু কিমহমিন্দ্রচন্দ্রাদিদেবানামেকতমোঽস্মি? তত্র ন হি ন হীত্যাহুঃ—দেব-

---

গর্বোদ্ধত গন্ধর্ব অপ্সরাগণ লজ্জিত হয়ে পড়ল, যত্নবান্ হয়েও যদি পেরে উঠল না তখন আনন্দ উচ্ছল মনে সতন্ত্রভাবেই তাঁরা নাচগান করতে লাগল।

৪১। অতঃপর আকাশে তুমুল দুন্দুভির হুঙ্কার, ভেরীর ঘনগম্ভীর ভাঙ্কার, স্বভাবমুখর মুনিগণের স্তবন, এবং নন্দনবনের পুষ্পবৃষ্টি হতে থাকলে, দেবতাবৃন্দ ও ব্রজবাসিজনের আনন্দ আর অসুরগণের বিমনস্কতা উদ্বেলিত হয়ে উঠলে, উদ্দাম তাণ্ডবনৃত্য আরব্ধবান্ শ্রীবনমালির অতি নির্দয়ে পাতিত চরণকমলের আঘাত-যন্ত্রণার চোটে কালিয়ের প্রতি ফণ থেকে রক্তবমন হতে লাগল ধারাপ্রবাহে, নয়ন ঠেলে বেড়িয়ে আসতে লাগল, ফণা চূর্ণবিচূর্ণ হয়ে যেতে লাগল। অতি আকুলতায় ম্রিয়মান্ সেই সর্পরাজ পতিকে দেখে, ও বিষণ্ণহৃদয়া মৃতকল্পস্বামী মমতায় সকাতরে তাঁদের দিকে চেয়ে আছে এরূপ দেখে অতি দুঃখীতমনা নাগপত্নীগণ 'এখন এর ভগবদনুগ্রহ বিনা বাঁচবার উপায় নাই' এরূপ বিচার করে নিতান্ত শোকাচ্ছন্ন হেতু ভয় ছেরে দিয়ে লজ্জার বন্ধনে জলাঞ্জলি দিয়ে পুত্রকন্যা কোলে নিয়ে কৃষ্ণের সম্মুখে এসে শোক-কাতরতার সহিত কলমধুরকণ্ঠে স্তব করতে লাগলেন—ভাবি অনুকম্পার প্রার্থনা মুখে।

নাগপত্নীগণের স্তবস্তুতি :

৪২। 'জয় জয় দেব ! হে দেববৃন্দের মুকুটের মহামরকতমণি ! আপনি বিনা অন্য কে আর

কণ্ঠরত্নায়মানগুণরত্নাকর ! রত্নাকরতনয়া-কর-লালিতং তব পাদাম্ভোজং ভোজং ভোজমেব মানসমুখেন সুখেন সুযোগিনঃ পরমহংসা হংসা ইব ক্ষীরনীরয়োর্নীরমিব পুরুষার্থ-সার্থ-মুখ্যমপবর্গমপবর্গযোগ্যং কুর্বন্তি ॥

৪৩। কুর্বন্তিকে শ্রবসোরস্মন্নিবেদনং বেদনপ্তৃক ! সচ্চিদানন্দঘনবিগ্রহ ! বিগ্রহমাত্রক্ষপিত-সর্ব-দানব ! সর্বদা নব ! নবব্যূহপর ! পরমপুরুষ ! রুষমপহর ॥

৪৪। ত্বমভিনবাসুদেবো বাসুদেবোঽসি, ত্বমখিলতাপসঙ্কর্ষণঃ সঙ্কর্ষণশ্চ, ত্বমখিলঘোষবাসিনাং

ঘটেতি। সর্বদেবারাধ্যো নারায়ণস্ত্বমিতি ভাবঃ। ননু কেষাঞ্চিন্মতে পরব্রহ্মণ এব সর্বতঃ শ্রৈষ্ঠ্যং শ্রূয়তে ? তত্রাহুঃ—ভবতঃ পরং ত্বত্তোঽন্যভূতং পরং ব্রহ্ম কতমৎ ? ত্বদেব পরব্রহ্মেত্যর্থঃ। ননু তত্তু নির্গুণত্বেন প্রসিদ্ধম্, অহন্তু সগুণ এব তদ্বিপরীতঃ ? তত্রাহুঃ—ব্রহ্মশিতিকণ্ঠয়োর্বিবিধভবয়োঃ কণ্ঠে রত্নায়মানানাং গুণরত্নানাং গুণমুখ্যানামাকর ! হে খনি-রূপ ! "রত্নং স্বজাতিশ্রেষ্ঠেঽপি" ইত্যমরঃ। ভগবদ্গুণানামপ্রাকৃতত্বাত্ত্বমেব নির্গুণং ব্রহ্মেত্যর্থঃ। প্রাকৃতত্বে তাভ্যা-মাদরেণ কীর্তনীয়ত্বং ন স্যাদিতি ভাবঃ। তত্র সতাং প্রবৃত্তিমপি প্রমাণয়ন্তি—রত্নাকরেতি। ভোজং ভোজম্, আস্বাদ্যা-স্বাদ্য; মানসং মন এব মুখং তেনাপবর্গং মোক্ষমপি অপবর্গযোগ্যং ত্যাগার্হং কুর্বন্তি, ত্বদঙ্ঘ্রি চিন্তনাস্বাদেন ব্রহ্মজ্ঞান-সাধ্যস্য মোক্ষস্যারোচকত্বে কৃতে ব্রহ্মতোঽপি ত্বন্মাহাত্ম্যং প্রত্যুতাধিকমেবাবসীয়ত ইতি ভাবঃ॥

৪৩। অতঃ শ্রবসোঃ কর্ণয়োরন্তিকে অস্মন্নিবেদনং কুরু। বেদোঽপি নপ্তা নতিকর্তা যস্য। যথা বেদঃ প্রণম্যৈব ত্বাং স্বতাৎপর্যববধাপয়তি, তথা বয়মপি নিবেদয়াম ইতি ভাবঃ। ননু কেষাঞ্চিন্মতে বেদা নিরাকারপরা এব ? তত্রাহুঃ—সচ্চিদিতি। তন্মতেঽপি তবাপ্রাকৃতত্বাৎ নির্গুণ এব নিরাকারোঽপি ত্বমেবেতি ভাবঃ। কথং তর্হি দেবক্যামর্বাচীন ইব জাতোঽস্মি ? তত্রাহুঃ—বিগ্রহমাত্রেণৈব ক্ষপিতাঃ সংহৃতাঃ সর্বে দানবা যেন। ভূভারসংহারণার্থং কৃপয়ৈব ত্বমাবি-র্ভূতোঽসীত্যতো ন ত্বমর্বাচীনঃ, কিন্তু পুরাণপুরুষোত্তম এবেতি ভাবঃ। কিঞ্চ, বিগীতং পুরাতনত্বং ত্বয়ি নাস্তীত্যাহুঃ—সর্বদা এব নব ! নবীন ! নিত্যনবীনত্বেনৈব তব পুরাণত্বমিতি ভাবঃ। তদেব বিবৃণ্বন্তি—হে নবব্যূহপর ! যথোক্তং সাত্বততন্ত্রে—"চত্বারো বাসুদেবাদ্যা নারায়ণনৃসিংহকৌ। হয়গ্রীবো মহাক্রোড়ো ব্রহ্মা চেতি নবোদিতাঃ ॥" ইতি। অতো হে পরমপুরুষ ! রুষং দুষ্টনিগ্রহার্থামপ্যপহর ॥

৪৪। ব্যূহানেব মুখ্যান্ স্পষ্টীকুর্বন্তি। অভিনবোঽস্বূনাং প্রাণানাং দেবঃ প্রাণনাথোঽসীত্যর্থঃ। প্রেম্ণৈব প্রকৃষ্টং

পরংব্রহ্ম আছে, আপনিই একমাত্র পরংব্রহ্ম, হে ব্রহ্মাশিবের কণ্ঠে আদরে কীর্তিত গুণরত্নের আকরভূমি ! লক্ষ্মীকর-লালিত আপনার পদকমল মনোমুখে সুখে আস্বাদন করতে করতে সুযোগী পরমহংসগণ হংস যেমন ক্ষীরনীরের মধ্যে নীর ত্যাগ করে তেমনই পুরুষার্থ-সার্থ-মুখ্য মোক্ষকেও ত্যাগ যোগ্য করে দিচ্ছেন।

৪৩। কর্ণতটবর্তী করুন আমাদের নিবেদন হে বেদস্তুত্য ! হে সচ্চিদানন্দঘনবিগ্রহ ! হে বিগ্রহধারণমাত্র নাশিত-সর্বদানব ! নিত্যনূতনের মাঝে হে পুরাতন ! হে বাসুদেব-নারায়ণ-নৃসিংহাদি নবব্যূহপর ! হে পরমপুরুষ ! ক্রোধ শান্তি করুন।

৪৪। আপনি অভিনব প্রাণপতি বাসুদেব, অখিল তাপহারী সঙ্কর্ষণ, অখিল ব্রজবাসিদের

প্রেমপ্রদ্যুম্নঃ প্রদ্যুম্নশ্চ, ত্বমাত্মমায়য়া নিরুদ্ধোঽনিরুদ্ধোঽসি, ত্বমখিলদেবতাত্মা বতাত্মা ব্রজবাসিনাম্। প্রসীদ সীদত্যয়ং ফণিপতিঃ ॥

৪৫। অস্য রস্যতমং সুকৃতং কৃতং কিয়দ্বাস্তি, যেন তেঽসুর-সুরকিন্নর-নরর্ষি-দেবর্ষিগণবন্দ্যমান-মাত্মারামরামণীয়কহতসমাধি-সমাধিদুর্লভং চরণকমলং কমলঙ্করোতি যদিদং তদনায়সেনাসকৌ সকৌতুক-নটনাটনাহিতং প্রতিফণমেবমেব বিভর্ত্তি ॥

৪৬। ভো অতীতগুণত্রয় ! গুণত্রয়কৃতোঽয়ং প্রপঞ্চঃ স্বয়মেব ভবতা ভবতাপহারকেণ নিখিলমনঃ-শোধনসত্ত্বেন সত্ত্বেন পাল্যতে, অনুকৃতকপিকচ্ছুরজসা রজসা সৃজ্যতে, অবধীরিতনিবিড়মসা তমসা সংহ্রিয়তে, নামমাত্রমত্র মহাভুজ ! গরুড়াসন-কমলাসন-বৃষাসনানাম্ ॥

ধনং যত্র সঃ ; দ্যুম্নমর্থ রৈবিভবা অপি" ইত্যমরঃ। আত্মমায়য়া যোগমায়য়া নিরুদ্ধঃ, অন্যৈরজ্ঞেয়-তত্ত্বত্বাৎ। নন্বেবং-ভূতোঽস্মি চেন্মচ্চরণস্পর্শো ভাগ্যমেব, কিমিতি বিষীদথ ? তত্রাহুঃ,—ফণিপতিঃ সর্পমুখ্যঃ, অতিতামস-জাতিত্বাৎ তৎ-স্বভাগ্যানভিজ্ঞ ইতি ভাবঃ ॥

৪৫। তৎ পুনরস্মাভিস্ত্বনুভূয়ত এবেত্যাহুঃ,—অস্যেতি। আত্মারামাণাং রামণীয়কং রমণীয়ত্বং যতঃ, হতঃ সম্যগা-ধির্মনোব্যথা যতঃ, স চ স চ যঃ সমাধিস্তত্রাপি দুর্লভম্। যদিদং কং সুখমলমত্যর্থং করোতি ; যদ্বা, কং জলমলঙ্করোতি, কিন্তু, ন কমপীতি পুনর্দুর্লভত্বম্। সকৌতুকং যৎ নটনমটনং চ তাভ্যামাহিতমর্পিতম্ ; বদ্বা, সম্যক্ হিতম্ ॥

৪৬। নন্ কিমিত্যেবমাদ্রিয়তে, দুষ্টোঽয়ং ময়া নিগ্রহীতব্য এব ? তত্র দুষ্টতাশিষ্টতয়োস্ত্যাগোপাদানে তৎপর-তন্ত্রাণাং জীবানাং স্বতো ন সম্ভবত ইতি বক্তুং তস্য নিরতিশয়ৈশ্বর্যং বিবৃণ্বন্ত্য আহুঃ,—ভো অতীতেতি। ভবতাপ-

---

প্রেমরূপ প্রকৃষ্ট ধনের পাত্র প্রদ্যুম্ন, আপনি যোগমায়া প্রভাবে অন্যের অজ্ঞেয় তত্ত্ব, তাই অনিরুদ্ধ, আপনি অখিল দেবতার অন্তর্যামি, অহো ব্রজবাসিদের প্রাণ। প্রসন্ন হউন, এ ফণিপতির প্রাণ বেরিয়ে যাচ্ছে।

৪৫। অহো এ-কালিয়ের পূর্বকৃত পরমসরস সুকৃতি কি পরিমাণ, যাতে সে অসুর-সুর-কিন্নর-রাজর্ষি-দেবর্ষিগণের বন্দনীয়, আত্মারামগণের রমণীয়তা প্রতিপাদক, মনোব্যথা নিঃশেষে দূরকারী, সমাধিতেও দুর্লভ, সকৌতুকে নটন-ভ্রমণে অর্পিত চরণকমল অনায়াসে সচ্ছন্দে প্রতিফণোপরি ধারণ করছে।

৪৬। (এতে আর কি হল—এতো দুষ্ট, শাসনেরই যোগ্য—তা বটে, তবে দুষ্টতা শিষ্টতা ত্যাগ শ্রীভগবৎ-অধীন, জীবের স্বতঃ সম্ভব নয়। এ-কথা বলতে গিয়ে শ্রীভগবানের নিরতিশয় ঐশ্বর্যের কথা বলা হচ্ছে—)

হে অতীতগুণত্রয় ! স্বয়ং আপনিই গুণত্রয়ে রচিত এ-বিশ্ব নিখিল মনোশোধনতৎপর সত্ত্বগুণে পালন করেন, কণ্ডুরাচূর্ণসদৃশ রক্তবর্ণ রজগুণে সৃষ্টি করেন, নিবিড় তমসা তিরস্কারী কৃষ্ণবর্ণ তমোগুণে সংহার করেন। হে মহাভুজ ! গরুড়াসন বিষ্ণু - কমলাসন ব্রহ্মা - বৃষাসন শিব নামমাত্রই সৃষ্টি-স্থিতি-লয়ের কর্তা।

৪৭। কিঞ্চ, নিষ্কিঞ্চনপ্রিয় ! গুণতারতম্যেন জীবতারতম্যে ন জীবঃ স্বগুণগুণদোষৌ হাতুমর্হতি। তেনাস্য তমোজনিতয়া তমোজনিতয়া খলতয়া খলতয়া তুল্যং সৌজন্যম্, জন্যং কেন কদর্থয়তি। তবৈবেয়ং মায়া মা যাপয়িতুং শক্যতে। বিলোক্যতে বিলোদবসিতানামীদৃশ্যেব রীতিঃ ॥

৪৮। তেনায়ং নাপরাধ্যতি, রাধ্যতিরুণরসে প্রভবতি ভবতি ভবতি ক উপেক্ষ্যঃ। সমদৃশস্তব শস্তবহুলঃ সম এব সর্বঃ পন্থাঃ, কুরু কৃপামরম্, পামরং জীবমমুং জীবনেন ন মোচয়িতুমর্হসি ॥

৪৯। যং ভগবন্তং ভবন্তং ভব-কমলা-কমলাসন-প্রভৃতয়োঽপি যতয়োঽপি যতমানা হৃদাপি দাপিতাবধানা ন বেদিতুমর্হন্তি, তমসাবতি তমসাবতিষ্ঠমানগরিষ্ঠমানগরিমপুষ্টমতিঃ কথং বিদাঙ্করোতু ॥

হারকেণাপি ভবতা পালাত ইতি বিরোধঃ নিখিলানাং মনঃশোধনে মনঃ শোধয়িতুং সত্ত্বং সত্তা যস্য তেন সত্ত্বেন ; অনুকৃতং সদৃশীকৃতং কপিকচ্ছূরজঃ কণ্ডূরাচূর্ণং যেন তেন। কপিকচ্ছূরালকুষীতি, পাশ্চাত্যদেশে কৌঁচ ইতি খ্যাতা ; "কপিকচ্ছূশ্চ মর্কটী" ইত্যমরঃ ॥

৪৭। স্বস্য গুণৈঃ সত্ত্বাদিভিঃ, গুণদোষৌ শিষ্টতাদুষ্টতে। তেনাস্য কালিয়স্য তমোজানতয়া তামসজন্মত্বেন, খলতয়া খলত্বেন হেতুনা। কাদৃশ্যা তমোজনিতয়া ? তমসা ক্রোধেনোৎপাদিতয়া, খলতয়া আকাশলতয়া তুল্যং সৌজন্যম্, অসম্ভবমেবেত্যর্থঃ। জন্যং জনহিতম্। যদি দণ্ডেনাপি ন স্বভাবপরিত্যাগঃ, ততঃ কিং দণ্ডেনেত্যাহুঃ—তবৈবেতি। বিলোদবসিতানাং বিবরগৃহাণাম্ ;—"গৃহেগেহোদবসিতম্" ইত্যমরঃ ॥

৪৮। কিঞ্চ, ত্বয়ি পুনরসাবনুকম্প্য এব ভবিতুমর্হতি, ন তু দণ্ড্য ইত্যাহুঃ,—রাধী সিদ্ধ এবাতিকরুণরসো যত্র তস্মিন্। ন চান্যেষামিব কৃপায়ামসামর্থ্যমিত্যাহুঃ,—প্রভবতি প্রভবিষ্ণৌ, ভবতি ত্বয়ি। দণ্ডানুগ্রহয়োঃ প্রতিকূলত্বানুকূলত্বাভ্যাং প্রতীতয়োরপি ত্বৎকর্তৃকত্বাদ্‌যদ্যপি তুল্যত্বমেব, এতাদৃশদণ্ডস্যাপি শুভোদর্কত্বাৎ, তথাপ্যস্মিন্নতিমূঢ়ে কৃপাপক্ষ এবোচিত ইত্যাশয়েনাহুঃ—সমেতি। শস্তবহুলো মঙ্গলপ্রচুরঃ, সর্বঃ পন্থাঃ, দণ্ডশ্চ নিগ্রহশ্চ ; কৃপাং কুরু ; অরং শীঘ্রম্ ॥

৪৯। মামেব জ্ঞাপয়িতুমহমেব প্রভাবমাবিষ্কৃত্য দণ্ডয়ামীতি চেদত আহুঃ,—যমিতি। হৃদা চিত্তেন প্রয়োজককর্ত্রা।

৪৭। আরও, হে নিষ্কিঞ্চনপ্রিয়, গুণ-তারতম্যেই জীব-তারতম্য হয়ে থাকে। জীব নিজের গুণানুসারে প্রাপ্ত শিষ্টতা দুষ্টতা ছাড়তে পারে না—এ-কালিয়ের জন্ম তমোগুণ থেকে হওয়ার দরুণ তামসোদ্ভুত খলতা এতে স্বাভাবিক, সৌজন্য আকাশলতা তুল্য এতে অসম্ভব, জনহিতকর কার্যকে এ অনাদর করে, আপনার এ-মায়া নিরসনের শক্তি এর নাই—গর্তগৃহবাসিগণের এরকম রীতিই দেখা যায়।

৪৮। স্বধর্মবশে করেছে বলে এ-কর্মে এর কিছু অপরাধ ধরা যায় না—নিত্যসিদ্ধ করুণাসসাগর নিরতিশয় ঐশ্বর্যশালী আপনার কে উপেক্ষার পাত্র হতে পারে ? আপনার সকল পন্থাই মঙ্গলপ্রচুর ও সম। শীঘ্র কৃপা করুন, এ পামর জীবকে প্রাণে মারা কি আপনার সাজে।

৪৯। যে ভগবান্ আপনাকে শিব-লক্ষ্মী-ব্রহ্মা প্রভৃতি এবং যতিগণও যত্নশীল চিত্তে সাধিত অবধানের দ্বারাও জানতে পারে না সেই আপনাকে তমোগুণ-দোষের ভিতর সদা অবস্থিত অতিগর্বের গৌরবে পুষ্টবুদ্ধি এ-কালিয় কি করে জানবে।

৫০। তব হেলাকৃতনটনটনটনৎকারিবেদনাবেদনাভিভূতোঽয়ং মহাসারোঽপি রোপিতহৃন্মর্মব্রণ ইব শ্বাসমাত্রাবশিষ্টোঽশিষ্টোঽপি মহাপ্রাণো হা! প্রাণোজ্ঝিতো ন ভবতু ॥

৫১। ক্ষম্যতাময়মপরাধ, মা বৈধব্যমস্তু, পতিদানং বিধীয়তাম্' ইতি কাতরতরগদ্গদগদনপরাণামহি-মহিলানাং তদনুগ্রহগ্রহণগ্রহিলানাং কলকোমলমলরহিতহিতকাকুলপিতমাকর্ণ্য জাতানুগ্রহো ভগবান্ শিথিলীকৃতকৃতকনিগ্রহো বিগলিতরোষোদয়ো দয়োদ্ধুরমনা মনাগ্বিহস্য মধুমধুরতরমুবাচ ॥

৫২। 'মা ভৈষ্ট ভো মা ভৈষ্ট। মম বিরতোঽয়ং তোয়ং লব্ধেব মহানলো ভবতীনাং বচনেনানেনানেকোঽপি কোঽপি কোপঃ; তদয়ং পন্নগো ন গোচরো ভবিষ্যতি মৃত্যোঃ। তস্মাদয়ং মমেমনাক্রীড়ম-

---

দাপিতমবধানং যেভ্যস্তে। তং ভবন্তমসৌ কালিয়ঃ, অতিতমসা হেতুনাবতিষ্ঠমানস্য সদা তিষ্ঠতো গরিষ্ঠস্য মানস্য গর্বস্য গরিম্ণা গৌরবেণ পুষ্টা মতির্যস্য সঃ। বিদাঙ্করোতু জানাতু ॥

৫০। কারুণ্যমুৎপাদয়ন্ত্যঃ সদৈন্যং তর্জন্যা দর্শয়ন্ত্য আহুঃ,—হেলয়া কৃতেনাপি নটনেন হেতুনা যা টনটনৎকারিণী বেদনা পীড়া তস্যা বেদনেনানুভবেনাভিভূতোঽয়ং মহাসারোঽপি মহাবলোঽপি মহাপ্রাণঃ প্রাণিত্বাংশেন তু মহানেবেত্যর্থঃ ॥

৫১। অস্মৎসম্বন্ধেনাপ্যেষ রক্ষ্যতামিত্যাহুঃ—মা বৈধব্যমস্ত্বিত্যুক্ত্বাপি পতিদানং নো বিধীয়তামিতি বদন্তীনাময়মভিপ্রায়ঃ—যদ্যপি ত্বাং সদা ভজন্তীনামস্মাকং ত্বদ্বহির্মুখেনানেন পত্যা অলমেব, তথাপি বৈধব্যেঽপি স্ত্রীত্বাদস্বাতন্ত্র্যেণাস্মাকং পুনঃ কেনাপি বলিনাঽন্যেন সর্পেণাবশ্যমাক্রংস্যমানত্বাৎ, তস্যাপি ত্বদ্বহির্মুখত্বাবিশেষাৎ, প্রত্যুত ঔপপত্যজুগুপ্সাতশ্চায়মেব ত্বচ্চরণস্পর্শজনিতভাগ্যঃ পতির্বরং তিষ্ঠত্বিতি। অতএব হি দুষ্টস্য পত্যুর্ভগবৎকরিষ্যমাণশাস্তিমেবেচ্ছন্তীনাং প্রথমমনুপসর্পণম্, সম্প্রতি তু তস্য শরণাগতিলক্ষণভক্তিং জাতামনুমায়হৃষ্যন্তীনাং তত্র প্রীতিরিতি। যদুক্তম্ (ভা° ১০।১৬।৩০) "তমরণং শরণং জগাম" ইতি। শ্রীভক্তিরসামৃতসিন্ধাবপি দাসভক্তপ্রস্তাবে—(৩।২।২৩) "শরণ্যাঃ কালিয়-জরাসন্ধবদ্ধ-নৃপাদয়ঃ" ইতি। অহিমহিলানাং সর্পসুন্দরীণাং কৃতকনিগ্রহঃ কৃত্রিমদণ্ডঃ। মনাগ্ বিহস্যেতি তাসামপি তথাভক্তিনিষ্ঠানুভবাৎ ॥

৫২। অনেকোঽপি প্রচুরোঽপি কোঽপি অনির্বচনীয়ঃ কোপঃ; শ্লেষেণ—ন একঃ, ন মুখ্যঃ,—কৃতকনিগ্রহ ইতি

৫০। আপনি হেলাখেলায় যে নৃত্য করেছেন তার আঘাত জনিত পীড়ার টনটনানি বেদনায় কাতর, মহাবলবান্ হয়েও হৃদয়ে রোপিত মর্মব্রণে পীড়িত ব্যক্তির মতো শ্বাসমাত্র অবশিষ্ট এ-কালিয় অশিষ্ট হলেও একটা প্রাণী তো, মহানই বটে—হায় হায় প্রাণে যেন না মরে।

৫১। এ-অপরাধ ক্ষমা করুন, আমাদের যেন বৈধব্য উপস্থিত না হয়, আমাদিগকে পতি দান করুন' এরূপ অতিকাতর গদ্‌গদ কণ্ঠে কথনপর সর্পসুন্দরীদের কলকোমল-অমল-হিতকাকুবাক্য শ্রবণ করে শ্রীভগবানের চিত্তে অনুগ্রহের উদয় হল, তাঁর কৃত্তিম দণ্ডনিগ্রহ শিথিলীকৃত হয়ে পড়ল, রোষোদয় বিগলিত হয়ে গেল—দয়ায় উচ্ছলিত হয়ে একটু হেসে তিনি মধুর মধুর বলতে আরম্ভ করলেন।

কৃষ্ণ কর্তৃক অভয় দান ও কালিয় কর্তৃক স্তব ঃ

৫২। ভয় করো না ভো ভয় কর না। আমার এ-কোপ প্রচণ্ড হলেও কোন অনির্বচনীয়

পহায় যত এবাগতস্তত্রৈব প্রতিযাতু। যা তু মদীয়চরণচিহ্নচারুলক্ষ্মীরস্য রস্যতমোত্তমাঙ্গসঙ্গিনী, তামালোকয়তো গরুড়াদপি ন ভয়ম্' ইতি ভগবদুক্ত্যুপরমে পরমেণাঽঽশ্বাসেন নির্বৃতহৃদয়ো হৃদয়োভারভুগ্নমিব যদাসীৎ, তদতিলঘু লঘু মন্যমানোঽমানোঽয়ং ফণিপতিঃ সভয়ভক্তিশ্রদ্ধমাহ ॥

৫৩। 'ভো ভগবন্! প্রভবতো ভবতো ভুবীয়মাবির্ভূতির্ভূতিকৃতে সাধূনামসাধূনামভিভবায়। ভবায় ভব্যানাং ভব্যানাং ভক্তানাং চাঽঽচন্দ্রভাস্করং ভাস্করস্মিতমনোবিনোদায়, বিনোদায় চ পরমাশুভানামাশুভানামুদয়ায় ॥

৫৪। দয়ায়তন! তত্তচিতোঽয়ং তোয়ং তে ক্রীড়োচিতং দূষয়তো মম নিগ্রহোঽনুগ্রহশ্চানুত্তমশ্চাতঃ কোঽপরঃ? কোপরসতো নৃত্যতস্তব সকলমঙ্গলাস্পদ-পদকমল-লক্ষ্মলক্ষ্মীভর-ভরিতা মে যদমী ফণমণ্ডলাঃ, তদদ্য বলানুজানুজানীহি, ভবদাজ্ঞয়া রমারমণ রমণকমেব দ্বীপমনুযামি। যামিহ দুর্দৈবতো

পূর্বোক্তেঃ; "এক মুখ্যান্যকেবলাঃ" ইত্যমরঃ। আক্রীড়্যতেঽত্রেতি আক্রীড়ং হ্রদম্; যদ্বা, বৃন্দাবনম্। উত্তমাঙ্গসঙ্গিনী শিরোবর্তিনী। অয়সাং লোহপিণ্ডানাং ভারেণেব ভুগ্নং স্বমৃত্যুশঙ্কয়া রুগ্ণং হৃৎ মনঃ, তদতিলঘু, ভগবদাশ্বাসেন তদ্ভারাপগমাল্লঘু শীঘ্রমেব, অমানো গতগর্বঃ ॥

৫৩। ভূতিকৃতে সম্পত্ত্যৈ, ভব্যানাং মঙ্গলানাং ভবায় উৎপত্ত্যৈ। ভব্যানাং ভাবিনাম্,—(পা০ ৩।৪।৬৮) "ভব্যগেয়-" ইত্যাদিনা কর্তরি য-প্রত্যয়ঃ। ভাসা কান্ত্যা কর্মিতানাং মনসাং বিনোদায়ানন্দায় পরমাশুভানামত্যমঙ্গলানাং বিশেষেণ নোদায় দূরীকরণায়, অতএবাশু শীঘ্রং ভানাং প্রকাশানামুদয়ায়োদ্গমায় ॥

৫৪। দয়ায়তন! হে দয়ামন্দির! মকরাকৃতিনী বন্ধুরে সুন্দরে কুণ্ডলে যস্য। দিব্যাম্বরাণি চ বরমণিগণেষু মধ্যে গণনেন যথান্যে মণয়স্তথায়মপ্যেকো মণিরিত্যেবংলক্ষণেন কালিয়কর্তৃক-বিমর্শেন পিহিতমাচ্ছাদিতং স্বরূপং যস্য,

---

বটে, তোমাদের এ-মধুর কাকুবচনে ও নিভে গিয়েছে—বারিবর্ষণে মহানলের মতো। অতএব এ-সর্প আর মৃত্যুর গোচর হবে না। তাই বলছি আমার ক্রীড়াস্থান এ-বৃন্দাবন ত্যাগ করে ও চলে যাক্ যেখান থেকে এসেছিল সেই খানে। আমার চরণচিহ্নের যে চারু শোভা এর শিরসঙ্গিনী হয়ে রইল তা অতি রসদায়ক—এ শোভা দর্শনে গরুড় ধন্য হয়ে যাবে—তাঁর থেকে আর ভয় নাই।

লৌহপিণ্ডের মতো ভারে ভগ্নপ্রায় হৃদয় অতি হাল্কা বলে মনে হতে লাগল ফণিপতির—ভগবানের পরমাশ্বাসে আশ্বস্ত হওয়ার দরুণ। হতদর্প ফণিপতি সভয় ভক্তি শ্রদ্ধায় বলতে লাগলেন—

৫৩। হে ভগবন্! এ-জগতে এই যে আপনার ঐশ্বর্যময় আবির্ভাব এ হয়ে থাকে সাধুগণের প্রেমসম্পত্তি দান, ও অসাধুগণের পরাভবের জন্য। আরও, হয়ে থাকে যতদিন সূর্যচন্দ্র আছে ততদিন ভাবিভক্তগণের আপনার কান্তিতে অঙ্কুরিত মনোবিনোদ, ও পরম অশুভ অশেষ-বিশেষে দূরীভূত করে আশু মঙ্গলোদয়ের জন্য।

৫৪। হে দয়ামন্দির! আপনার ক্রীড়োচিত যমুনার এ-জল দূষিতকরণের সমুচিতই হয়েছে আমার এ-নিগ্রহ, আর অনুগ্রহ সে আর এর থেকে সর্বোত্তম কি হতে পারে? যেহেতু কোপরসভরে আপনার এ-নৃত্যে আমার ফণমণ্ডলশ্রেণী সকলমঙ্গলাস্পদ আপনার পদকমলচিহ্নের শোভাধিক্যে

দৈবতোত্তম ! তব চরণকমলয়োরনীতিমকরবং মকরবন্ধুরকুণ্ডল ! তাং ক্ষমস্ব' ইতি। দিব্যাম্বরবর-মণিগণগণনপিহিত-স্বরূপহিতস্বরূপকৌস্তুভমুক্তাহারোপহারোপনয়ন-পুরঃসরং কৃতপ্রণামঃ সপরিকরো নিশ্চক্রাম ॥

৫৫। নিষ্ক্রান্তে চ তস্মিন্ সদ্য এব পীযূষযূষবদতিমধুরসাধুরসা বভূব সা হ্রদপয়ঃপটলী, পটলীলয়া-বধীরিত-তড়িদ্বলয়ো বলয়োজ্জ্বলকরঃ স চ ব্রজরাজকুমারঃ কুলমুত্তীর্য্য তীর্য্যমাণ-ভয়কৌতুকচমৎকারা-নন্দশাবল্যসমুদ্রং সমুদ্রংহসা পিতরং মাতরং মান্যানন্যানপি ঘোষবৃদ্ধানৃদ্ধানৃতেন তেন পরমাদরেণ প্রণম্য মাতাপিতৃভ্যাং তৈরপি ব্রজপুরস্ত্রীভিঃ পরমকুতূহলিনা হলিনা চাঽহলিঙ্গিত, পরমানুরাগিণীভি-র্বধূভিঃ কন্যাভিশ্চ সানুরাগপরভাগ-পরভাগধেয়-মধুরমীক্ষ্যমাণ ঈক্ষমাণশ্চ তাঃ, তথৈব চিরমভিতো-ঽভিতোষবশম্বদাভির্ধেনুভিরপি সাস্রৈরেব নয়নপুটৈঃ পীয়মান ইব, প্রফুল্লাভির্ঘোণাভির্ঘ্রায়মাণ ইব,

---

তথাভূতশ্চাসৌ হিতস্বরূপশ্চ হিতধনরূপশ্চ যঃ কৌস্তুভঃ স চ মুক্তাহারাশ্চ তেষামুপহারাণামুপনয়নং সমীপে প্রাপণমেব পুরঃসরং যত্র, তদ্‌যথা স্যাত্তথা কৃতপ্রণামঃ। এতদুপহারীকরণং চ কালিয়স্য স্বপ্রেয়সীদ্বারৈব। যদুক্তং শ্রীগণোদ্দেশ-দীপিকায়াম্—(পরিশিষ্টে ১২৯) "কৌস্তুভাখ্যো মণির্যেন প্রবিশ্য হ্রদমৌরগম্। কালিয়প্রেয়সীবৃন্দহস্তৈরাত্মোপহারিতঃ ॥" ইতি ॥

৫৫। পটলীলয়া তদানীং লব্ধবস্ত্রদ্যুতিবিলাসেনাবধীরিতং তিরস্কৃতং বিদ্যুদ্বলয়ং তড়িন্মণ্ডলং যেন সঃ; তীর্যমাণো ন পুনস্তীর্ণঃ, বাধিতানুবৃত্তিন্যায়াৎ। ভয়াদীনাং শাবল্যরূপঃ সমুদ্রো যেন তম্, তত্র ভয়ং কালিয়দর্শনেন, কৌতুকং দেব-বাদ্যাদ্যনুভবেন, চমৎকারঃ সর্পফণোপরি নৃত্যাবকলনেন, আনন্দঃ শ্রীমুখফুল্লতানুমিত-দুঃখাভাবেন ; সমুৎ সানন্দং যথা স্যাত্তথা ; রংহসা বেগেন ঋদ্ধান্ সমৃদ্ধান্, তেন তৎকালোদিতেন ঋতেন সত্যেন নিষ্কৈতবেন। অনুরাগস্য পরভাগেন

ভরে গিয়েছে। অতএব হে বলানুজ, আজ্ঞা করুন, আপনার আজ্ঞায় হে রমারমণ রমণক দ্বীপেই চলে যাই আমি। হে দেবশ্রেষ্ঠ, দুর্দৈববশে আমি এখানে যা নীতি বহির্ভূত আচরণ করেছি আপনার চরণকমলে হে মকরবন্ধুরকুণ্ডল, তা ক্ষমা করে দিন।' এই বলে দিব্যাম্বর, 'বহু মণির মধ্যে এও যেন একটি সাধারণ মণি' এ-ভাবে গণনা করাতে কালিয়ের দ্বারা আচ্ছাদিতস্বরূপ হিতধন কৌস্তুভ, এবং মুক্তাহারাবলী উপহার কৃষ্ণচরণে নিবেদন করত প্রণাম করে সপরিকরে বেরিয়ে গেলেন কালিয় নাগ।

ব্রজবাসিগণ কর্তৃক কৃষ্ণাভ্যর্থনা :

